

প্রধান সমন্বয়ক তাপস, গ্রিন সিগন্যাল দেন শেখ হাসিনা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা : ২০০৯ সালে বিডিআর বিদ্রোহে হত্যাযজ্ঞের 'প্রধান সমন্বয়কের' ভূমিকা পালন করেছিলেন ৬-এর পৃষ্ঠায় দেখুন

এয়ার অ্যাম্বুলেন্স-ভিসা প্রস্তুত

বিদেশ নেওয়া যাচ্ছে না খালেদা জিয়াকে



বাংলা পত্রিকা ডেস্ক: বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া; তিনবারের সাবেক প্রধানমন্ত্রী, এসব পরিচয় ছাপিয়ে ৫ আগস্ট গণঅভ্যুত্থান-পরবর্তীতে তিনি হয়ে ওঠেন দেশের অন্যতম অভিভাবক। দল-মত নির্বিশেষে সব শ্রেণি-পেশার মানুষের কাছে তিনি শ্রদ্ধার পাত্র। ১০-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly **Bangla Patrika**

পথচলায় ৩০ বছর

বাংলা পত্রিকা

■ Vol. 30 ॥ Issue 10 / December 01, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ১০ ॥ সোমবার, ডিসেম্বর ০১, ২০২৫, অগ্রহায়ণ ১৬, ১৪৩২ ॥ জমাদিউস সানি ০৯, ১৪৪৭

সোয়া ২ লক্ষাধিক শরণার্থীর আবেদন স্থগিত

বাংলা পত্রিকা ডেস্ক: ট্রাম্প প্রশাসন যুক্তরাষ্ট্রে বাৎসরিক শরণার্থী প্রবেশ সংখ্যা সীমিত করে ৭ হাজার ৫০০ জনে নিয়ে আসেন। এবার দেশে থাকা ২ লাখ ৩৫ হাজারের বেশি শরণার্থীর মামলা এবং গ্রীন কার্ড আবেদন স্থগিত রেখে পুন যাচাইয়ের উদ্যোগ নিয়েছেন ট্রাম্প প্রশাসন। স্থগিত মামলা এবং গ্রীন কার্ড আবেদন পুন যাচাইয়ে যদি প্রত্যাখ্যাত হয় তাহলে তাদের শরণার্থী মর্যাদা বাতিল ও ডিপোর্টেশন ঝুঁকিতেও পড়তে হতে পারে যুক্তরাষ্ট্রে শরণার্থী হিসেবে থাকা বিভিন্ন দেশের মানুষ।

ট্রাম্প প্রশাসনের একটি অভ্যন্তরীন নথির ভিত্তিতে সিবিএস নিউজ জানায়, সাবেক প্রেসিডেন্ট বাইডেন শাসনামল ২০২১ সালের ২০ জানুয়ারি থেকে ২০২৫ সালের ২০ ফেব্রুয়ারি পর্যন্ত যুক্তরাষ্ট্রে প্রবেশ করা সকল শরণার্থীর কেস এখন পুনরায় তদন্ত ও রিইন্টারভিউয়ের মুখোমুখি, আর তাদের গ্রিন কার্ড আবেদনের প্রক্রিয়া অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে।

ইউএসসিআইএস পরিচালক জোসেফ এডলো স্বাক্ষরিত ওই নথিতে বলা হয়েছে,



বাইডেন প্রশাসন শরণার্থী যাচাইয়ে "দ্রুততা ও সংখ্যাকে অগ্রাধিকার দিয়েছে", তাই প্রত্যেকের যোগ্যতা নতুন করে যাচাই করা প্রয়োজন। শরণার্থীর গ্রিন কার্ড আবেদন প্রত্যাখ্যাত হলে কোনো প্রশাসনিক আপিলের সুযোগ থাকবে না। বরং আবেদনকারী ও তার পরিবারের সদস্যদের শরণার্থী মর্যাদাও বাতিল হতে পারে এবং তাদের ডিপোর্টেশন প্রক্রিয়ায় পাঠানো হবে।

আইন অনুযায়ী, যুক্তরাষ্ট্রে আসার এক বছর পর শরণার্থীরা স্থায়ী আবাসনের জন্য আবেদন করতে পারেন। কিন্তু নতুন নির্দেশে ওই সময়ের সব শরণার্থীর গ্রিন কার্ড আবেদন অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। এমনকি যাদের গ্রিন কার্ড অনুমোদিত তাদের ক্ষেত্রেও কেস পুনর্মূল্যায়ন শুরু হবে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২য় মেয়াদে ক্ষমতায় ফেরার পরই অভিবাসন বিরোধী কঠোর নীতির অংশ হিসেবে শরণার্থী গ্রহণ কর্মসূচি স্থগিত করে এবং চলতি অর্থবছরে ইতিহাসের সর্বনিম্ন ৭,৫০০ জনের কোটা নির্ধারণ করে। এই কোটার বেশিরভাগই বরাদ্দ রাখা হয়েছে দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ আফ্রিকানদের ১২-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে আইস'র অভিযানে বিক্ষোভকারীদের বাধা

একাধিক গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে ম্যানহাটনের চায়নাটাউনে একটি গ্যারেজের বাইরে অভিবাসী বিরোধী অভিযানে বাধা প্রদান ও সংঘর্ষের ঘটনায় বিক্ষোভকারীদের মধ্যে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করেছে এনওয়াইপিডি।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীদের মতে, ওই গ্যারেজে জড়ো হওয়া বহু ফেডারেল এজেন্টরা ১২-এর পৃষ্ঠায় দেখুন



আইসের অভিযানের বিরুদ্ধে বিক্ষোভকারীদের একাধিক গ্রেপ্তার করেছে এনওয়াইপিডি পুলিশ। ছবি: এবিসি নিউজ

ওয়াশিংটনে ন্যাশনাল গার্ডের ওপর হামলাকারী

রহমানুল্লাহ কাজ করেছিলেন সিআইএর সঙ্গে!

বাংলা পত্রিকা ডেস্ক: হাউসের কাছে দুই ন্যাশনাল এক আফগান নাগরিক আফগানিস্থানসহ ১৯ টি দেশের আবেদনকারীদের বিষয়ে ট্রাম্প প্রশাসন । এছাড়াও ন্যাশনাল গার্ড মোতায়েন সময় এমন হামলা নতুন করে অভিযুক্ত আফগান বংশোদ্ভূত 'অপারেশন অ্যালাইজ যুক্তরাষ্ট্রে আশ্রয় চেয়ে আবেদন



ন্যাশনাল গার্ড সদস্যদের ওপর হামলাকারী রহমানুল্লাহ

ওয়াশিংটন ডিসিতে হোয়াইট গার্ড সদস্যকে গুলির ঘটনায় জড়িত থাকার অভিযোগে অভিবাসী গ্রীনকার্ড ধারী ও কঠোর ব্যবস্থা নিতে যাচ্ছে দেশজুড়ে বিভিন্ন শহরে নিয়ে রাজনৈতিক বিতর্ক চলার উত্তেজনা তৈরি করেছে। রহমানুল্লাহ লাকানওয়াল ওয়েলকাম' কর্মসূচির আওতায় ১০-এর পৃষ্ঠায় দেখুন

আফগানদের অভিবাসন স্থগিত করলো যুক্তরাষ্ট্র

একজন নিহত

বাংলা পত্রিকা ডেস্ক: ওয়াশিংটনে হোয়াইট হাউসের কাছে আফগান নাগরিক কর্তৃক দুজন ন্যাশনাল গার্ড সদস্যকে গুলিতে আহত হন। আহতদের মধ্যে নারী গার্ড মারা যাওয়ার পর আফগান নাগরিকদের অভিবাসন সাময়িকভাবে বন্ধের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন সার্ভিস।

ইএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস জানিয়েছে, নিরাপত্তা ও যাচাই-বাছাই প্রটোকল পর্যালোচনার জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

একাধিক গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, বুধবার (২৬ নভেম্বর) বেলা ২টা ১৫ মিনিটের দিকে ১২-এর পৃষ্ঠায় দেখুন

মামদানির ট্রানজিশন টিমে স্থান পেলেন ১২ বাংলাদেশি-আমেরিকান



নিউইয়র্ক: নিউইয়র্ক সিটির নব নির্বাচিত মেয়র জোহরান মামদানির ট্রানজিশন টিমের ৪০০ জন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মধ্যে নিউইয়র্ক সিটির ইতিহাসে প্রথমবারের মতো এই ১২ জন বাংলাদেশি-আমেরিকান ট্রানজিশন ১০-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. 803152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE

Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

আরও ৩৯ বাংলাদেশিকে ফেরত পাঠালো যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতি'র অভিযানে যুক্তরাষ্ট্র থেকে আরও ৩৯ জন বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছে। স্থানীয় সময় শুক্রবার (২৮ নভেম্বর) ভোর সাড়ে ৫টায় যুক্তরাষ্ট্রের একটি বিশেষ সামরিক ফ্লাইটে এই ৩৯ বাংলাদেশি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান।

পরে বিমানবন্দর কর্তৃপক্ষের মাধ্যমে দেশে ফেরত কর্মীদের ব্র্যাকের পক্ষ থেকে পরিবহন সহায়তাসহ জরুরি সহায়তা প্রদান করা হয়। এই নিয়ে ২০২৪ সালের শুরু থেকে চলতি বছরের ১০-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs - Inquiries - Collections
- Garnishment - Bankruptcy - Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



ক্যালিফোর্নিয়ায় জন্মদিনের পার্টিতে বন্দুক হামলা, নিহত ৪

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার উত্তরাঞ্চলে গতকাল শনিবার রাতে এক জন্মদিনের পার্টিতে ১৪ জনকে গুলি করা হয়েছে। তাদের মধ্যে কমপক্ষে চারজনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে দ্য গার্ডিয়ান।

সান হোয়াকিন কাউন্টি শেরিফ কার্যালয়ের মুখপাত্র হিদার ব্রেন্ট বলেন, একটি ব্যাংকোয়েট হলে অনুষ্ঠানটি চলছিল। আহত ব্যক্তিদের মধ্যে প্রাপ্তবয়স্ক ব্যক্তির পাশাপাশি কিশোরও রয়েছে। সবাইকে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়েছে।

পুলিশের পক্ষ থেকে জানানো হয়, গতকাল স্থানীয় সময় সন্ধ্যা ৬টার একটু আগে তারা গুলির খবর পায়। ঘটনাটি ক্যালিফোর্নিয়ার স্টকটন শহরের লুসিল অ্যাভিনিউয়ের ১৯০০ ব্লকের কাছে ঘটে। এটি সান ফ্রান্সিসকো থেকে প্রায় ৫০ মাইল পূর্বে।

স্টকটনের ভাইস মেয়র জেসন লি ফেসবুকে বলেন, 'ঘটনাটি এক শিশুর জন্মদিনের পার্টিতে ঘটেছে। আমি কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করছি, কীভাবে এটি ঘটল তা জানার জন্য। আমি অবশ্যই এর ব্যাখ্যা চাইব।'

প্রবাসী ভোট নিবন্ধন ১ লাখ ছাড়াল



বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে ভোট দিতে বিভিন্ন দেশ থেকে 'পোস্টাল ভোট বিডি' অ্যাপে নিবন্ধন এক লাখ ছাড়িয়েছে। এতে আজ সোমবার সকাল সাড়ে ৯টা পর্যন্ত নিবন্ধন করেছেন ১ লাখ ১৪ হাজার ১২ জন প্রবাসী।

আজ সকালে ইসির ওয়েবসাইট (https://portal.ocv.gov.bd/report/by-country) থেকে বিষয়টি জানা গেছে।

এবারই প্রথমবারের মতো আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট নেওয়ার উদ্যোগ নিয়েছে ইসি।

এক্ষেত্রে প্রবাসী, আইনি হেফাজতে থাকা ব্যক্তি, ভোটের দায়িত্বে নিয়োজিতরা এ ব্যবস্থায় ভোট দিতে পারবেন। এজন্য অ্যাপে নিবন্ধন করতে হবে। গত ১৯ নভেম্বর থেকে নিবন্ধন শুরু হয়েছে, যা চলবে ২৩ ডিসেম্বর পর্যন্ত।

ইসি জানিয়েছে, অ্যাপে নিবন্ধনকারীদের ঠিকানায় পোস্টাল ব্যালট ডাকযোগে পাঠিয়ে দেওয়া হবে। ভোটার ভোট দিয়ে ফিরতি খামে তা আবার রিটার্নিং কর্মকর্তার কাছে পাঠাবেন।

যেসব দেশে নিবন্ধন চলছে- দক্ষিণ কোরিয়া, জাপান, দক্ষিণ আফ্রিকা, চীন, মিশর, মোজাম্বিক, লিবিয়া, মরিশাস, হংকং, ব্রাজিল, উগান্ডা, ডেমোক্র্যাটিক রিপাবলিক অব কঙ্গো, ইথিওপিয়া, নাইজেরিয়া, লাইবেরিয়া, বতসোয়ানা, কেনিয়া, রুয়ান্ডা, আলজেরিয়া, অ্যাঙ্গোলা, তানজানিয়া, সোমালিয়া, ঘানা, গিনি, মরক্কো, দক্ষিণ সুদান, চিলি, সিয়েরা লিওন, ইকুয়েডর, তাইওয়ান, আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, গাম্বিয়া, পেরু, জিম্বাবুয়ে, যুক্তরাষ্ট্র, সৌদি আরব ইত্যাদি।

ইসি কর্মকর্তারা আরও বলছেন, বিগত পোস্টাল ব্যালট অকার্যকর ছিলো। এজন্য আইটি সাপোর্টেড পোস্টালে ভোট নেওয়ার সিদ্ধান্ত নিয়ে তা বাস্তবায়নও করেছে কমিশন। প্রবাস থেকে ভালো সাড়া পাচ্ছি। এখন আইনি হেফাজতে থাকা ব্যক্তি, ভোটের দায়িত্বে নিয়োজিতদের নিবন্ধন সময় আসলে বোঝা যাবে তারা কতটা আগ্রহী।

আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণের প্রস্তুতি নিচ্ছে ইসি। প্রাথমিকভাবে ৫০ লাখ প্রবাসীর ভোট টানার টার্গেট রয়েছে।



নিউইয়র্কে জাহাঙ্গীরনগর এলামনাই এসোসিয়েশনের অভিষেক ও হিম উৎসব

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে সম্পন্ন হলো জাহাঙ্গীরনগর এলামনাই এসোসিয়েশন অব আমেরিকার ২০২৬-২০২৭ বর্ষের নবনির্বাচিত কমিটির অভিষেক এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী হিম উৎসব। গত ২২ নভেম্বর (শনিবার) নিউইয়র্কের একটি পার্টি হলে প্রবাসী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীরা মিলিত হয়ে অতীতের স্মৃতিচারণ আর সাংস্কৃতিক আনন্দে মুখরিত করেন পুরো অনুষ্ঠানস্থল।

নবগঠিত কার্যনির্বাহী কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন পরিসংখ্যান বিভাগের মেঘনা পাল এবং সাধারণ সম্পাদক হয়েছেন দর্শন বিভাগের প্রশান্ত মল্লিক অয়ন। সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন মোহাম্মদ রহমান পলিন, মোহাম্মদ নাসিরুল্লাহ, লিটু আনাম, দুররে মাকনুন নবনী ও তামান্না শবনম পাপড়ি। যুগ্ম সাধারণ সম্পাদক হয়েছেন আফ্রোদিতি পান্না, আশিষ ঘোষ ও রনি ভৌমিক। সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন সুব্রত পাল এবং প্রচার সম্পাদক তানজিল মাহমুদ। তথ্য ও যোগাযোগ বিষয়ক সম্পাদক হয়েছেন রাবেয়া ভূঁইয়া। কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন জোবায়ের হোসনি ফাহাদ এবং এসোসিয়েট কোষাধ্যক্ষ রাজেশ রয়। সাংস্কৃতিক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন শারমিন আক্তার রেবেকা এবং সহ সাংস্কৃতিক সম্পাদক মিফাত নায়ার। প্ল্যানিং অ্যান্ড ইভেন্ট কো-অর্ডিনেটর হয়েছেন রিজিয়া ফারহানা খান ও নাসির উদ্দিন ভূঁইয়া। এছাড়া ক্রীড়া সম্পাদক শাহরিয়ার কবির, সহযোগী ক্রীড়া সম্পাদক ইব্রাহীম রাকিব বাবু, সাহিত্য সম্পাদক রুহুল আমিন এবং সহযোগী সাহিত্য সম্পাদক ফাইমা রহমান জুঁই নির্বাচিত হয়েছেন। কার্যকরী সদস্য হিসেবে দায়িত্ব পেয়েছেন মারীস্টেলা আহমেদ শ্যামলী, শমিত মণ্ডল, শামীম আরা বেগম, বদিউজ্জামান রনি, নাফিজা নওয়াজ সিমকি, মোস্তফা শারমিন, রাফিয়া খান লুসি, জেরিন রাফিয়া শশী, জান্নাত আরা সনি ও সৌরভ কাপালি।

উপদেষ্টা পরিষদে মনোনীত হয়েছেন একরামুল করিম, মোহাম্মদ মনিরুজ্জামান, আশুতোষ সাহা, আকতার আহমেদ রাশা, খালেদ মনির জোসেফ, মিল্টন জাকি, সুজিত পাল ও হাবিব রহমান।

হিম উৎসব উপলক্ষে সাজানো হয় বর্ণিল আয়োজন। শীতের আগমনী বার্তা নিয়ে শুরু হয় সম্মিলিত সঙ্গীত পরিবেশনা। বিভিন্ন ধরনের শীতের পিঠা-পায়েশে ভরে ওঠে উৎসবস্থল। ভাস্কর শিল্পী আকতার আহমেদ রাশার নেতৃত্বে প্রজন্মদের নিয়ে আলপনা কর্মশালা অনুষ্ঠিত হয়। ছিল টেপা পুতুল বানানো, সুই-সুতা দিয়ে কারুশিল্প তৈরির আয়োজন এবং শিশু-কিশোরদের আর্ট প্রদর্শনী। প্রজন্ম জাহাঙ্গীরনগরের পরিবেশনায় শীতের আগমনী সঙ্গীত ও মোহাম্মদ নাসিরুল্লাহর গ্রন্থনায় তৈমুর শাহরিয়ারের পুঁথি পাঠ দর্শকদের মুগ্ধ করে। পুরো অনুষ্ঠানটি মিনা-রাজু-মিঠুর জনপ্রিয় কার্টুন চরিত্রের কাহিনির মাধ্যমে এগিয়ে চলে, যা বড়-ছোট সবার মনে শৈশবের স্মৃতি ফিরিয়ে আনে।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন ভাস্কর আকতার আহমেদ রাশা, মনিরুজ্জামান মনির, আশুতোষ সাহা, ফারজানা সাথীসহ অনেকে। বিদায়ী সভাপতি শামীম আরা বেগম এবং সাধারণ সম্পাদক তামান্না শবনম পাপড়ি গত দুই বছরের সফলতা এবং সার্বিক সহযোগিতার জন্য জাবিয়ানদের ধন্যবাদ জানান। পরে উপদেষ্টা আশুতোষ সাহা নবনির্বাচিত কমিটিকে শপথ পাঠ করান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি শাহ আলম ও সাধারণ সম্পাদক রুহুল আমিন, রাজশাহী বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি ফতেহ নুর আলম এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি সাবিনা নিহার ও সাধারণ সম্পাদক মীর কাদের রাসেল। তারা নবনির্বাচিত কমিটিকে অভিনন্দন জানান এবং প্রবাসে বাংলা ভাষা-সংস্কৃতি বিকাশে যৌথভাবে কাজ করার প্রত্যাশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিদায়ী সাধারণ সম্পাদক তামান্না শবনম পাপড়ি। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আফ্রোদিতি পান্না ও দুররে মাকনুন নবনী। প্রবাসে জাবিয়ানদের এই মিলনমেলা প্রমাণ করে, হাজার মাইল দূরে থাকলেও জাহাঙ্গীরনগরের মায়া, স্মৃতি ও সংস্কৃতি তাদের হৃদয়ে অটুট।

দুকুল হারানোর ভয়ে অনেক নেতা দেশে আসার সাহস পাচ্ছেন না: এ টি এম আজহার

যশোর অফিস : বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে ইঙ্গিত করে জামায়াতে ইসলামীর নায়েবে আমির এ টি এম আজহারুল ইসলাম বলেন, ইংল্যান্ডের নাগরিকত্ব ছেড়ে এসে যদি প্রধানমন্ত্রী না হতে পারেন, দুই কুলই হারাবেন। তাই অনেক নেতা বিদেশ থেকে দেশে আসার সাহস পাচ্ছেন না।

আজ রোববার বিকেলে যশোরের চৌগাছা শাহাদাৎ পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে যশোর-২ আসনে জামায়াত মনোনীত প্রার্থী মোসলেহ উদ্দিন ফরিদের নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এ টি এম আজহারুল এ কথা বলেন।

জামায়াতের এই নায়েবে আমির আরও বলেন, যাঁরা ১৮ কোটি মানুষকে দেশে ফেলে রেখে বিদেশে অবস্থান করেন, তাঁরা দেশপ্রেমিক হতে পারেন না। অথচ জামায়াতে ইসলামীর নেতারা বিদেশ থেকে এসে ফাঁসির মঞ্চে চড়েছেন। তাঁরা দেশ ছেড়ে পালিয়ে যাননি।

মোসলেহ উদ্দিনের পক্ষে ভোট চেয়ে এ টি এম আজহারুল ইসলাম বলেন, 'আমাদের প্রার্থী মোসলেহ উদ্দিন ফরিদ ৩০ বছরের ইংল্যান্ডের নাগরিকত্ব ছেড়ে দেশে এসে মানুষকে সেবা করছেন। আপনারা তাঁকে বিজয়ী করুন।'

জামায়াত দেশ পরিচালনার সুযোগ পেলে সবার আগে দেশকে দুর্নীতিমুক্ত করা হবে বলে প্রতিশ্রুতি দেন এ টি এম আজহারুল ইসলাম। তিনি বলেন, এ দেশটা গরিব দেশ নয়, সম্পদশালী দেশ। কিন্তু দেশে চরিত্রবান নেতাদের অভাব। সে কারণে দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করা হয়েছে। তিনি বলেন, 'আমাদের দুই মন্ত্রী তিনটি মন্ত্রণালয় চালিয়েছেন, সেখানে সবাই খুঁজে কোনো দুর্নীতির প্রমাণ করতে পারেনি।'

চৌগাছা উপজেলার জামায়াতের আমির গোলাম মোর্শেদের সভাপতিত্বে জনসভায় বিশেষ অতিথির বক্তব্য দেন জামায়াতের যশোর-কুষ্টিয়া অঞ্চলের পরিচালক মোবারক হোসেন এবং জামায়াত ইসলামী ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি শফিকুল ইসলাম (মাসুদ)। আরও বক্তব্য দেন যশোর জেলা জামায়াতের আমির গোলাম রসুল, যশোর-২ আসনের জামায়াত ইসলামীর প্রার্থী মোসলেহ উদ্দিন ফরিদ প্রমুখ।



জামায়াতে ইসলামীর নির্বাচনী জনসভায় বক্তব্য রাখছেন দলের নায়েবে আমির এ টি এম আজহারুল ইসলাম। রোববার বিকেলে যশোরের চৌগাছার শাহাদাৎ পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে

টিউলিপের ২, রেহানার ৭ ও হাসিনার ৫ বছর কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা* : পূর্বাচল নতুন শহর প্রকল্পে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) প্লট বরাদ্দে দুর্নীতির মামলায় ব্রিটিশ এমপি টিউলিপ সিদ্দিকের ২ বছর, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৫ বছর, তাঁর বোন শেখ রেহানার ৭ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত।

কারাদণ্ডের পাশাপাশি টিউলিপ সিদ্দিককে এক লাখ টাকা জরিমানা, অনাদায়ে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড ও শেখ রেহানাকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। এই মামলার অন্য ১৪ আসামিকে ৫ বছর করে কারাদণ্ড দেওয়া হয়েছে।

পূর্বাচল নতুন শহর প্রকল্পে শেখ রেহানাকে প্লট বরাদ্দে দুর্নীতির মামলায় আজ সোমবার বেলা ১১টায় ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক মো. রবিউল আলম রায় ঘোষণা করেন।

শেখ হাসিনা, শেখ রেহানা, টিউলিপ সিদ্দিকসহ ১৭ জনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (দুদক) মামলাটি করেছিল গত ১৩ জানুয়ারি। মামলার রায় ঘোষণার সময় ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি ও স্কাই নিউজের সাংবাদিকেরা আদালত চত্বরে ছিলেন। যুক্তরাজ্যের সাংবাদিক ডেভিড বার্গম্যানও ছিলেন সেখানে।

দুদকের অভিযোগ, টিউলিপ সিদ্দিক যুক্তরাজ্যের ক্ষমতাসীন দল লেবার পার্টির এমপির ক্ষমতা ব্যবহার করে মা শেখ রেহানা, বোন আজমিনা সিদ্দিক ও ভাই রাদওয়ান মুজিবের নামে পূর্বাচল নতুন শহর প্রকল্পে প্লট বরাদ্দ নেন। তিনজনই পূর্বাচলে ১০ কাঠা করে প্লট বরাদ্দ পেয়েছেন।



তবে এ মামলায় শুধু রেহানার প্লট পাওয়ার বিষয়টি উল্লেখ করা হয়েছে। যে কারণে এ মামলায় আজমিনা ও রাদওয়ানকে আসামি করেনি দুদক। দুজনকে অন্য দুটি মামলায় আসামি করেছে সংস্থাটি।

হাসিনা, রেহানা ও টিউলিপ ছাড়া এই মামলার অন্য ১৪ আসামি হলেন জাতীয় গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা মো. সাইফুল ইসলাম সরকার, একই মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব পূরবী গোলদার, অতিরিক্ত সচিব অলিউল্লাহ, সচিব কাজী ওয়াছি উদ্দিন, রাজউকের সাবেক চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী (পিএ) মো. আনিছুর রহমান মিঞা, রাজউকের সাবেক চার সদস্য–মোহাম্মদ খুরশীদ আলম, তন্ময় দাস, মোহাম্মদ নাসির উদ্দীন ও মেজর (অব.) সামসুদ্দীন আহমদ চৌধুরী; রাজউকের সাবেক পরিচালক মো. নুরুল ইসলাম, সহকারী পরিচালক মাজহারুল ইসলাম, উপপরিচালক নায়েব আলী শরীফ, সাবেক প্রধানমন্ত্রীর একান্ত সচিব মোহাম্মদ সালাহ উদ্দিন এবং সাবেক গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। ১৭ আসামির মধ্যে খুরশীদ আলম কারাগারে আছেন।

গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর শেখ হাসিনাসহ তাঁর পরিবারের অন্য সদস্যদের বিরুদ্ধে দুর্নীতির নানা অভিযোগ ওঠে। একপর্যায়ে টিউলিপ সিদ্দিকের নামও আসে। দুর্নীতির একাধিক অভিযোগে বাংলাদেশে তদন্ত শুরুর পর সমালোচনার মুখে যুক্তরাজ্যের অর্থ মন্ত্রণালয়ের অর্থনীতিবিষয়ক মিনিস্টারের (ইকোনমিক সেক্রেটারি) পদ থেকে গত ১৪ জানুয়ারি পদত্যাগ করেন তিনি।



সব এয়ারলাইনসের উদ্দেশে ট্রাম্প

ভেনেজুয়েলার আকাশসীমা 'পুরোপুরিই বন্ধ' বলে বিবেচনা করুন

বাংলা পত্রিকা ডেস্ক: ভেনেজুয়েলা ও এর আশপাশের আকাশপথ 'পুরোপুরিই বন্ধ' বিবেচনা করতে সব এয়ারলাইনসসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার নিজের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে তিনি এ মন্তব্য করেন। এতে করে লাতিন আমেরিকার দেশটির বামপন্থী প্রেসিডেন্ট নিকোলা মাদুরোর সঙ্গে ট্রাম্প প্রশাসনের চলমান উত্তেজনা নতুন পর্যায়ে প্রবেশ করেছে।

ট্রাম্প পোস্টে লিখেছেন, 'সব এয়ারলাইনস, পাইলট, মাদক কারবারি এবং মানব পাচারকারীদের প্রতি আহ্বান থাকবে– অনুগ্রহ করে ভেনেজুয়েলার ওপরের এবং আশপাশের আকাশপথকে পুরোপুরিই বন্ধ বলে বিবেচনা করুন।' কিন্তু এর দ্বারা কী বুঝিয়েছেন, তা ট্রাম্প ব্যাখ্যা করেননি।

জ্বালানি তেলসমৃদ্ধ ভেনেজুয়েলার ওপর চাপ তৈরি করতে সম্প্রতি ক্যারিবীয় অঞ্চলে সেনা ও সামরিক সরঞ্জাম মোতায়েন করেছে যুক্তরাষ্ট্র। অঞ্চলটিতে মার্কিন বিমানবাহী রণতরি 'ইউএসএস জেরাল্ড আর ফোর্ড' মোতায়েন করা হয়েছে। এটি বিশ্বের বৃহত্তম বিমানবাহী রণতরি।

ওয়াশিংটনের ১৭-এর পৃষ্ঠায় দেখুন

বিশ্বজুড়ে যুদ্ধের দামামা: সমরাস্ত্র শিল্পের মুনাফা বেড়ে ৬৭৮ বিলিয়ন ডলার

বাংলা পত্রিকা ডেস্ক : বিশ্বজুড়ে বিভিন্ন অঞ্চলে বড় ধরনের যুদ্ধ ছড়িয়ে পড়ায় অস্ত্র বিক্রি ও সামরিক সেবা শিল্প খাতের শীর্ষ ১০০ কোম্পানি ২০২৪ সালে ৬৭৮ বিলিয়ন ডলার মুনাফা করেছে। স্টকহোম ইন্টারন্যাশনাল পিস রিসার্চ ইনস্টিটিউটের (এসআইপিআরআই) এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

আজ সোমবার এসআইপিআরআইয়ের প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, গাজা ও ইউক্রেন যুদ্ধ এবং বিশ্বের বিভিন্ন প্রান্তে ভূরাজনৈতিক উত্তেজনার কারণে বিশ্বজুড়ে অস্ত্র বিক্রি ও সামরিক ব্যয় বৃদ্ধি পেয়েছে। আর মূলত এ কারণেই বৈশ্বিক অস্ত্র নির্মাতা কোম্পানিগুলোর মুনাফা বেড়ে গেছে। ২০২৩ সালের তুলনায় গত বছর সামরিক অস্ত্র নির্মাতা কোম্পানিগুলোর মুনাফা ৫ দশমিক ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

এই মুনাফা বৃদ্ধির বেশির ভাগই নিয়ে গেছে মার্কিন ও ইউরোপীয় কোম্পানি। তবে এশিয়া ও ওশেনিয়া অঞ্চলের কিছু কোম্পানিও সাম্প্রতিক সময়ে ভালো মুনাফা অর্জন করেছে। তবে এই অঞ্চলের বেশির ভাগই মুনাফাই আবার নিয়েছে চীনা কোম্পানিগুলো। যুক্তরাষ্ট্রে মুনাফা অর্জনের ক্ষেত্রে লকহিড মার্টিন, নরথ্রপ গ্রুম্যান এবং জেনারেল ডায়নামিক্স শীর্ষে ছিল। শীর্ষ ১০০-এর তালিকায় থাকা মার্কিন অস্ত্র কোম্পানিগুলোর সম্মিলিত অস্ত্র রাজস্ব ২০২৪ সালে ৩ দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৩৪ বিলিয়ন ডলারে পৌঁছেছে। তালিকাভুক্ত ৩৯টি মার্কিন কোম্পানির মধ্যে ৩০টিরই রাজস্ব বৃদ্ধি পেয়েছে।

তবে এসআইপিআরআই বলছে, এফ-৩৫ যুদ্ধবিমান, কলাম্বিয়া ও ভার্জিনিয়া-ক্লাস সাবমেরিন এবং সেন্টিনেল আন্তমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের মতো গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোতে ব্যাপক বিলম্ব ও বাজেট অতিরিক্ত ব্যয় চলমান। ইলন মাস্কের স্পেসএক্স প্রথমবারের মতো বৈশ্বিক সামরিক প্রস্তুতকারকের শীর্ষ তালিকায় উঠে এসেছে। কারণ, কোম্পানিটির অস্ত্র রাজস্ব ২০২৩ সালের তুলনায় দ্বিগুণের বেশি বৃদ্ধি পেয়ে ১ দশমিক ৮ বিলিয়ন ডলারে পৌঁছেছে।



ইসরায়েলি সেনাবাহিনীর কাছে মার্কিন কোম্পানি লকহিড মার্টিনের তৈরি এফ-৩৫ যুদ্ধবিমান আছে। ছবি: এএফপি

রাশিয়াকে বাদ দিয়ে, ইউরোপে শীর্ষ ১০০ তালিকায় ২৬টি অস্ত্র কোম্পানি ছিল এবং তাদের মধ্যে ২৩টি অস্ত্র ও সামরিক সরঞ্জাম বিক্রি থেকে আয় বৃদ্ধি করেছে। তাদের সম্মিলিত অস্ত্র রাজস্ব ১৩ শতাংশ বেড়ে ১৫১ বিলিয়ন ডলারে পৌঁছেছে। ইউক্রেনের জন্য গোলাবারুদ তৈরির মাধ্যমে রাজস্ব ১৯৩ শতাংশ বাড়িয়ে ৩ দশমিক ৬ বিলিয়ন ডলারে উন্নীত করার পর চেক প্রজাতন্ত্রের কোম্পানি চেকোস্লোভাক গ্রুপ ২০২৪ সালে শীর্ষ ১০০-এর যেকোনো প্রতিষ্ঠানের মধ্যে সর্বোচ্চ শতাংশ বৃদ্ধির রেকর্ড করেছে।

পূর্বাঞ্চলে রাশিয়ার লাগাতার আক্রমণের মুখে থাকা ইউক্রেনের জেএসসি ইউক্রেনীয় ডিফেন্স ইন্ডাস্ট্রি তাদের অস্ত্র রাজস্ব ৪১ শতাংশ বাড়িয়ে তিন বিলিয়ন ডলারে উন্নীত করেছে। ইউরোপীয় অস্ত্র কোম্পানিগুলো রাশিয়ার মোকাবিলায় নতুন উৎপাদন সক্ষমতায় বিনিয়োগ করছে বলে এসআইপিআরআই তাদের রিপোর্টে জানিয়েছে। তবে সতর্ক করেছে, কাঁচামাল সংগ্রহ–বিশেষত গুরুত্বপূর্ণ খনিজের ওপর নির্ভরশীলতার ক্ষেত্রে একটি 'ক্রমবর্ধমান চ্যালেঞ্জ' হয়ে উঠতে পারে। কারণ, চীনও রপ্তানি নিয়ন্ত্রণ কঠোর করছে।

রোস্টেক এবং ইউনাইটেড শিপবিল্ডিং করপোরেশন হলো র‍্যাঙ্কিংয়ে থাকা দুই রুশ অস্ত্র কোম্পানি। তারা পশ্চিমা নিষেধাজ্ঞার মুখেও তাদের সম্মিলিত অস্ত্র রাজস্ব ২৩ শতাংশ বৃদ্ধি করে ৩১ দশমিক ২ বিলিয়ন ডলারে উন্নীত করেছে।

গত বছর এশিয়া ও ওশেনিয়ার অস্ত্র প্রস্তুতকারীরা ২০২৩ সালের তুলনায় ১ দশমিক ২ শতাংশ পতনের পরও ১৩০ বিলিয়ন ডলারের রাজস্ব অর্জন করেছে। এই আঞ্চলিক পতন মূলত তালিকাভুক্ত আটটি চীনা অস্ত্র কোম্পানির ১০ শতাংশ সম্মিলিত রাজস্ব হ্রাসের কারণে হয়েছিল। যার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিল নোরিনকোর অস্ত্র রাজস্বের ৩১ শতাংশ কমে যাওয়া। কিন্তু জাপান ও দক্ষিণ কোরিয়ার অস্ত্র প্রস্তুতকারীদের বিক্রি ইউরোপীয় ও দেশীয় উভয় বাজারের শক্তিশালী চাহিদার কারণে বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে, তাইওয়ান ও উত্তর কোরিয়া নিয়ে উত্তেজনা চলমান থাকা অবস্থায়।

তালিকায় থাকা পাঁচটি জাপানি কোম্পানি তাদের সম্মিলিত অস্ত্র রাজস্ব ৪০ শতাংশ বাড়িয়ে ১৩ দশমিক ৩ বিলিয়ন ডলারে উন্নীত করেছে, আর চারটি দক্ষিণ কোরিয়ান কোম্পানি ৩১ শতাংশ বৃদ্ধি পেয়ে রাজস্ব ১৪ দশমিক ১ বিলিয়ন ডলারে পৌঁছেছে। দক্ষিণ কোরিয়ার সর্ববৃহৎ অস্ত্র কোম্পানি হানহা গ্রুপ ২০২৪ সালে ৪২ শতাংশ রাজস্ব বৃদ্ধি পেয়েছে, যার অর্ধেকের বেশি এসেছে অস্ত্র রপ্তানি থেকে।

প্রথমবারের মতো শীর্ষ ১০০-এর তালিকায় মধ্যপ্রাচ্যভিত্তিক কোম্পানির সংখ্যা ছিল ৯টি। ২০২৪ সালে এই ৯টি কোম্পানি সম্মিলিতভাবে ৩১ বিলিয়ন ডলার রাজস্ব অর্জন করেছে, যা আঞ্চলিকভাবে ১৪ শতাংশ বৃদ্ধিকে নির্দেশ করে। সুদানের বিধ্বংসী যুদ্ধে অস্ত্র জোগানোর আন্তর্জাতিক অভিযোগের মুখোমুখি হওয়া সত্ত্বেও, প্রতিষ্ঠানটি জানিয়েছে যে আমিরাতভিত্তিক এজ গ্রুপের ২০২৩ সালের রাজস্ব তথ্যের অভাবে তাদের আঞ্চলিক হিসাব এজ-কে অন্তর্ভুক্ত করেনি। সংযুক্ত আরব আমিরাত এসব অভিযোগ অস্বীকার করে।

গাজায় চলমান গণহত্যামূলক যুদ্ধের মধ্যে তালিকাভুক্ত তিনটি ইসরায়েলি অস্ত্র কোম্পানি তাদের সম্মিলিত অস্ত্র রাজস্ব ১৬ শতাংশ বাড়িয়ে ১৬ দশমিক ২ বিলিয়ন ডলারে উন্নীত করেছে, যেখানে প্রায় ৭০ হাজার ফিলিস্তিনি নিহত হয়েছে এবং অবরুদ্ধ উপত্যকার বেশির ভাগ অংশ ধ্বংস হয়ে গেছে। এলবিট সিস্টেমস ৬ দশমিক ২৮ বিলিয়ন ডলার মুনাফা করেছে, এরপর ইসরায়েল অ্যারোস্পেস ইন্ডাস্ট্রিজ ৫ দশমিক ১৯ বিলিয়ন এবং রাফায়েল অ্যাডভান্সড ডিফেন্স সিস্টেমস ৪ দশমিক ৭ বিলিয়ন ডলার আয় করেছে।

এসআইপিআরআই জানিয়েছে, ইসরায়েলি মানববিহীন আকাশযান ও অ্যান্টি-ড্রোন প্রযুক্তি নিয়ে আন্তর্জাতিক আগ্রহ বেড়েছে। তালিকায় থাকা পাঁচটি তুর্কি কোম্পানি–যা রেকর্ড-সম্মিলিতভাবে ১০ দশমিক ১ বিলিয়ন ডলার অস্ত্র রাজস্ব অর্জন করেছে, যা ১১ শতাংশ বৃদ্ধির ইঙ্গিত দেয়। ড্রোন উৎপাদক বায়কারের ২০২৪ সালের ১ দশমিক ৯ বিলিয়ন ডলারের অস্ত্র রাজস্বের ৯৫ শতাংশই এসেছে বিদেশে রপ্তানি থেকে। যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, ভারত, তাইওয়ান, নরওয়ে, কানাডা, স্পেন, পোল্যান্ড ও ইন্দোনেশিয়ার সামরিক কোম্পানিও এই তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে।

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

তফসিল, নির্বাচন ও জনগণ

রাজনীতি কোন পথে যাত্রা করেছে, তা কি সাধারণ মানুষ বুঝতে পারছে? যে রাজনৈতিক দলগুলো রাজনীতির মাঠে সক্রিয়, তারা নির্বাচনের জন্য কতটা তৈরি হয়ে আছে, তা নিয়ে সংশয় এখনো কাটছে না। বলা হচ্ছে, ডিসেম্বরের মাঝামাঝি নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। রমজানের আগেই নির্বাচন সুসম্পন্ন হবে বলে অনেকেই আশা প্রকাশ করছেন। সবকিছু স্বাভাবিক থাকলে দেশের মানুষ ভোটকেন্দ্রে হাজির হয়ে নিজের পছন্দমতো ভোট দেবেন।

রাজনীতি নিয়ে দেশের জনগণ বেশ দ্বিধাগ্রস্ত হয়ে রয়েছে। একই দিনে সংসদ নির্বাচন এবং গণভোটের কারণে কিছুটা সমস্যা দেখা দিতে পারে। সাধারণ মানুষকে দুই রকম ভোট একই সঙ্গে দেওয়ার বিষয়টি ঠিকঠাকভাবে বোঝানো যাবে কি না, তা নিয়েও প্রশ্ন রয়েছে। বিগত সময়ে নির্বাচন নিয়ে নানা ধরনের দুঃখজনক ঘটনা ঘটেছে, তাই এবার যেন ভোটার নিজের ভোটটি ইচ্ছেমতো দিতে পারেন, সে রকম একটি পরিবেশ সৃষ্টি করে দেওয়া প্রয়োজন। গণভোটের প্রসঙ্গ নিয়েও অনেক ধরনের তর্কবিতর্ক হচ্ছে। গণভোটে চারটি প্রশ্ন থাকায় কেউ যদি তিনটির পক্ষে থাকে এবং একটির বিপক্ষে থাকে, কিংবা দুটির পক্ষে থাকে এবং দুটির বিপক্ষে থাকে, তাহলে ভোটার 'হ্যাঁ' নাকি 'না' ভোট দেবেন, তা নিয়েও অনিশ্চয়তা সৃষ্টি হতে পারে। নির্বাচন কমিশন নিশ্চয়ই এ বিষয়টির দিকে খেয়াল রাখবে।

নির্বাচনী তফসিল ঘোষণার আগেই বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে হানাহানি বেড়ে গেছে। কোনো কোনো দলের কোনো কোনো নেতা যে ভাষায় কথা বলছেন, তাকে কোনোভাবেই গণতান্ত্রিক প্রকাশভঙ্গি বলা যাবে না। এলাকায় আধিপত্য বিস্তারের নানা ধরনের চেষ্টা দেখা যাচ্ছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ অবস্থায় ঠিক কাজটি করতে পারছে কি না, তা নিয়ে রয়েছে প্রশ্ন। এলাকার রাজনৈতিক দলগুলো পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ হারিয়ে ফেললে নির্বাচনে তার প্রভাব পড়তে পারে।

দেশের সাধারণ জনগণ নিজের ইচ্ছায় নিরাপদে নিজের ভোটটি দিতে চাইছে। জনগণের মনে সত্যিকার সাহস জোগানোর কাজটি এখন খুবই জরুরি কাজে পরিণত হয়েছে। নির্বাচন উৎসবমুখর পরিবেশে করা যাবে কি না, তা নির্ভর করছে এ সময়টিতে সেভাবে নির্বাচনের জন্য প্রস্তুত হওয়া যাচ্ছে কি না, তার ওপর। প্রস্তুতিতে সমস্যা যেন না থাকে, তার দায়িত্ব নিতে হবে নির্বাচন কমিশনকে।

নির্বাচিত সরকার ক্ষমতায় এলে বিনিয়োগ, বিশেষ করে বিদেশি বিনিয়োগ নিয়ে যে অস্থিরতা রয়েছে, তা কেটে যাবে বলে মনে করে অভিজ্ঞ মহল। অনেক ব্যবসায়ী ও অর্থনীতিবিদের মতে, রাজনৈতিক অস্থিরতা, নীতি-অস্পষ্টতা এবং ব্যাংকিং বা মনিটারি সমস্যার কারণে বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস কমেছে। সেই আত্মবিশ্বাস পুনরুদ্ধার করা একান্ত জরুরি। দেশের অর্থনৈতিক স্বাস্থ্য যেন পূর্ণ নিরাময়ের গ্যারান্টি পায়, তা নিশ্চিত করা দরকার। তবে এ কথাও ঠিক, রপ্তানি, রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক পরিবর্তন ঘটেছে, যা দেশের অর্থনীতিকে কিছুটা সুসংবাদ দেয়।

সাধারণ খেটে খাওয়া মানুষ দুর্নীতি করে না। তারা দুবেলা দুমুঠো খেতে পেলেই শান্তি পায়। নির্বাচনের মাধ্যমে সে শান্তির পরিবেশ সৃষ্টি করতে পারলে রাজনৈতিক বিজয় অর্জিত হবে।



আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর আমাদের গল্পের মাঝে কিশোর দুই সন্তান উপর থেকে নিচে নেমে দ্রুত কুশল বিনিময় করে চলে গেল বাবার তাগিদে। আগে কর্তব্য পরে গল্প। চায়ের নিমন্ত্রণের উদ্দেশ্য খোলাসা করলেন। বুশ প্রশাসন বাংলাদেশসহ বিভিন্ন দেশ থেকে সাংবাদিক বিশেষ করে অর্থনৈতিক রিপোর্ট করেন এমন সাংবাদিকদের যুক্তরাষ্ট্রে সফরের সিদ্ধান্ত নিয়েছে। বুঝলাম, ২০০১ সালের ভয়াবহ টুইন টাওয়ার ঘটনা থেকে বেরিয়ে এসে কিভাবে যুক্তরাষ্ট্রে আবার স্বাভাবিক জীবন ফিরে আসছে এবং অর্থনীতিতে গতি আসছে তা বিশ্বকে অবহিত করতে চায়। বাংলাদেশ থেকে আট জন সাংবাদিক নেয়া হবে। আমাকে একটা খসড়া তালিকা করার জন্যে কার্ল ফ্রেজ অনুরোধ করলেন। তখন আমার দুই বন্ধু মার্কিন তথ্যকেন্দ্রে কর্মরত। তাঁরাও বাংলাদেশী। তাঁদের কাছ থেকে তালিকা নেয়াটা সমীচীন হবে– আমি বললাম। তিনি আমার কথা শুনলেন না। কয়েকদিন পরে আমি ঢাকার প্রধান প্রধান জাতীয় দৈনিক এবং টেলিভিশনের অর্থনৈতিক রিপোর্টারদের একটা তালিকা করে দিলাম। মার্কিন তথ্যকেন্দ্রে কর্মরত আমার ঐ দুই বন্ধুও শলা-পরামর্শ করে একটা তালিকা দিলেন। কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল, আমার তালিকাই কার্লফ্রেজের পছন্দ এবং সেভাবেই আট জনকে বাছাই করা হল। বিষয়টা আমার ভাল না লাগলেও কিছু করার ছিল না। আমাদের এই আট জনের জন্যে কয়েকদিন পরে তাঁর অফিস কক্ষে একটা ব্রিফিংয়ের ব্যবস্থা হল। মূলত ওটা ছিল আমাদের সাক্ষাৎকার যেটা আমরা কেউই বুঝতে পারিনি। এর পরের দিন মার্কিন দূতাবাস থেকে আমরা আটজনই চিঠি পেলাম। সার্জ দ্য অ্যাফেয়ার্সের চিঠি। মার্কিন যুক্তরাষ্ট্র যাওয়ার আমন্ত্রণপত্র। ২৩শে আগস্ট থেকে প্রায় মাসব্যাপী সফর। ইন্টারন্যাশনাল ভিজিটরস প্রোগ্রামের আওতায় এই সফর। চিঠিটি আমরা সযত্নে রেখে দিলাম। এর একদিন পর আমরা সকলে আমাদের পাসপোর্ট মার্কিন তথ্যকেন্দ্রের পরিচালকের হাতে সঁপে দিলাম তাঁরই পরামর্শে। তিনদিনের মাথায় ভিসা সংবলিত পাসপোর্ট হাতে এলো। তিন মাসের ভিসা।

ভিসা হাতে পাওয়ার পর প্রথমেই জনপ্রিয় *দৈনিক মানবজমিনের* প্রধান সম্পাদক মতিউর রহমান চৌধুরীকে অবহিত করলাম। সার্জ দ্য অ্যাফেয়ার্সের দেয়া আমন্ত্রণপত্র দেখালাম। তিনি সঙ্গে সঙ্গে আমার ছুটি মঞ্জুর করে নিজের এই ধরনের সফরের মধুর স্মৃতি আমার সঙ্গে ভাগ করলেন। বেশকিছু পরামর্শ দিলেন। এই ধরনের সুযোগ যেন এমনভাবে কাজে লাগাই যাতে পরবর্তীকালে তা আমার পেশাগত জীবনে প্রতিফলিত হয়। সব সময় সঙ্গে একটা নোটবই এবং ক্যামেরা রাখার পরামর্শ দিলেন। এই সফরের সময় নিশ্চয়ই পররাষ্ট্র মন্ত্রণালয়সহ গুরুত্বপূর্ণ অনেক প্রতিষ্ঠান ও অফিসে যাওয়ার সুযোগ মিলবে। সুযোগ মিলবে বিশিষ্ট ব্যক্তিদের সংস্পর্শে আসার। আমি যেন তাঁদের সঙ্গে ছবি তুলে স্মৃতিগুলোকে ক্যামেরাবন্দি করে রাখি। আমি বললাম, এই প্রথম আমি ঐ দেশে যাচ্ছি। কোন পরামর্শ আছে কিনা। তিনি বললেন, "নাইন ইলেভেনের পর আপনারাই প্রথম দেশটিতে যাচ্ছেন বাংলাদেশ থেকে রাষ্ট্রীয় অতিথি হয়ে। তাই আপনারা আপনাদের আচরণ, কথাবার্তায় এর মর্যাদা রাখবেন। আপনারা এক একজন বাংলাদেশের পতাকা। সেই কথাটি মনে রাখবেন।" আমি সম্মতিসূচক মাথা দোলালাম। বিকেলে রয়টার্স অফিসে এসে ব্যুরো চিফ আনিস আহমেদকে অবহিত করলাম। তখন পর্যন্ত রয়টার্সে আমি খণ্ডকালীন রিপোর্টার। তাই তাঁর অসম্মতি জ্ঞাপনের সুযোগ ছিল না এবং তিনি সেই মন-মানসিকতার মানুষও নন। এর একদিন পরে মার্কিন তথ্যকেন্দ্রে আমাদের ব্রিফিং। কার্ল ফ্রেজ নিজেই ব্রিফ করলেন। বারবার এটাই বললেন, আপনারা নাইন-ইলেভেনের পরে যাচ্ছেন আমাদের দেশে। মানুষ এখনও ভীত। বীভৎস ঐসব দৃশ্য ভুলে যেতে বহু বছর লেগে যাবে। তাই আপনারা আপনাদের আচরণে এমন কিছু করবেন না যাতে রেস্তরাঁয়,



অফিসে, দোকানে কিংবা রাস্তায় চলাচলের সময় লোকজন আপনাদের দিকে ভয় কিংবা সন্দেহের চোখে তাকায়। হাস্যোচ্ছলে বা খেলাচ্ছলে কিংবা অসচেতনভাবে (পধংধষষু) 'বোমা' শব্দ কোনভাবেই উচ্চারণ করবেন না। আমরা সকলেই তাঁর এসব কথার মর্মার্থ বুঝতে পারলাম। প্রায় আধা ঘন্টা ব্রিফিংয়ের পর এমিরেটসের টিকিট নিয়ে ঘরে ফিরলাম। ২৩শে আগস্ট যাত্রা। এমিরেটসের যাত্রী হতে সব সময়ই পছন্দ করি। তাই কিছুটা আনন্দ বোধ করলাম।

গুটি গুটি পায়ে যাওয়ার দিনক্ষণ এগিয়ে আসছিল। পারিবারিক জীবনে স্ত্রী-পুত্র ছাড়া একমাস কখনো বাইরে থাকিনি। তাই কিছুটা হলেও মন খারাপ হচ্ছিল সবার জন্যে।




আমরা তখন গ্রীন রোডে নিজেদের ক্রয় করা এপার্টমেন্টে থাকি আজিমপুরের সরকারি বাসা ছেড়ে। প্রতিমাসে কিস্তির টাকা শোধ করতে হয়। আর এজন্যে আমাকে নানাদিকে কাজ করতে হয়। বিষয়টি মনে রেখে আমার স্ত্রী যুক্তরাষ্ট্র সফরের সময় কিছু না কেনার জন্যে পরামর্শ দিলেন। যাতে কিছু অর্থ সাশ্রয় করে দেনার টাকাটা শোধ হয়। আমি তথাস্তু বলে সম্মত হলাম।

দিনটি ছিল শুক্রবার, ২৩শে আগস্ট ২০০২। ঢাকা থেকে আমরা আট সাংবাদিক যাত্রা শুরু করলাম। এমিরেটসের ফ্লাইট। দুবাই হয়ে যেতে হবে। ঢাকা থেকে দুবাই সাড়ে পাঁচ ঘন্টার যাত্রাপথ। দুপুর নাগাদ আমরা সেখানে পৌছালাম। পরের দিন কানেকটিং ফ্লাইট। তাই দিনের আধাবেলা এবং রাতযাপন এখানেই। বিমানের আয়োজনে একটা চমৎকার হোটেলে থাকার ব্যবস্থা হল। দুবাইয়ে তখন কমার্শিয়াল কাউন্সিলর আমাদের মোশাররফ ভাই। পুরো নাম মোশাররফ হোসেন ভুঁইয়া। তিনি ঢাকায় দীর্ঘদিন আওয়ামী লীগ প্রশাসনের অর্থমন্ত্রী এসএএমএস কিবরিয়ার প্রাইভেট সেক্রেটারি ছিলেন। তাই তখন থেকেই তাঁকে চিনতাম। বিকেল বেলা মোশাররফ ভাই নিজে এলেন আমাদের দুবাই এবং আশপাশ এলাকা দেখাবেন বলে। আমরা সবাই তাঁর সঙ্গে পরিচিত। কিছু পথ আমরা হাঁটলাম দু'চোখ ভরে চাকচিক্যের শহর দুবাই দেখার জন্যে। এস্তার স্বর্ণের দোকান। ভারী ভারী সব স্বর্ণের অলংকার। চোখে ধাঁধা লেগে যাওয়ার মত। এর আগে কখনো এত বিশাল এবং সারি সারি অলংকারের দোকান আমরা দেখিনি। এ যেন অনেকটা বাংলাদেশের পান-বিড়ির দোকান। কয়েকটি মুদি দোকানে বাংলাদেশের আকিজ বিড়ি, সিগারেট এবং লুংগি দেখতে পেয়ে অবাক হলাম। মোশাররফ ভাই আমাদের বিস্ময় ভেঙ্গে দিয়ে বললেন, 'এদেশে কয়েক লাখ বাংলাদেশী শ্রমিক আছেন। তাঁরাই এসব বিড়ি, সিগারেট আর লুংগির ক্রেতা।'

আমরা হাঁটতে হাঁটতে সমুদ্রের তীরে গেলাম। সাগরের সৌন্দর্য আমাদেরকে মুগ্ধ করল। আমরা তীর থেকে নেমে পানি ছুঁয়ে নিলাম। তবে প্রচণ্ড গরম। সন্ধ্যার পর দুবাই আরো সুন্দর। আলোর ঝলকানিতে রাতের আঁধার কোথাও মুখ লুকিয়ে আছে হয়তো। এক সময় আমরা হোটেলে ফিরে এলাম। রাতের খাবার খেয়ে যে যার কক্ষে গেলাম। কিন্তু কারো চোখেই ঘুম এলো না। পরের দিন সকাল ১০টার মধ্যে ফ্লাইট ধরতে হবে।

যথাসময়ে আমরা দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরে পৌছালাম। আগের দিন বিমানবন্দরে অভিবাসন কর্তৃপক্ষ আমাদের প্রত্যেকের পাসপোর্ট জমা নিয়ে একটি অস্থায়ী ছাড়পত্র দিয়েছিল শহর পরিভ্রমণের জন্যে। সেই ছাড়পত্র জমা দিয়ে আমরা যে যার পাসপোর্ট সংগ্রহ করলাম। সকল আনুষ্ঠানিকতা শেষ করে আমরা এক সময়ে বিমানে উঠলাম। প্রশস্ত বিমান। দ্বিতল। ঢাকা-দুবাই পথের বিমানের চেয়ে ঢের বড়। ঢাকা থেকে দুবাই আসার পথের বিমানটি ছিল সংকীর্ণকায়। এটি অনেক প্রশস্ত। ঢাকা-দুবাই বিমানে বহুসংখ্যক বাংলাদেশী শ্রমিক ছিলেন। তাঁরা সকলেই দুবাই নেমে গেছেন। ভাগ্য অন্বেষণে তাঁরা এদেশে মাসের পর মাস, বছরের পর বছর মাথার ঘাম পায়ে ফেলে বাড়িতে প্রিয়জনের জন্যে অর্থ পাঠান। ৪০ ডিগ্রি ফারেনহাইট বা তার চেয়েও বেশি তাপের মধ্যে তাঁরা কাজ করেন। তাঁদের বহুকষ্টের উপার্জিত অর্থ আমাদের দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়িয়ে দেয়। এই অর্থ সরকারের জন্যে একটা বড় উপহার। তাই আর আগের মতো বৈদেশিক মুদ্রার জন্যে সরকারকে বিশ্বব্যাংক কিংবা আন্তর্জাতিক অর্থ তহবিলসহ উন্নয়ন অংশীদারদের দ্বারস্থ হতে হয় না। যেসব উন্নয়ন প্রকল্পে বৈদেশিক মুদ্রা প্রয়োজন তার একটি বড় অংশ প্রবাসীদের এই কষ্টার্জিত অর্থ দিয়ে যোগান দেয়া হয়। অথচ ঢাকাগামী বিমানে ওঠা থেকে শুরু করে দেশের মাটিতে পা দেয়ার জন্যে যে সময়টা তাঁদের বিমানে এবং ঢাকায় বিমানবন্দরে অবস্থান করতে হয় সেই সময়ে তাঁরা কোনো সম্মান ও ভালবাসা পান না।

বাংলাদেশের খেলাপি ঋণের হার বিশ্বে এখন সর্বোচ্চ



ইউরোপের দ্বিতীয় বৃহত্তম দেশ ইউক্রেনে পুরোদস্তুর যুদ্ধ চলছে প্রায় চার বছর ধরে। ২০২২ সালের ফেব্রুয়ারিতে দেশটিতে সর্বাত্মক হামলা করে রাশিয়া। তবে যুদ্ধবিধ্বস্ত দেশটির ব্যাংক খাতের অবস্থাও এতটা নাজুক হয়নি, যতটা হয়েছে বাংলাদেশের ব্যাংক খাত...

নিজস্ব প্রতিবেদক : ইউরোপের দ্বিতীয় বৃহত্তম দেশ ইউক্রেনে পুরোদস্তুর যুদ্ধ চলছে প্রায় চার বছর ধরে। ২০২২ সালের ফেব্রুয়ারিতে দেশটিতে সর্বাত্মক হামলা করে রাশিয়া। তবে যুদ্ধবিধ্বস্ত দেশটির ব্যাংক খাতের অবস্থাও এতটা নাজুক হয়নি, যতটা হয়েছে বাংলাদেশের ব্যাংক খাত। ইউক্রেনের কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, চলতি বছরের সেপ্টেম্বরে দেশটির খেলাপি ঋণের হার ছিল ২৬ শতাংশ। অন্যদিকে বাংলাদেশের ব্যাংকগুলোর বিতরণকৃত ঋণের প্রায় ৩৬ শতাংশই খেলাপি হয়ে গেছে।

বিশ্বের বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংক ও প্রভাবশালী গবেষণা সংস্থার তথ্য পর্যালোচনা করে দেখা যায়, বাংলাদেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের যে হার, সেটি এখন গোটা বিশ্বে সর্বোচ্চ। এমনকি কোনো দেশের খেলাপি ঋণ ৩০ শতাংশের বেশি পাওয়া যায়নি। গত কয়েক বছর যুদ্ধবিধ্বস্ত, উচ্চ মূল্যস্ফীতি, অর্থনৈতিক মন্দায় থাকা দেশগুলোর খেলাপি ঋণের হারও বাংলাদেশের তুলনায় অনেক কম। আরব বসন্তের সূত্রপাত ঘটানো এবং বর্তমানে চরম রাজনৈতিক-অর্থনৈতিক বিশৃঙ্খলার মধ্যে থাকা তিউনিসিয়ার ব্যাংক খাতে খেলাপি ঋণের হার এখন ১৪ দশমিক ৭ শতাংশ। ইসরায়েলের হামলায় বিধ্বস্ত লেবাননের খেলাপি ঋণ ২৪ শতাংশের নিচে। আর ইউক্রেনের সঙ্গে প্রায় চার বছর ধরে যুদ্ধ চালিয়ে যাওয়া রাশিয়ায় খেলাপির হার মাত্র ৫ দশমিক ৫১ শতাংশ। যদিও ঐতিহাসিকভাবে অলিগার্ক প্রভাবিত রাশিয়ায় খেলাপি ঋণের হার বরাবরই উচ্চ ছিল।

বিনিময় হারে চরম অস্থিরতা, উচ্চ মূল্যস্ফীতিসহ অর্থনৈতিক নানা সংকটে থাকা এশিয়া, ইউরোপ ও দক্ষিণ আমেরিকার দেশগুলোর খেলাপি ঋণের হার এখন নিম্নমুখী। যেমন তুরস্কের ব্যাংক খাতে খেলাপি ঋণের হার চলতি বছরের সেপ্টেম্বরে ২ দশমিক ২৯ শতাংশে নেমে এসেছে। এক দশক আগে দেউলিয়া হয়ে যাওয়া ইউরোপের দেশ গ্রিসের খেলাপি ঋণের হার এখন ৩ দশমিক ৬ শতাংশ। উচ্চ মূল্যস্ফীতি ও স্থানীয় মুদ্রার রেকর্ড পতনের মুখে থাকা আর্জেন্টিনার ব্যাংকগুলোর খেলাপি ঋণের হার ১ দশমিক ৬ শতাংশে নেমেছে। যেখানে চলতি সহস্রাব্দের শুরুতেও লাতিন আমেরিকার দেশটিতে খেলাপির হার ২০ শতাংশের বেশি ছিল।

বাংলাদেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের হার এখন দক্ষিণ এশিয়ার দেশগুলোর তুলনায় বহু গুণ বেশি। এ অঞ্চলে কেবল শ্রীলংকার খেলাপি ঋণের হারই কিছুটা বেশি–১২ দশমিক ৬ শতাংশ। যদিও অর্থনৈতিক সংকটে পড়া দেশটি তিন বছর আগে নিজেকে দেউলিয়া ঘোষণা করেছিল। অর্থনীতির পাশাপাশি চরম রাজনৈতিক সংকটেও ছিল দ্বীপরাষ্ট্রটি। কিন্তু গত তিন বছরে নির্বাচনের মাধ্যমে রাজনৈতিক স্থিতিশীলতার পাশাপাশি শ্রীলংকায় অর্থনীতিও ঘুরে দাঁড়িয়েছে।

অনেক দিন ধরেই অর্থনৈতিক ও রাজনৈতিক অস্থিতিশীলতার মধ্যে ঘুরপাক খাচ্ছে পাকিস্তান। কিন্তু মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের পাশাপাশি গত দুই বছরে খেলাপি ঋণও কমাতে পেরেছে দেশটি। বর্তমানে পাকিস্তানের ব্যাংক খাতে খেলাপি ঋণের হার ৭ দশমিক ৪ শতাংশ। আর প্রতিবেশী ভারতের ক্ষেত্রে এ হার ২ দশমিক ৩ শতাংশ। নেপালের ব্যাংক খাতের খেলাপি ঋণের হার ৪ দশমিক ৪ শতাংশে সীমাবদ্ধ রয়েছে।

বাংলাদেশের সমসাময়িক অর্থনীতি ও ব্যবসায়িক প্রতিযোগী এশিয়ার দেশগুলোর ব্যাংক খাতে খেলাপি ঋণ বাংলাদেশে তুলনায় অনেক কম। সিঙ্গাপুরের খেলাপি ঋণের হার ১ দশমিক ৩ শতাংশ, মালয়েশিয়ার ১ দশমিক ৪ শতাংশ, থাইল্যান্ডের ২ দশমিক ৭ শতাংশ, ফিলিপাইনের ৩ দশমিক ৩ শতাংশ, ভিয়েতনামের খেলাপি ঋণের হার ৫ দশমিক ৪ শতাংশ ও ইন্দোনেশিয়ার ২ দশমিক ১ শতাংশ। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতির দেশ চীনের ব্যাংক খাতে এখন খেলাপি ঋণের হার মাত্র দেড় শতাংশ। আর যুক্তরাষ্ট্রের ব্যাংকগুলোর মাত্র ১ দশমিক ৭ শতাংশ ঋণ খেলাপি।

গতকাল দেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের হালনাগাদ তথ্য প্রকাশ করেছে বাংলাদেশ ব্যাংক। তাতে দেখা যায়, চলতি বছরের সেপ্টেম্বর প্রান্তিক শেষে (৩০ সেপ্টেম্বর) দেশের ব্যাংকগুলোর খেলাপি ঋণের স্থিতি ৬ লাখ ৪৪ হাজার ৫১৫ কোটি টাকায় ঠেকেছে, যা বিতরণকৃত ঋণের ৩৫ দশমিক ৭৩ শতাংশ। গত বছরের ডিসেম্বর শেষেও ব্যাংক খাতে খেলাপি হওয়া ঋণের স্থিতি ছিল ৩ লাখ ৪৫ হাজার ৭৬৫ কোটি টাকা। ওই সময় বিতরণকৃত ঋণের ২০ দশমিক ২ শতাংশ খেলাপি ছিল। সে হিসাবে মাত্র নয় মাসের ব্যবধানে ব্যাংকগুলোয় ২ লাখ ৯৮ হাজার ৭৫০ কোটি টাকার খেলাপি ঋণ বেড়েছে। গত এক বছরের ব্যবধানে ব্যাংক খাতে যে পরিমাণ খেলাপি ঋণ বেড়েছে তা নজিরবিহীন। আর খেলাপি ঋণের যে হার দাঁড়িয়েছে, সেটি গত ২৫ বছরের মধ্যে সর্বোচ্চ।

যদিও ২০০৯ সালের ৬ জানুয়ারি শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার ক্ষমতা গ্রহণের সময় দেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ ছিল মাত্র ২২ হাজার ৪৮২ কোটি টাকা। আর শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পরের মাস তথা গত বছরের সেপ্টেম্বরে খেলাপি ঋণের পরিমাণ ২ লাখ ৮৪ হাজার ৯৭৭ কোটি টাকায় ঠেকে। এ ঋণের বাইরেও প্রায় ৬৪ হাজার কোটি টাকার খেলাপি ঋণ অবলোপন করা হয়। গত দেড় দশকে আওয়ামী শাসনামলে খেলাপি কম দেখাতে বাছবিচার ছাড়াই লাখ লাখ কোটি টাকার ঋণ পুনঃতফসিল ও পুনর্গঠন করা হয়। দুই বছর আগে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) এক গবেষণায় বলা হয়েছিল, ওই সময়েই বাংলাদেশের ব্যাংকগুলোর বিতরণকৃত ঋণের এক-তৃতীয়াংশ তথা ৬ লাখ কোটি টাকার বেশি 'দুদর্শাগ্রস্ত'।

বাংলাদেশ ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের কর্মকর্তারা বলছেন, গত দেড় দশকে আওয়ামী সরকারের আমলে অনিয়ম-দুর্নীতির মাধ্যমে বিতরণকৃত ঋণ খেলাপি হওয়ার পাশাপাশি ঋণ গণনার নীতি পরিবর্তন, সুদহার বৃদ্ধি ও অর্থনৈতিক মন্দার প্রভাবে খেলাপি ঋণ এতটা বেড়েছে। ছাত্র-জনতার গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে ব্যাংক খাতের প্রকৃত চিত্র উদ্ঘাটনের চেষ্টা ছিল। এ প্রক্রিয়ার অংশ হিসেবে ব্যাংকগুলোয় বিশেষ পরিদর্শন ও নিরীক্ষা চালানো হয়। এতেই খেলাপির এ করুণ চিত্র উঠে এসেছে। এছাড়া খেলাপি ঋণের মেয়াদ গণনার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক এখন আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করছে। মেয়াদ গণনায় ছাড়ের কারণে এর আগে এক বছর কিস্তি পরিশোধ না করেও অনেকে খেলাপি হওয়া থেকে নিষ্কৃতি পেয়েছেন। কিন্তু এখন তিন মাস বা ৯০ দিন কোনো কিস্তি অনাদায়ী থাকলেই ওই ঋণ শ্রেণীকৃত হিসেবে চিহ্নিত হচ্ছে। আগামীতে পুনঃতফসিলসহ নীতিসহায়তার মাধ্যমে খেলাপি ঋণ কমিয়ে আনা হবে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

এ বিষয়ে কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক আরিফ হোসেন খান বণিক বার্তাকে বলেন, 'অতীতে ব্যাংকগুলো খেলাপি ঋণ "কার্পেটের নিচে" চাপা দিয়ে রাখত। অনিয়ম-দুর্নীতির মাধ্যমে প্রভাবশালীদের দেয়া ঋণ খেলাপি দেখানো হতো না। কিন্তু গত এক বছরে কার্পেটের নিচে চাপা দেয়া খেলাপি ঋণ বের হয়ে এসেছে। কেন্দ্রীয় ব্যাংকের চেষ্টা ছিল ব্যাংকগুলোর প্রকৃত চিত্র উদ্ঘাটন করা। এখন আমরা প্রকৃত চিত্র জানতে পেরেছি। আশা করছি, আগামীতে খেলাপি ঋণ কমতে শুরু করবে। এ লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক থেকে যথাযথ পদক্ষেপ নেয়া হচ্ছে।'

বাংলাদেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের হার প্রায় ৩৬ শতাংশ হলেও এশিয়া মহাদেশের দেশগুলোর গড় খেলাপির হার মাত্র ১ দশমিক ৬ শতাংশ। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) থেকে চলতি বছর প্রকাশিত 'ননপারফর্মিং লোনস ওয়াচ ইন এশিয়া-২০২৫' শীর্ষক এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের তথ্যের ভিত্তিতে এশিয়ার ব্যাংক খাতে খেলাপি ঋণের গড় হার ছিল ১ দশমিক ৬ শতাংশ। এর মধ্যে পূর্ব এশিয়ার দেশগুলোর খেলাপি ঋণের হার ১ দশমিক ৪ শতাংশ। আর দক্ষিণ এশিয়ার দেশগুলোর খেলাপির গড় হার ৩ দশমিক ৫ শতাংশ। অন্যদিকে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর খেলাপির হার ২ দশমিক ৬ ও মধ্য এশিয়ার দেশগুলোর খেলাপির হার ২ দশমিক ৭ শতাংশ। এডিবির এ প্রতিবেদনে আরো উল্লেখ করা হয়, গত ডিসেম্বরে বাংলাদেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের হার ছিল ২০ দশমিক ২ শতাংশ।

দেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের অস্বাভাবিক এ হার অপ্রত্যাশিত ছিল না বলে জানিয়েছেন মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের (এমটিবি) ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহবুবুর রহমান। বণিক বার্তাকে তিনি বলেন, 'খেলাপি ঋণের হার ৩৫ শতাংশ ছাড়িয়ে যাওয়ার বিষয়টি মোটেই অপ্রত্যাশিত নয়। কারণ গভর্নর স্যার ছয় মাস আগেই বলেছেন, ব্যাংক খাতে খেলাপি ঋণের হার ৩৫ শতাংশ পর্যন্ত হতে পারে। খেলাপি ঋণের যে পরিমাণ ও হার দেখা যাচ্ছে, সেটি গত দেড় দশকজুড়ে সংঘটিত অনিয়ম-দুর্নীতির ফল। এতদিন কিছু ব্যাংক খেলাপি ঋণের তথ্য ঢেকে রাখার সুযোগ পেয়েছিল। এখন ঢেকে রাখা খেলাপি ঋণের তথ্য প্রকাশ করতে বাধ্য হচ্ছে।'

তবে আগামীতে খেলাপি ঋণ অবশ্যই কমিয়ে আনতে হবে বলে মনে করেন সৈয়দ মাহবুবুর রহমান। তিনি বলেন, 'যা হওয়ার হয়েছে। এখন খেলাপি ঋণ কমিয়ে আনার বাস্তবসম্মত পদক্ষেপ নিতে হবে। কেন্দ্রীয় ব্যাংক নীতিসহায়তা দিয়ে এগিয়ে আসছে। আশা করছি, ডিসেম্বর নাগাদ খেলাপি ঋণ কমে আসবে। আর অর্থনীতিকে প্রাণবন্ত করার উদ্যোগ নিতে হবে। কারণ বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধির হার এখন ইতিহাসের সর্বনিম্নে নেমে এসেছে।'

প্রতি ত্রৈমাসিকে ব্যাংক খাতের খেলাপি ঋণের তথ্য প্রকাশ করে বাংলাদেশ ব্যাংক। সেপ্টেম্বর প্রান্তিকের আগে সর্বশেষ মার্চ প্রান্তিকের খেলাপি ঋণের তথ্য প্রকাশ করা হয়েছিল। সে সময় দেশের ব্যাংক খাতে বিতরণকৃত ঋণের স্থিতি ছিল ১৭ লাখ ৪১ হাজার ৯৯২ কোটি টাকা। এ ঋণের ৪ লাখ ২০ হাজার ৩৩৫ কোটি টাকাই ছিল খেলাপির খাতায়। আর গতকাল প্রকাশিত সেপ্টেম্বর প্রান্তিকের তথ্যে দেখা যায়, ব্যাংক খাতে বিতরণকৃত ঋণের স্থিতি ১৮ লাখ ৩ হাজার ৮৪০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে ৬ লাখ ৪৪ হাজার ৫১৫ কোটি টাকাই খেলাপির তালিকায় উঠেছে। এ হিসাবে ব্যাংকগুলোর বিতরণকৃত ঋণের ৩৫ দশমিক ৭৩ শতাংশ এখন খেলাপি।

আমানতকারীদের জমাকৃত অর্থ থেকেই ঋণ বিতরণ করে ব্যাংক। তাদের টাকা নিরাপদ রাখতে প্রতিটি ঋণের বিপরীতে নির্দিষ্ট হারে প্রভিশন বা সঞ্চিতি সংরক্ষণ করতে হয়। কোনো ঋণ খেলাপি হয়ে পড়লে ব্যাংকের পরিচালন মুনাফা থেকে সে ঋণের সমপরিমাণ টাকা সঞ্চিতি (প্রভিশন) হিসেবে তুলে রাখতে হয়। সঞ্চিতির ঘাটতি হওয়া মানে সমপরিমাণ আমানত ঝুঁকির মধ্যে রয়েছে এবং ব্যাংকের মূলধনও চাপের মুখে পড়েছে।

খেলাপি ঋণ অস্বাভাবিক হারে বেড়ে যাওয়ার প্রভাবে ব্যাংকগুলোর সঞ্চিতি ঘাটতির পরিমাণও বিপুল হারে বেড়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, চলতি বছরের সেপ্টেম্বর শেষে দেশের ব্যাংকগুলোর সঞ্চিতি সংরক্ষণের প্রয়োজন ছিল ৪ লাখ ৭৪ হাজার ৫৯৮ কোটি টাকা। বিপরীতে ব্যাংকগুলো মাত্র ১ লাখ ৩০ হাজার ৩৬৬ কোটি টাকার সঞ্চিতি সংরক্ষণ করতে পেরেছে। সে হিসেবে সেপ্টেম্বর শেষে ব্যাংকগুলোর সঞ্চিতি ঘাটতির পরিমাণ ছিল ৩ লাখ ৪৪ হাজার ২৩১ কোটি টাকা। গত মার্চেও ব্যাংক খাতে সঞ্চিতি ঘাটতি ছিল ১ লাখ ৭০ হাজার ৬৫৫ কোটি টাকা। এ হিসেবে গত ছয় মাসেই সঞ্চিতি ঘাটতির পরিমাণ ১ লাখ ৭৩ হাজার ৫৭৬ কোটি টাকা বেড়েছে। অর্থাৎ ব্যাংকগুলো এ পরিমাণ খেলাপি ঋণের বিপরীতে কোনো নিরাপত্তা সঞ্চিতি সংরক্ষণ করতে পারেনি।

কেন্দ্রীয় ব্যাংকের গত দুই যুগের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, দেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের সর্বোচ্চ হার ছিল ১৯৯৯ সালে। শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের প্রথম শাসনামলে দেশের ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ ছিল ২৩ হাজার ৮৮০ কোটি টাকা। ব্যাংক খাতে ব্যাপক অনিয়ম, দুর্বল নজরদারি এবং ঋণ বিতরণে রাজনৈতিক প্রভাবের কারণে সে সময়ে মোট বিতরণকৃত ঋণের ৪১ দশমিক ১০ শতাংশই খেলাপির তালিকায় উঠে যায়। তবে পরবর্তী সময়ে প্রতি বছরই খেলাপি ঋণের হার কমেছে। ২০০০ সালে সে হার ৩৪ দশমিক ৯০ শতাংশে নেমে আসে। এরপর ২০০১ সাল থেকে পরবর্তী নয় বছরে খেলাপি ঋণের হার ধারাবাহিকভাবে কমে আসে। ২০১০ সালে খেলাপি ঋণের হার দাঁড়ায় ৭ দশমিক ২৭ শতাংশ। ওই বছর শেষে খেলাপি ঋণের স্থিতিও ছিল মাত্র ২২ হাজার ৭০৯ কোটি টাকা। কিন্তু এর পরই ব্যাংক খাতে নজিরবিহীন লুটপাট শুরু হয়। বেসিক ব্যাংক লুণ্ঠন থেকে শুরু করে পুরো ব্যাংক খাতে সীমাহীন অনিয়ম-দুর্নীতি সংঘটিত হয়েছে। এর প্রভাবে ২০২৪ সাল শেষে ব্যাংক খাতে খেলাপি ঋণের স্থিতি ৩ লাখ ৪৫ হাজার ৭৬৪ কোটি টাকায় ঠেকে। গত বছরের ডিসেম্বরে ব্যাংক খাতে খেলাপি ঋণের হার দাঁড়ায় ২০ দশমিক ২ শতাংশে।

গভর্নর হিসেবে ড. আহসান এইচ মনসুর দায়িত্ব নেয়ার পর দেশের ব্যাংক খাত সংস্কারে নানামুখী পদক্ষেপ নেয়া হয়। ভেঙে দেয়া হয় অন্তত ১৪টি বেসরকারি ব্যাংকের পর্ষদ। একই সঙ্গে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর পর্ষদ ও ব্যবস্থাপনায়ও পরিবর্তন আনা হয়। সবচেয়ে বেশি অনিয়ম-দুর্নীতির শিকার শরিয়াহভিত্তিক পাঁচটি ব্যাংক একীভূত করে একটি ব্যাংকে রূপান্তরের কাজ এখন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামীতে আরো কয়েকটি ব্যাংক একীভূত কিংবা অবসায়নের কাজ এগিয়ে চলছে।

তবে ক্ষতের তুলনায় সরকার ও বাংলাদেশ ব্যাংকের নেয়া পদক্ষেপকে যথেষ্ট বলে মনে করছেন না অর্থনীতিবিদ ড. মোস্তফা কে মুজেরী। বাংলাদেশ ব্যাংকের সাবেক এ অর্থনীতিবিদ বর্তমানে বেসরকারি গবেষণা সংস্থা ইনস্টিটিউট ফর ইনক্লুসিভ ফাইন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্বরত। বণিক বার্তাকে তিনি বলেন, 'একটি গণ-অভ্যুত্থানের ফসল হিসেবে অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছিল। এ সরকারের প্রতি মানুষের সমর্থনও ছিল নজিরবিহীন। সরকার চাইলে আরো কঠিন ও কঠোর সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করতে পারত। কিন্তু সরকার ও বাংলাদেশ ব্যাংক সেটি করতে ব্যর্থ হয়েছে। কিছু ইচ্ছাকৃত ঋণখেলাপির দৃষ্টান্তমূলক শাস্তি হলে অন্যরা শিক্ষা নিতে পারতেন। কিন্তু আমরা এখনো সে ধরনের কোনো পদক্ষেপ দেখিনি। যেসব সংস্কার কর্মসূচি নেয়া হয়েছে, সেগুলো শেষ করাও এখন বেশ কঠিন। তবে আমরা এখনো আশাবাদী থাকতে চাই। খেলাপি ঋণ নিয়ন্ত্রণে আগামী দুই মাসে কেন্দ্রীয় ব্যাংক কিছু করে দেখাক।'

প্রধান সমন্বয়ক তাপস, গ্রিন সিগন্যাল দেন শেখ হাসিনা

প্রথম পৃষ্ঠার পর তৎকালীন সংসদ সদস্য শেখ ফজলে নূর তাপস। ওই হত্যাযজ্ঞের ঘটনায় গঠিত তদন্ত কমিশনের প্রতিবেদনে এ কথা বলা হয়েছে। এতে বলা হয়েছে, এই হত্যাকাণ্ডের পেছনে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'গ্রিন সিগন্যাল' (সবুজ সংকেত) ছিল বলে কমিশন অনুসন্ধানে পেয়েছে। প্রতিবেদনে তৎকালীন ক্ষমতাসীন দলের (বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ) কিছু অংশের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়ার কথা উল্লেখ করা হয়েছে।

তদন্ত কমিশনের এই প্রতিবেদন গতকাল রোববার অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের কাছে হস্তান্তর করা হয়। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় তাঁর কাছে প্রতিবেদনটি তুলে দেন তদন্ত কমিশনের প্রধান মেজর জেনারেল (অব.) আ ল ম ফজলুর রহমান ও কমিশনের অন্য সদস্যরা। প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে বিজ্ঞপ্তিতে এই প্রতিবেদনের মূল বিষয়গুলো তুলে ধরা হয়েছে।

তদন্ত কমিশনের সদস্য মেজর জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর কবির তালুকদার বলেন, ঘটনার বাহ্যিক ও প্রকৃত কারণ অনুসন্ধানে কমিশন বেশ কিছু তথ্য পেয়েছে। তাঁদের তদন্তে উঠে এসেছে, তৎকালীন সংসদ সদস্য শেখ ফজলে নূর তাপস (পরে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র) হত্যাযজ্ঞের প্রধান সমন্বয়কের ভূমিকা পালন করেছিলেন। স্থানীয় আওয়ামী লীগের ২০-২৫ জন মিছিল নিয়ে পিলখানায় প্রবেশ করে এবং বের হওয়ার সময় তাদের সংখ্যা বেড়ে ২০০তে দাঁড়ায়। প্রতিবেদনে ওই ঘটনায় স্থানীয় আওয়ামী লীগের কিছু নেতা-কর্মীর সম্পৃক্ততা ও সুরক্ষা দেওয়ার বিষয়টিও উল্লেখ করা হয়েছে।





শেখ হাসিনা ও ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। ফাইল ছবি

- প্রধান উপদেষ্টার কাছে তদন্ত প্রতিবেদন হস্তান্তর কমিশনের।
- আওয়ামী লীগের কিছু অংশের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়ার দাবি।
- হত্যাকাণ্ডে বহিঃশক্তির সম্পৃক্ততার শক্ত প্রমাণ কমিশন পেয়েছে।

কমিশনের প্রতিবেদনে বলা হয়েছে, ঘটনার পেছনে তৎকালীন সরকারপ্রধান শেখ হাসিনার 'গ্রিন সিগন্যাল' ছিল এবং এই ব্যর্থতার দায় তৎকালীন সরকারপ্রধান থেকে শুরু করে সেনাপ্রধান পর্যন্ত বিস্তৃত। পুলিশের পাশাপাশি র‍্যাব ও গোয়েন্দা সংস্থার ব্যর্থতার কথাও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

কমিশনের প্রধান ফজলুর রহমান বলেন, ১৬ বছর আগের এই ঘটনার বহু প্রমাণ নষ্ট হয়ে যাওয়ায় তদন্ত ছিল কঠিন। তবু তাঁরা পেশাদারত্ব বজায় রেখে সাক্ষ্য, পূর্ববর্তী তদন্ত প্রতিবেদন এবং উপাদান সংগ্রহ করেছেন। তিনি বলেন, বিডিআর হত্যাকাণ্ড নিয়ে জনমনে থাকা অনেক প্রশ্নের উত্তর অনুসন্ধান করা হয়েছে।

২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি ঢাকার পিলখানায় তৎকালীন বিডিআর সদর দপ্তরে বিদ্রোহের ঘটনায় ৫৭ সেনা কর্মকর্তাসহ ৭৪ জন নিহত হন।

গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিলে বিডিআর হত্যাকাণ্ডের ঘটনা পুনঃ তদন্তের দাবি ওঠে। এর পরিপ্রেক্ষিতে গত বছরের ২৪ ডিসেম্বর জাতীয় স্বাধীন তদন্ত কমিশন গঠন করে সরকার।

তদন্ত কমিশনের প্রতিবেদনে বলা হয়েছে, হত্যাকাণ্ডে বহিঃশক্তির সম্পৃক্ততা এবং তৎকালীন ক্ষমতাসীন দলের কিছু অংশের সংশ্লিষ্টতার শক্ত প্রমাণ কমিশন পেয়েছে। ঘটনার সময় কিছু গণমাধ্যমের অপেশাদার আচরণও প্রতিবেদনে উল্লেখ করা হয়। তদন্ত কমিশন ভবিষ্যতে সশস্ত্র বাহিনীগুলোর মধ্যে এমন ঘটনা ঠেকাতে এবং ভুক্তভোগীদের ন্যায়বিচার নিশ্চিত করতে বেশ কিছু সুপারিশ করেছে।

প্রতিবেদন গ্রহণের পর প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস কমিশনের সদস্যদের উদ্দেশ্যে বলেন, 'বিডিআর হত্যাকাণ্ডের ঘটনায় জাতি দীর্ঘদিন ধরে অন্ধকারে ছিল। সত্য উদ্ঘাটনে আপনাদের ভূমিকা জাতি স্মরণে রাখবে।'

মেজর জেনারেল (অব.) আ ল ম ফজলুর রহমানের নেতৃত্বে এই কমিশনের অন্য সদস্যদের মধ্যে ছিলেন মেজর জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর কবির তালুকদার, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মো. সাইদুর রহমান (বীর প্রতীক), মুন্সী আলাউদ্দিন আল আজাদ, এম আকবর আলী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক মো. শরীফুল ইসলাম এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মো. শাহনেওয়াজ খান চন্দন।

এ সময় জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান, প্রতিরক্ষা ও জাতীয় সংহতি উন্নয়নবিষয়ক বিশেষ সহকারী লেফটেন্যান্ট জেনারেল (অব.) আব্দুল হাফিজ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি উপস্থিত ছিলেন।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কুজভেন্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class (Operate by JH office)
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453


Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



নিউইয়র্কে ডা. অরূপ রতন চৌধুরীর সঙ্গে গ্লোবাল জালালাবাদ অ্যাসোসিয়েশনের মতবিনিময়

বাংলা পত্রিকা ডেস্ক: একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞ অধ্যাপক ডা. অরূপ রতন চৌধুরীর সঙ্গে মতবিনিময় করেছে গ্লোবাল জালালাবাদ অ্যাসোসিয়েশন। সোমবার (২৪ নভেম্বর) নিউইয়র্কের জ্যামাইকা এলাকার একটি রেস্তোরাঁয় এই মতবিনিময় ও ফুলেল শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়।

গ্লোবাল জালালাবাদ অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মইনুল হক চৌধুরী হেলালের নেতৃত্বে উপস্থিত ছিলেন এডভোকেট জয়জিৎ আচার্য্য, সাংস্কৃতিক কর্মী সুতিপা চৌধুরী, ডা. অরূপ রতন চৌধুরীর সহধর্মিণী গৌরী চৌধুরী এবং এডভোকেট ছায়াদ আহমদ।

উল্লেখযোগ্য সামাজিক আন্দোলনকারী হিসেবে বাংলাদেশের মাদকবিরোধী প্রচারণায় ডা. অরূপ রতন চৌধুরী বিশেষ ভূমিকা রাখছেন। তার রচিত কয়েকটি বইও মাদক প্রতিরোধে সচেতনতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

গ্লোবাল জালালাবাদ অ্যাসোসিয়েশনের সঙ্গে তার দীর্ঘদিনের সম্পৃক্ততার কথা তুলে ধরে জানানো হয়, ২০২৩ সালে লন্ডনে অনুষ্ঠিত সংগঠনের প্রথম আন্তর্জাতিক উৎসবে তিনি অংশ নেন। ২০২৪ সালে ফ্রান্সের প্যারিসে দ্বিতীয় আন্তর্জাতিক জালালাবাদ সম্মেলনে তাকে আজীবন সম্মাননা প্রদান করা হয়। বর্তমানে তিনি সংগঠনটির আন্তর্জাতিক এম্বাসেডর হিসেবে বিশ্বব্যাপী সিলেটি প্রবাসীদের সঙ্গে যোগাযোগের সেতুবন্ধনের কাজ করছেন।

গ্লোবাল জালালাবাদ অ্যাসোসিয়েশন নর্থ আমেরিকার পক্ষ থেকে তার দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করা হয়।



বার্ড ফ্লুর নতুন স্ট্রেইনে যুক্তরাষ্ট্রে প্রথম মৃত্যু, বাড়ছে বৈশ্বিক উদ্বেগ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো এক ব্যক্তি বিরল বার্ড ফ্লু স্ট্রেইন H5N5-এ আক্রান্ত হয়ে মারা গেছেন। এই ঘটনা বৈশ্বিক জনস্বাস্থ্যের জন্য নতুন উদ্বেগ সৃষ্টি করেছে। খবর ইন্ডিয়াডটকম।

ওয়াশিংটন স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের তথ্য অনুযায়ী, নভেম্বরের শুরুর দিকে পশ্চিম ওয়াশিংটনের গ্রেস হারবার কাউন্টির এক বাসিন্দা শ্বাসকষ্ট, উচ্চ জ্বর ও বিভ্রান্তিসহ ফ্লু-সদৃশ উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হন। পরবর্তী পরীক্ষায় তার শরীরে H5N5 অ্যাভিয়ান ইনফ্লুয়েঞ্জা ভাইরাস শনাক্ত করা হয়।

২১ নভেম্বর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ওই ব্যক্তি মারা যান। তিনি ছিলেন বয়স্ক এবং একাধিক আন্ডারলাইনিং স্বাস্থ্য জটিলতায় ভুগছিলেন। যুক্তরাষ্ট্রে মানুষের মধ্যে H5N5 সংক্রমণে এটিই প্রথম মৃত্যু।

H5N5 মূলত পাখিদের রোগ—এক ধরনের অ্যাভিয়ান ইনফ্লুয়েঞ্জা। মানুষের মধ্যে এই স্ট্রেইন আগে কখনো যুক্তরাষ্ট্রে শনাক্ত হয়নি।

মারা যাওয়া ব্যক্তির বাড়িতে একটি 'ব্যাকইয়ার্ড' পোল্ট্রি ফার্ম ছিল, যেখানে থাকা মিশ্র পাখির দল স্থানীয় বন্য পাখির সংস্পর্শে আসত। স্বাস্থ্য কর্মকর্তারা ধারণা করছেন, সংক্রমণের উৎস সম্ভবত ওই পোল্ট্রি বা সংক্রামিত কোনো পাখি। তবে এখন পর্যন্ত মানুষ-থেকে-মানুষে সংক্রমণের কোনো প্রমাণ মেলেনি।

সরকারি স্বাস্থ্য কর্তৃপক্ষ জানিয়েছে, এই ঘটনার পরও সাধারণ জনগণের ঝুঁকি কম রয়েছে।

তবে বিশেষজ্ঞরা সতর্ক করে বলেছেন, মানুষের মধ্যে আগে কখনো শনাক্ত না হওয়া কোনো ভাইরাসের সংক্রমণ ভবিষ্যতে এর রূপান্তর বা বিবর্তনের সম্ভাবনা বাড়াতে পারে।

জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা পোল্ট্রি খামার ও বন্য পাখির পর্যবেক্ষণ জোরদার করা, পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখা, গ্লাভসসহ সুরক্ষাসামগ্রী ব্যবহার এবং সংক্রমিত বা সন্দেহজনক পাখি থেকে দূরত্ব বজায় রাখার পরামর্শ দিয়েছেন।

কিশোরগঞ্জ ডিষ্ট্রিক্ট এসোসিয়েশনের থ্যাক্সগিভিং ডে উদযাপন



নিউইয়র্ক: বিপুল উৎসাহ-উদ্দীপনা আর উৎসমুখর পরিবেশে কিশোরগঞ্জ ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা থ্যাক্সগিভিং ডে উদযাপন করেছে। এ উপলক্ষ্যে গত ২৭ নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় এস্টোরিয়ার হ্যালো বাংলাদেশ রেষ্টুরেন্টে শুভেচ্ছা বক্তব্য, সঙ্গীত ও টার্কি ভোজের আয়োজন করে। বিপুল সংখ্যক প্রবাসী কিশোরগঞ্জবাসী সপরিবারে অংশ নেয়ায় অনুষ্ঠানটি মিলনমেলায় পরিণত হয়। এছাড়াও বিভিন্ন জেলার বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এসোসিয়েশনের চেয়ারম্যান মোহাম্মদ এবাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান এবিএম ওসমান গণি, ভাইস চেয়ারম্যান মফিজুর রহমান দুলাল, সদস্য মোহাম্মদ বেলাল হোসেন ও ছাইদুর খান ডিউক, উপদেষ্টা কামরুল হাসান চৌধুরী ধনু, আজিজুন নাহার মুকুল, ইকবাল হোসেন ও সৌরভ হোসেন, কো-চেয়ারম্যান জুবায়ের আহমেদ রানা, মোহাম্মদ সালাহউদ্দিন, শামীম আহমেদ নাসের, মোহাম্মদ দুলাল বিল্লাহ ও কামরুল ইসলাম রনু, এক্সিকিউটিভ ডাইরেক্টর মনিরুজ্জামান মনির, ট্রেজারার বিশ্বজিত পাল সহ অন্যান্য কর্মকর্তা ও অতিথিরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্যে সংক্ষেপে থ্যাক্সগিভিং ডে'র তাৎপর্য তুলে ধরেন এবং ঐক্যবদ্ধভাবে সংগঠনকে আরো শক্তিশালী করে প্রবাসের আদর্শ সংগঠনে পরিণত করার উপর গুরুত্বারোপ এবং সবার সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে সংগঠনের বোর্ড অব ডাইরেক্টর মোহাম্মদ মাহফজুল হক, জাকিয়া খান, বিশ্বজিৎ পাল, তাহমিনা চৌধুরী, মোহাম্মদ রফিকুল ইসলাম, মোহাম্মদ জাহিদুল ইসলাম ও মকবুল হোসেন, কার্যকরী সদস্য ফাহমিদা খানম, খাদিজা আকুঞ্জি, লুবনা শারমীন মমি, তানিয়া রফিক, ফারজানা ইসলাম, আব্দুর রাশেদ ছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা মনসুর খান, আজহার ইছহাক, মামুন আশরাফী, এম এন জিন্নাত, মনিরুল ইসলাম, ফেরদৌস ভূইয়া, আমিনুল ইসলাম, নবী হোসেন, মোহাম্মদ হক।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বের সাংস্কৃতিক অনুষ্ঠানে একক সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী রোকসানা মির্জা। শিল্পী শিশু-কিশোর-কিশোরীদের নিয়ে নেচে নেচে গান পরিবেশন করার পাশাপাশি একাধিক গানের মাধ্যমে উপস্থিত সকলকে মুগ্ধ করেন। সবশেষে ছিলো নৈশভোজ।







নিউইয়র্কে থ্যাঙ্কসগিভিং ফ্যামিলি ডিনার নাইটে বর্ণাঢ্য আয়োজন

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে বর্ণাঢ্য আয়োজন ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হলো থ্যাঙ্কসগিভিং ফ্যামিলি ডিনার নাইট। গত বুধবার উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত জমকালো এই আয়োজনে পরিবারসহ কমিউনিটির সদস্যরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও ব্যবসায়ী শাহ নেওয়াজ, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমানসহ কমিউনিটির বিশিষ্টজনেরা। অনুষ্ঠানে গান পরিবেশন করেন শিল্পী রানো নেওয়াজ ও অনিক রাজসহ স্থানীয় শিল্পীবৃন্দ।

অনুষ্ঠানে শিশু ও প্রবীণসহ সকল বয়সের মানুষ আনন্দে মাতোয়ারা হয়ে উঠেন। বিভিন্ন ধরনের সঙ্গীত ও থ্যাঙ্কসগিভিং টার্কি অনুষ্ঠানটিকে আরও আকর্ষণীয় করে তুলে।

অংশগ্রহণকারীরা জানান, এমন আয়োজন পরিবারকে নিয়ে একসাথে সময় কাটানোর দারুন সুযোগ তৈরি করে দেয়। আর তাই আগামীতেও এমন আয়োজন প্রত্যাশা কমিউনিটির সদস্যদের।



ভূমিকম্প: দেশে সক্রিয় আরেকটি ফাটলরেখার সন্ধান

মোস্তফা ইউসুফ, *ঢাকা* : বাংলাদেশে আরেকটি সক্রিয় ভূগর্ভস্থ ফাটলরেখার (ফল্টলাইন) সন্ধান পেয়েছে ভূমিকম্প নিয়ে কাজ করা আন্তর্জাতিক গবেষকদের একটি দল। এটি বাংলাদেশের জামালপুর ও ময়মনসিংহ থেকে ভারতের কলকাতা পর্যন্ত বিস্তৃত। দৈর্ঘ্য প্রায় ৪০০ কিলোমিটার।

ফাটলরেখাটির একটি অংশ ভূমিকম্পপ্রবণ, যা বাংলাদেশের ভেতরেও পড়েছে। এটি সর্বোচ্চ ৬ মাত্রার ভূমিকম্প তৈরি করতে পারে বলে তথ্য উঠে এসেছে গবেষণায়।

ভূমিকম্পবিশেষজ্ঞরা দেশে দুটি প্রধান ফাটলরেখা থাকার কথা বলে আসছিলেন। তা হলো ডাউকি ফাটলরেখা এবং ইন্দোবার্মা মেগাথ্রাস্ট (মেগাথ্রাস্ট হলো পৃথিবীর বড় প্লেটগুলো একে অপরের নিচে চাপ দেওয়ার কারণে তৈরি হওয়া বড় ভূমিকম্প-সৃষ্ট ফল্ট বা চ্যুতি)। এর বাইরে সীতাকুণ্ডের উপকূলীয় ফাটলরেখা, মধুপুর, শাহজিবাজার, জাফলং ও কুমিল্লা ফাটলরেখা রয়েছে। এর সঙ্গে নতুন খোঁজ পাওয়া ফাটলরেখাটি যোগ হলো।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের উপপরিচালক আক্তারুল আহসানের নেতৃত্বে এক গবেষণায় নতুন খোঁজ পাওয়া ফাটলরেখা চিহ্নিত হয়েছে। তাঁর সঙ্গে ছিলেন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, তুরস্ক ও বাংলাদেশের কয়েকজন গবেষক।



আক্তারুল আহসান যুক্তরাষ্ট্রের অবার্ন বিশ্ববিদ্যালয়ে ভূমিকম্প নিয়ে পিএইচডি করছেন। তাঁর পিএইচডি গবেষণার ক্ষেত্রে সহ-পরামর্শকদের একজন হলেন ভূ-পদার্থবিদ মাইকেল এস স্টেকলার, যিনি যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের লেমন্ট-ডোহার্টি আর্থ অবজারভেটরির অধ্যাপক।

আক্তারুল আহসান প্রথম আলোকে বলেছেন, ১৪ থেকে ১৯ ডিসেম্বর যুক্তরাষ্ট্রের লুইজিয়ানায় জিওফিজিক্যাল ইউনিয়নের আয়োজনে ছয় দিন ধরে আমেরিকান ভূতত্ত্ববিদদের আন্তর্জাতিক সম্মেলন হবে। সেখানে এ গবেষণার বিস্তারিত ফলাফল তুলে ধরা হবে।

আক্তারুল আহসান বলেন, তিনি ও তাঁর দল ২০২৪ সালের মার্চে 'টেকটোনিক জিওমরফলোজি' পদ্ধতিতে গবেষণা শুরু করেন। সম্প্রতি গবেষণাটি শেষ হয়। এ গবেষণায় ফাটলরেখাটি শনাক্ত হয়েছে। তিনি বলেন, ফাটলরেখাটিকে তিন ভাগে ভাগ করা হয়েছে। এটার এক ভাগে স্বল্প মাত্রা এবং দ্বিতীয় ভাগ বেশি মাত্রার ভূমিকম্পের ঝুঁকি রয়েছে। তৃতীয় ভাগে ভূমিকম্পের ঝুঁকি নেই।

অবশ্য কোন অংশে ঝুঁকি বেশি, কোথায় কম, তা বিস্তারিতভাবে এখনই প্রকাশ করতে চান না আক্তারুল আহসান। তিনি বলেন, গবেষণাটি নিয়ে একটি নিবন্ধ শিগগিরই বিশ্বখ্যাত একটি জার্নালে প্রকাশিত হবে। সেখানে বিস্তারিত ২৬-এর পৃষ্ঠায় দেখুন

ভূমিকম্পের ১৫০ উদ্ধার যন্ত্র বাক্সেই পড়ে আছে

অমিতোষ পাল : ভূমিকম্পে দুর্যোগ ঝুঁকি কমাতে আরবান রিজিলিয়েন্স প্রকল্পের আওতায় কেনা ৬০ কোটি টাকার যন্ত্রপাতি তালাবদ্ধ পড়ে আছে। বেশির ভাগ যন্ত্রপাতির মোড়কই খোলা হয়নি। ব্যবহার না করায় সেগুলোর কার্যকারিতা কমে যাচ্ছে। একই প্রকল্পের আওতায় ১২৫ কোটি টাকা খরচায় তৈরি ১০ তলা ভবনটি দীর্ঘদিন তালাবদ্ধ। সেখানে জমেছে ধুলোবালি। আশপাশে গজিয়েছে আগাছা।

জানা যায়, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার জন্য সক্ষম পরিবেশ তৈরিতে ২০১৭ সালে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) বিশ্বব্যাংকের সহায়তায় ৫৬৮ কোটি টাকা ব্যয়ে আরবান রিজিলিয়েন্স প্রকল্প হাতে নেয়। প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয় রাজউকের সাবেক প্রধান প্রকৌশলী আবদুল লতিফ হেলালীকে। কারিগরি ও প্রশাসনিক দক্ষতাসম্পন্ন ৮২ জনকে এ প্রকল্পের অধীনে পাঁচ দেশের বিশেষজ্ঞদের দিয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। চীনা প্রতিষ্ঠানকে দিয়ে রাজধানীর মহাখালীতে রাজউকের আঞ্চলিক কার্যালয়ের পাশে এক একর জায়গার ওপর নির্মাণ করা হয় ১০ তলা ভবন। ভবনটির প্রতি তলার আয়তন ১০ হাজার বর্গফুট। ২০২৩ সালে ভবনটির নির্মাণকাজ শেষ হয়।



আরবান সেফটি অ্যান্ড রিজিলিয়েন্স ইনস্টিটিউট চালুর বিষয়ে আমরা ইতিবাচক। রোববার এ বিষয়ে মন্ত্রণালয়ে চিঠি দিয়েছি

রিয়াজুল ইসলাম
চেয়ারম্যান, রাজউক

যে উদ্দেশ্যে প্রকল্প হাতে নেওয়া হয়েছিল, তা সফল হয়নি

আব্দুল লতিফ হেলালী
সাবেক প্রকল্প পরিচালক

প্রকল্পের আওতায় রাজধানীর ভবনগুলোর ভূমিকম্প প্রতিরোধ ক্ষমতা শনাক্তের জন্য কেনা হয় ২৫ ধরনের ১৫০টি অত্যাধুনিক যন্ত্রপাতি। সুইজারল্যান্ড, যুক্তরাজ্য, ফ্রান্স ও জাপান থেকে এসব যন্ত্রপাতি আমদানি করা হয়। এসবের কয়েকটি দিয়ে প্রকল্পে নিযুক্ত জনবলকে প্রশিক্ষণও দেওয়া হয়। পুরো প্রকল্পের জন্য যুক্তরাষ্ট্র, জাপান, তুরস্ক ও ইরানের পরামর্শক নিয়োগ করা হয়। কেনা হয় দুটি জিপগাড়ি, ৯টি ডাবল কেবিন পিকআপ, চারটি মাইক্রোবাস ও ১০টি মোটরসাইকেল। এ ছাড়া কেনা হয় কম্পিউটার, প্রিন্টার, এসি, চেয়ার-টেবিলসহ প্রয়োজনীয় সব সামগ্রী।

তখন বলা হয়েছিল, আরবান সেফটি অ্যান্ড রিজিলিয়েন্স ইনস্টিটিউট (ইউএসআরআই) নামে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হবে। প্রকল্পের আওতায় তৈরি ভবনটিই হবে ইউএসআরআইর প্রধান কার্যালয়। রাজউকের মাধ্যমে সরকার এই প্রতিষ্ঠানের অনুমোদন দেবে। প্রতিষ্ঠানটির কাজ হবে রাজধানী ঢাকা ও সিলেটের ভবনগুলোর ভূমিকম্প সক্ষমতার মান যাচাই করে প্রতিবেদন দেওয়া। ঝুঁকিপূর্ণ ভবন শনাক্ত করে তালিকা দেওয়া, যাতে সরকার সেগুলোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে। পাশাপাশি দেশের অন্য ভবন মালিকরাও যেন এ প্রতিষ্ঠানের মাধ্যমে তাদের ভবনের সক্ষমতা যাচাই করে নিতে পারেন।

২০২৪ সালের জুনে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর থেকে ইউএসআরআইর প্রধান ফটকে তালা ঝুলছে। আর যানবাহন, যন্ত্রপাতিগুলো ভেতরে রেখে দেওয়া হয়েছে। একদিনের জন্যও ওই ফটক খোলেনি। প্রশিক্ষণ নেওয়া ব্যক্তিরাও বেকার। আর গাড়িগুলো ব্যবহার করছেন রাজউকের কর্মকর্তা-কর্মচারীরা।

নষ্ট হচ্ছে যন্ত্রপাতি

প্রকল্পের আওতায় কেনা ১০টি স্ক্যানার মেশিনের মধ্যে মাত্র একটি খোলা হয়েছিল। বাকি ৯টি এখনও বাক্সবন্দি। স্ক্যানারের মাধ্যমে ভবনের কলামের ভেতরে থাকা রডের মান এবং কী পরিমাণ রড আছে তা শনাক্ত করা যায়। দুটি কেনেপেলিটেশন (সিপিটি) টেস্টার মেশিন কেনা হয়। এই যন্ত্র ট্রাকের ওপর বসানো থাকে। মাটির গুণাগুণ মান পরীক্ষার গবেষণাগার হিসেবে এটা ব্যবহৃত হয়। ক্যাপাটেস্ট মেশিন কেনা হয় ১০টি। এই যন্ত্রের মাধ্যমে কলামসহ যে কোনো কংক্রিটের মান যাচাই করা যায়। পাইল ইনটিগ্রিটি টেস্টার কেনা হয় দুটি। এটি দিয়ে ভবনের পাইলিংয়ের মান ও অবস্থা সম্পর্কে জানা যায়। আলট্রা পালস ভেলোসিটি মেশিন কেনা হয় ১০টি। এর মাধ্যমে রঞ্জনরশ্মি ব্যবহার করে ভবনের অন্য অবকাঠামোর মান যাচাই করা যায়। ভবনের সক্ষমতা যাচাইয়ের জন্য বিভিন্ন ধরনের যন্ত্রপাতি কেনা হয়। তবে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর থেকে সব যন্ত্রপাতিই তালাবদ্ধ।

প্রকল্প সংশ্লিষ্টরা জানান, অনেক যন্ত্রপাতির সঙ্গে ব্যাটারি ও বিভিন্ন ধরনের ডিভাইস যুক্ত আছে। এগুলো নিয়মিত চার্জ ও ব্যবহারের প্রয়োজন পড়ে। সেটা না হলে এক সময়ে যন্ত্রটাই বিকল হয়ে যায়। ২০২০ থেকে ২০২৩ সালের মধ্যে এসব যন্ত্রপাতি সংগ্রহ করা হয়। এর পর থেকে কার্যত সেগুলো পড়ে আছে। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর গত বছরের জুনে প্রকল্প পরিচালক আব্দুল লতিফ হেলালী সবকিছু রাজউককে বুঝিয়ে দিয়ে চাকরি থেকে অবসরে যান।

এ ব্যাপারে আবদুল লতিফ হেলালী সমকালকে বলেন, প্রকল্প শেষ হওয়ার পর থেকে ভবনটি তালাবদ্ধ। যন্ত্রপাতি সেখানে থেকে নষ্ট হয়ে যাচ্ছে। যে উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছিল, তা সফল হয়নি।

এ ব্যাপারে রাজউক চেয়ারম্যান প্রকৌশলী রিয়াজুল ইসলাম বলেন, আরবান সেফটি অ্যান্ড রিজিলিয়েন্স ইনস্টিটিউট চালুর বিষয়ে আমরা ইতিবাচক। রোববার (গতকাল) গণপূর্ত মন্ত্রণালয়ে এ বিষয়ে চিঠি দিয়েছি। ট্রাস্টের মাধ্যমে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে এটিকে গড়ে তোলা হবে। এরই মধ্যে বোর্ড অব ট্রাস্টিজ পুর্নগঠন করা হয়েছে। এমনকি রাজউক থেকে একটি তহবিলও তাদের দেওয়া হবে।

জাতীয় সংসদ নির্বাচন

দুই প্রকল্পে আরও ৪৩০ কোটি টাকা চেয়েছে ইসি

নিজস্ব প্রতিবেদক : চলতি অর্থবছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় দুই প্রকল্পে আরও ৪৩০ কোটি টাকা চেয়েছে নির্বাচন কমিশন (ইসি)। প্রকল্প দুটির মাধ্যমে প্রবাসীদের ভোট দেওয়ার সুযোগ তৈরি এবং নাগরিকদের জন্য পরিচয়পত্র প্রদানে সেবার মান উন্নত করা হবে। সম্প্রতি এ-সংক্রান্ত একটি প্রস্তাব অর্থ এবং পরিকল্পনা মন্ত্রণালয়ে পাঠিয়েছে নির্বাচন কমিশন।

আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচন আয়োজনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে নির্বাচন কমিশনের অনুকূলে উন্নয়ন ও পরিচালন বাজেটের আওতায় মোট দুই হাজার ৯৫৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এর মধ্যে উন্নয়ন খাতে বরাদ্দ রয়েছে ২২৯ কোটি টাকা। বাকি দুই হাজার ৭২৭ কোটি টাকা দেওয়া হয়েছে পরিচালন খাতে। উন্নয়ন অংশে আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং অ্যাক্সেস টু সার্ভিসেস (আইডিইএ) শীর্ষক প্রথম সংশোধিত প্রকল্পে বরাদ্দ বাড়িয়ে ৬১০



কোটি টাকা দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

মূল বাজেটে এ প্রকল্পে বরাদ্দ ছিল ২১০ কোটি টাকা।

এ ছাড়া দেশের বাইরে ভোটদান ব্যবস্থা উন্নয়ন এবং বাস্তবায়ন শীর্ষক নতুন প্রকল্পে সংশোধিত বাজেটে প্রায় ৪০ কোটি টাকা বরাদ্দ দেওয়ার অনুরোধ করা হয়েছে। নির্বাচন কমিশনের অনুকূলে অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ হিসেবে থাকা ১০ কোটি টাকা এ প্রকল্পে অন্তর্ভুক্তির বিষয়টিও প্রস্তাবে উল্লেখ করা হয়েছে। এদিকে, জাতীয় নির্বাচনের দিন গণভোট হওয়ায় বাড়তি অর্থের প্রয়োজন। তাই নির্বাচন কমিশনের সার্বিক বাজেট সংশোধন প্রক্রিয়াধীন রয়েছে বলেও অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ সূত্রে জানা গেছে।

এ প্রসঙ্গে সম্প্রতি অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ সাংবাদিকদের বলেন, এক দিনে নির্বাচন ও গণভোট আয়োজনের কারণে নির্বাচন কমিশনের ব্যয় বাড়বে। নির্বাচন কমিশন তাদের বাজেট সংশোধন করছে।

পরিকল্পনা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, আইডিইএ দ্বিতীয় পর্যায় প্রথম সংশোধিত প্রকল্পটি ২০২০ সালের ডিসেম্বরে একনেকে অনুমোদিত হয়। মেয়াদ শেষ হবে আগামী ৩০ নভেম্বর। তাই প্রকল্পটির ব্যয় বাড়ার পাশাপাশি মেয়াদও বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হলো নিরাপদ, সঠিক এবং নির্ভরযোগ্য জাতীয় পরিচয়পত্র ব্যবস্থা তৈরি করা। এটি নির্বাচনে অংশগ্রহণ, বিভিন্ন পরিষেবার সহজ ও স্বচ্ছতার ভিত্তি হিসেবে কাজ করবে।

এ ছাড়া দেশের বাইরে ভোটদান ব্যবস্থা উন্নয়ন এবং বাস্তবায়ন প্রকল্পের মাধ্যমে নির্বাচনে প্রবাসীদের ভোট গ্রহণ সেবা নিশ্চিত হবে। এরই মধ্যে পোস্টাল ভোটিং কাজ এবং এআই প্রতিরোধে নানা প্রযুক্তিগত কাজ শুরু করেছে কমিশন। নির্বাচনে বিভিন্ন দেশ থেকে ভোট দেওয়ার জন্য 'পোস্টাল ভোট বিডি' অ্যাপে প্রবাসীদের নিবন্ধন করা হচ্ছে। নির্ধারিত সময় শেষে প্রবাসীদের ঠিকানায় ডাকযোগে ব্যালট পেপার পাঠাবে ইসি।

এদিকে বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের ভোটার নিবন্ধনের ক্ষেত্রে অঞ্চলভিত্তিক সীমাবদ্ধতা এবং পাঁচ দিনের সময়সীমা তুলে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ইসি। এই ঘোষণার ফলে এখন থেকে প্রবাসীরা বিশ্বের যে কোনো স্থান থেকে, যে কোনো সময় নিবন্ধন করতে পারবেন। আগামী ১৮ ডিসেম্বর পর্যন্ত চলবে নিবন্ধন। এ সময়ের মধ্যে পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন প্রবাসীরা।

শিক্ষকদের আন্দোলনে চলতি বছর ক্ষতিগ্রস্ত প্রায় দুই কোটি শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক : বেতন বৃদ্ধিসহ তিন দফা দাবিতে কর্মবিরতি পালন করছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা। দাবি পূরণ না হলে সামনের বার্ষিক পরীক্ষা বর্জন করে সব বিদ্যালয় শাটডাউনেরও হুঁশিয়ারি দিয়ে রেখেছেন। এর আগে ১২ অক্টোবর থেকে টানা এক মাসের বেশি সময় ধরে আন্দোলন করেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা। তাদের দাবি জাতীয়করণের। একই চিত্র মাধ্যমিকেও, এমপিওভুক্তির দাবিতে প্রায় তিন সপ্তাহ ধরে রাজধানীতে অবস্থান কর্মসূচি পালন করছেন নন-এমপিওভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষকরা। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরাও ডিসেম্বর থেকে কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দিয়ে রেখেছেন চার দফা দাবিতে।

শিক্ষাসংশ্লিষ্টরা বলছেন, এক বছরেরও বেশি সময় ধরে বিভিন্ন পর্যায়ের শিক্ষকদের আন্দোলন, কর্মবিরতি ও শ্রেণীকক্ষে অনিয়মিত উপস্থিতির কারণে ক্ষতির মুখে পড়ছে শিক্ষার্থীরা। এ সংখ্যাটা প্রায় দুই কোটির মতো। বর্তমানে যারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আছে তাদের বড় অংশের মধ্যেই করোনাকালীন শিখন ঘাটতি রয়েছে। এর মধ্যে আবার শিক্ষকদের আন্দোলন ও কর্মবিরতি। এর ফলে শিক্ষার্থীরা পাঠে মনোযোগ হারাচ্ছে, পিছিয়ে পড়ছে পরীক্ষার প্রস্তুতিতে। অনেকে তাই কোচিং বা অনলাইন ক্লাসের ওপর নির্ভর করতে বাধ্য হচ্ছে। শিক্ষাবিদদের মতে, শিক্ষকদের ন্যায্য দাবির প্রতি রাষ্ট্রের দায়িত্ব রয়েছে। তবে তার সমাধানের প্রক্রিয়া এমন হওয়া উচিত যাতে শিক্ষার্থীদের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত না হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. আব্দুস সালাম বলেন, 'শিক্ষকরা আন্দোলনে থাকলে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হয়। করোনাকালীন যে শিখন ঘাটতি, এখনো অনেক শিক্ষার্থী সেটি কাটিয়ে উঠতে পারেনি। এরপর অভ্যুত্থানসহ নানা কারণে প্রতিষ্ঠানগুলো বিভিন্ন সময়ে বন্ধ ছিল। এসব ঘাটতি কাটিয়ে উঠতে না উঠতেই নানা দাবিতে শিক্ষকরা আন্দোলন করছেন। স্বাভাবিকভাবেই এর প্রভাব শিক্ষার্থীদের ওপর পড়েছে। বিশেষত যেসব প্রতিষ্ঠানের শিক্ষকরা কর্মবিরতিতে ছিলেন সেগুলোর শিক্ষার্থীরা তুলনামূলক বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে।'


শিক্ষাকে অগ্রাধিকার না দিয়ে নানা অনিয়ম-দুর্নীতির মাধ্যমে বিগত সরকার এ খাতকে একপ্রকার ধ্বংস করে দিয়েছে বলে মন্তব্য করেন ড. মো. আব্দুস সালাম। তিনি বলেন, 'বর্তমান অন্তর্বর্তী সরকারও একই পথে চলছে। সব বিষয়ে কমিশন হলেও শিক্ষায় কোনো কমিশন হয়নি। যদি শুরু থেকেই শিক্ষা সংস্কারে উদ্যোগ নেয়া হতো, অংশীজনদের সঙ্গে আলোচনা করা হতো, তাহলে হয়তো চিত্রটা ভিন্ন হতো।'

বার্ষিক প্রাথমিক বিদ্যালয় পরিসংখ্যান ২০২৪ অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত মোট শিক্ষার্থী ১ কোটি ৬ লাখ ১৭ হাজার ৯৬২। চলতি শিক্ষাবর্ষেও প্রায় একই সংখ্যক শিক্ষার্থী রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। শিক্ষা ক্যালেন্ডার অনুযায়ী ডিসেম্বরের প্রথম সপ্তাহ থেকেই তাদের বার্ষিক পরীক্ষা শুরু। তবে শিক্ষকরা আন্দোলনে থাকায় বছরান্তের এ মূল্যায়ন পরীক্ষা নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা।

দশম গ্রেড থেকে নবম গ্রেডে বেতন নির্ধারণ, দ্রুত স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর গঠনসহ চার দাবিতে প্রাথমিকের শিক্ষকরা চলতি বছর মোট তিন দফায় কর্মবিরতিতে গেছেন। প্রথম দফায় তারা কর্মবিরতিতে যান ২৬ মে। দ্বিতীয় দফায় ৯ থেকে ১১ নভেম্বর পর্যন্ত একই কর্মসূচি পালন করেন। দাবি আদায়ে সর্বশেষ গতকাল থেকে আবারো কর্মবিরতিতে গেছেন। শিক্ষকরা ঘোষণা দিয়েছেন, দাবি পূরণ না হলে তাদের এ কর্মসূচি অব্যাহত থাকবে। এমনকি সরকারের কার্যকর উদ্যোগ দেখা না গেলে পরীক্ষা বর্জনেরও ঘোষণা দিয়ে রেখেছেন তারা।

জানতে চাইলে প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদের আহ্বায়ক মোহাম্মদ শামছুদ্দীন বণিক বার্তাকে বলেন, 'এ অবস্থার জন্য সরকার দায়ী। আমরা শিক্ষার্থীদের ক্ষতিগ্রস্ত করতে চাই না। আমাদের একজন সহকর্মী আন্দোলনে এসে পুলিশের হামলায় মৃত্যুবরণ করেছেন, দেড় শতাধিক আহত হয়েছেন। এরপরও আমরা সরকারের ওপর আস্থা রেখে অপেক্ষা করেছি। তাদের আশ্বাসে ক্লাসেও ফিরে গিয়েছিলাম। কিন্তু ১৩ দিন পার হয়ে গেলেও সরকারের পক্ষ থেকে আশ্বাস বাস্তবায়নে কোনো কার্যকর পদক্ষেপ দেখা যাচ্ছে না। এ কারণে আমরা আবার কর্মবিরতিতে যেতে বাধ্য হয়েছি।'

প্রাথমিকের পাশাপাশি নানা দাবিতে এ বছর আন্দোলনে দেখা গেছে মাধ্যমিকের শিক্ষকদেরও। দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সাধারণ শিক্ষা, মাদ্রাসা এবং কারিগরি–এ তিন ধারার বেশির ভাগ প্রতিষ্ঠানই বেসরকারি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্য অনুযায়ী বেসরকারি এসব শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ৭৮ দশমিক ৮৯ শতাংশই এমপিওভুক্ত। এ স্তরের মোট শিক্ষার্থী প্রায় ১ কোটি ২৩ লাখ ৩ হাজার ৩১৬ জন। এর মধ্যে ৮০ শতাংশ বা প্রায় এক কোটি শিক্ষার্থীই এমপিওভুক্ত প্রতিষ্ঠানগুলোয় অধ্যয়নরত বলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষকদের সংগঠনগুলো জানিয়েছে।



বিভিন্ন দাবিতে অক্টোবরে আন্দোলনে নামেন বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা । ছবি: ফাইল/নিজস্ব আলোকচিত্রী

বাড়িভাড়া বৃদ্ধিসহ তিন দফা দাবিতে এসব প্রতিষ্ঠানের শিক্ষকরা গত ১২ থেকে ২১ অক্টোবর পর্যন্ত আটদিন কর্মবিরতিতে ছিলেন। তবে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী জানিয়েছেন, তাদের কর্মবিরতিতে শিক্ষার্থীদের যতটুকু ক্ষতি হয়েছে তা কাটিয়ে উঠতে বেশকিছু উদ্যোগ নেয়া হচ্ছে।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) থেকে প্রকাশিত সর্বশেষ শিক্ষা পরিসংখ্যান ২০২৩ অনুযায়ী মাধ্যমিক স্তরে বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষার্থী সংখ্যা ৮৭ লাখ ৪১ হাজার ৪৮০ এবং উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার্থী সংখ্যা ৮ লাখ ২৬ হাজার ৪৭১। সব মিলিয়ে সাধারণ শিক্ষায় সরকারি প্রাথমিক এবং বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট শিক্ষার্থী ২ কোটি ১ লাখ ৮৫ হাজার ৯১৩ জন। মাদ্রাসা ধারায় ইবতেদায়ি মাদ্রাসায় শিক্ষার্থী সংখ্যা ১৮ লাখ ৮১ হাজার ৬২৭ জন, দাখিল পর্যায়ে শিক্ষার্থী ১৪ লাখ ৯ হাজার ৭৮৪ এবং আলিম পর্যায়ে ৪ লাখ ৮৩ হাজার ৪১০ জন। দাখিল ও আলিম পর্যায়ের সব প্রতিষ্ঠানই বেসরকারি। সব মিলিয়ে মাদ্রাসা ধারায় ইবতেদায়ি, দাখিল ও আলিম পর্যায়ে মোট শিক্ষার্থীর সংখ্যা ৩৭ লাখ ৭৪ হাজার ৮২১ জন। কারিগরি ধারায় মাধ্যমিকে ৩ লাখ ৯২ হাজার ৮০৪ এবং উচ্চ মাধ্যমিকে শিক্ষার্থী আছে ৪ লাখ ৪৯ হাজার ৩৬৭ জন। এসব স্তরের প্রায় প্রতিটিতেই শিক্ষকরা নানা দাবিতে আন্দোলন করায় শিক্ষার্থীরা কম-বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে মনে করছেন শিক্ষাসংশ্লিষ্টরা।

এদিকে 'সহকারী শিক্ষক' পদটিকে বিসিএস ক্যাডারভুক্ত করাসহ চার দফা দাবি মেনে না নেয়ায় কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দিয়েছেন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা। আগামী সপ্তাহের শুরু থেকে কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দিয়েছেন 'বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি'র শীর্ষ নেতারা। শিক্ষা পরিসংখ্যান ২০২৩ অনুযায়ী বর্তমানে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে মোট ৫ লাখ ৭১ হাজার ৬৮১ শিক্ষার্থী।

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের দাবিগুলো হলো সহকারী শিক্ষক পদকে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত করে গেজেট প্রকাশ; এন্ট্রি পদ নবম গ্রেড (ক্যাডার) ধরে চার থেকে ছয় স্তরের পদসোপান প্রবর্তন এবং তার ভিত্তিতে স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠার গেজেট প্রকাশ ২৬-এর পৃষ্ঠায় দেখুন

বিদেশ নেওয়া যাচ্ছে না খালেদা জিয়াকে

প্রথম পৃষ্ঠার পর গণতন্ত্রের জন্য সংগ্রাম করে আপসহীন খেতাব পাওয়া এই নেত্রী এখন হাসপাতালে শয্যাশায়ী। ভুগছেন বার্ধক্যজনিত নানা ব্যাধিতে। সাত দিন ধরে রাজধানীর এভারকেয়ারের সিসিইউতে চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন তিনি। চিকিৎসকরা জানিয়েছেন, খালেদা জিয়ার শারীরিক অবস্থা অত্যন্ত সংকটাপন্ন। সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে তাকে চিকিৎসা দিয়ে যাচ্ছেন মেডিকেল বোর্ডের সদস্যরা।

সর্বশেষ গত শনিবার রাতে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার এভারকেয়ার হাসপাতালের সামনে খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন জানিয়েছেন, গত তিন দিন বিএনপি চেয়ারপারসনের স্বাস্থ্যের অবস্থা একই রকম। ওনাকে যে চিকিৎসা দেওয়া হচ্ছে তিনি তা গ্রহণ করতে পারছেন। গঠিত মেডিকেল বোর্ডের পরামর্শ পেলেই তাঁকে বিদেশে পাঠানোর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

এর আগে গতকাল বিকেলে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, বিদেশে নেওয়ার মতো শারীরিক অবস্থা নেই খালেদা জিয়ার।

বিএনপি ও চিকিৎসক একাধিক সূত্র বলছে, এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন খালেদা জিয়ার শারীরিক অবস্থার উল্লেখযোগ্য কোনো উন্নতি হয়নি। নিউমোনিয়ার ফলে হার্ট ও ফুসফুসে যে ইনফেকশন হয়েছে, সেটি নিয়ন্ত্রণে আনতে চিকিৎসকরা সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছেন। শরীরে যথেষ্ট পানি জমে যাওয়ায় তা কমাতে নিয়মিত ডায়ালাইসিস করা হচ্ছে। শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক রাখতে দেওয়া হচ্ছে প্রয়োজনীয় অক্সিজেন। তবে তার শরীর ক্রিয়াশীল রয়েছে। হাত-পা কিছুটা নাড়াচাড়া করতে পারছেন। দু-একটি কথাও বলছেন। শারীরিক অবস্থার উন্নতি হলে খালেদা জিয়াকে আবারও বিদেশে নেওয়া হতে পারে। পরিবার ও দল সেই প্রস্তুতি শুরু করেছে। অবশ্য তার শারীরিক অবস্থা বিদেশে নিয়ে যাওয়ার মতো উপযোগী নয় বলে গতকাল শনিবার বিকেলে জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

মেডিকেল বোর্ডের একাধিক চিকিৎসক ও বিএনপির সিনিয়র নেতাদের সঙ্গে কথা বলে জানা গেছে, ২৩ নভেম্বর হার্ট ও ফুসফুসে সংক্রমণ নিয়ে হাসপাতালে ভর্তি হওয়ার পর থেকেই খালেদা জিয়াকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। প্রথমে তাকে কেবিনে রাখা হলেও শারীরিক অবস্থা বিবেচনায় নিয়ে পরে সিসিইউতে স্থানান্তর করা হয়। মেডিকেল বোর্ডের চিকিৎসকরা বলতে গেলে নির্ঘুম সময় পার করছেন। স্বাস্থ্যের প্যারামিটারগুলো ২৪ ঘণ্টাই মনিটর করা হচ্ছে। বোর্ডের একজন চিকিৎসক আলাপকালে জানিয়েছেন, ধারাবাহিক ডায়ালাইসিসে আছেন খালেদা জিয়া। কারণ তার শরীরে অতিরিক্ত পানি জমেছে। এ অবস্থার মূল কারণ হলো হৃৎপিং-র মাইট্রাল ভালভ শক্ত হয়ে গেছে, ফলে হৃৎপিন্ড রক্ত পাম্প করে শরীরের অঙ্গে পাঠাতে পারছে না। পাম্প করার সময় রক্ত ভালভ দিয়ে লিক করে শরীরে থেকে যাচ্ছে, যা থেকে ওনার ডান দিকের হার্ট ফেইলিউরের ঝুঁকি সৃষ্টি হয়েছে। এর পাশাপাশি তিনি সংক্রমণজনিত রোগে আক্রান্ত হওয়ায় এক জরুরি অবস্থার সৃষ্টি হয়েছে। যে পরিস্থিতিতে সংক্রমণের বিরুদ্ধে ওনার শরীর অত্যধিক ও ক্ষতিকর প্রতিক্রিয়া দেখাচ্ছে। এর বাইরে তীব্র অগ্ন্যাশয় প্রদাহে আক্রান্ত হওয়ায় তার অবস্থা জটিল হয়ে গেছে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. মঈন খান দেশ রূপান্তরকে জানান, চিকিৎসকরা তাদের সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছেন। তার মেডিকেল বোর্ডে বিদেশি চিকিৎসকরাও রয়েছেন। তারাও খালেদা জিয়ার স্বাস্থ্যের প্যারামিটারগুলো পরীক্ষা-নিরীক্ষা করছেন। যখন যে চিকিৎসার প্রয়োজন হচ্ছে, তা দেওয়া হচ্ছে।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উপদেষ্টা মাহদী আমিন এক ফেসবুক পোস্টে বলেছেন, খালেদা জিয়ার শারীরিক অবস্থার সামান্য উন্নতি হলেই তাকে লন্ডনে নিয়ে যাওয়ার পরিকল্পনা আছে পরিবারের। এয়ার অ্যাম্বুলেন্সের জন্য কাতার দূতাবাসের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।

মাহদী আমিন লিখেছেন, 'আমরা যতটুকু শুনেছি, দেশবাসীর দোয়া ও ভালোবাসায় সিক্ত আপসহীন নেত্রীর শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হলে তাকে লন্ডনে নিয়ে উন্নত চিকিৎসার পরিকল্পনা করছে জিয়া পরিবার। এ বছরেই লন্ডনের যে হাসপাতাল ও চিকিৎসকদের অধীনে চার মাস থেকে তিনি অনেকটা সুস্থ হয়ে উঠেছিলেন, তাদের সঙ্গে ইতিমধ্যে যোগাযোগ করেছেন তারেক রহমান ও তার স্ত্রী।' এজন্য সেখানে নিতে সর্বাধুনিক প্রযুক্তিতে সজ্জিত একটি বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করার উদ্যোগও নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

মাহদী আমিন লেখেন, খালেদা জিয়া এভারকেয়ার হাসপাতালে ভর্তি থাকলেও, তার চিকিৎসা মূলত দেশি-বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। লন্ডন থেকে ভার্চুয়ালি চিকিৎসকদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন তারেক রহমান ও তার স্ত্রী জোবাইদা রহমান।

খালেদা জিয়ার সাবেক প্রেস সেক্রেটারি মারুফ কামাল খানও গতকাল এক ফেসবুক পোস্টে জানিয়েছেন, 'শেষ খবর পাওয়া পর্যন্ত দেশনেত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থার উল্লেখ করার মতো তেমন কোনো উন্নতি হয়নি। নানা জটিল রোগে আক্রান্ত ম্যাডাম জিয়ার নিউমোনিয়া ও আরও কিছু গুরুতর সমস্যা দেখা দেওয়ায় তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। তার হৃদযন্ত্র ও ফুসফুস সংক্রমিত হওয়ায় শ্বাসকষ্ট ছাড়াও অগ্ন্যাশয় ও বৃক্কে পানি জমেছে এবং তা ঝুঁকি নিয়ে অপসারণ করছেন চিকিৎসকরা। তিনি সেখানে করোনারি কেয়ার ইউনিটে রয়েছেন চিকিৎসকদের সার্বক্ষণিক নিবিড় পর্যবেক্ষণে। তার চিকিৎসক টিম ব্রিটেন, যুক্তরাষ্ট্র ও গণচীনের বিশেষজ্ঞ রোগবিশারদদের সঙ্গে অনলাইনে যোগাযোগ রেখে তাদের কাছ থেকে প্রয়োজনীয় পরামর্শ নিচ্ছেন। তার যুক্তরাজ্যপ্রবাসী ছেলে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ পরিবারের সদস্যরা সমন্বিত উন্নত চিকিৎসার জন্য তাকে লন্ডন কিংবা সিঙ্গাপুর নিতে আগ্রহী। গণচীনের তরফ থেকেও তাকে সে দেশে নেওয়ারও প্রস্তাব রয়েছে। পরিবার ও দলের তরফ থেকে এয়ার অ্যাম্বুলেন্সের জন্য কুয়েত ও সিঙ্গাপুরে যোগাযোগ করা হচ্ছে। তবে সবকিছুই নির্ভর করছে সর্বশেষ শারীরিক অবস্থা এবং চিকিৎসক টিমের অনুমতির ওপর।'

এভারকেয়ার হাসপাতাল থেকে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মেজর জেনারেল (অব.) ফজলে এলাহী আকবর জানান, 'খালেদা জিয়ার শারীরিক অবস্থা "আগের থেকে একটু ভালো"। ওনি (খালেদা জিয়া) স্ট্যাবল (শারীরিক অবস্থা স্থিতিশীল) হলে অবশ্যই (বিদেশে) নেওয়ার একটা ব্যবস্থা করা হবে। নেওয়ার মতো অবস্থা এখনো হয়নি।'

খালেদা জিয়ার খোঁজখবর নিতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে গিয়ে সাংবাদিকদের নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন, খালেদা জিয়াকে সিঙ্গাপুর বা ইউরোপে নেওয়ার প্রস্তুতি চলছে। তবে এখন তিনি ফ্লাই করার মতো শারীরিক পরিস্থিতিতে নেই।

বিদেশে নেওয়ার মতো শারীরিক অবস্থা নেই : মির্জা ফখরুল

গতকাল বিকেলে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানান, অসুস্থ খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেওয়ার সব ব্যবস্থা করে রাখলেও তার শারীরিক অবস্থা সেই ধকল সামলানোর মতো নেই। তিনি বলেন, 'বর্তমানে বিদেশে নেওয়ার মতো শারীরিক অবস্থায় খালেদা জিয়া নেই। শারীরিক অবস্থা স্থিতিশীল হলে চিন্তা করে দেখা হবে, বিদেশে নেওয়া সম্ভব কি না?'

মির্জা ফখরুল বলেন, 'দেশের বিশেষজ্ঞ চিকিৎসক, আমেরিকার জনস হপকিনস হাসপাতালের চিকিৎসক এবং লন্ডন ক্লিনিকের বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে মেডিকেল বোর্ড গঠন করে খালেদা জিয়ার চিকিৎসা চলছে। গতকাল রাতে প্রায় আড়াই ঘণ্টা বৈঠক করে মেডিকেল বোর্ড জানায়, খালেদা জিয়াকে চিকিৎসার জন্য বিদেশে নেওয়া প্রয়োজন।' শারীরিক সামর্থ্যের কারণে বিদেশ নেওয়ার সিদ্ধান্ত এখনো চূড়ান্ত না হলেও প্রস্তুতির কথা জানান তিনি।

ফখরুল বলেন, 'তবে বিদেশে নেওয়ার জন্য প্রয়োজনীয় ভিসা, যেসব দেশে নেওয়া হতে পারে, তাদের সঙ্গে যোগাযোগ, এয়ার অ্যাম্বুলেন্সের বিষয়ে আলোচনা হয়েছে। কাজ এগিয়ে রাখা হয়েছে। যেন প্রয়োজন হলেই দ্রুত সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়।' এভারকেয়ার হাসপাতালের সামনে বিএনপি নেতাকর্মীদের ভিড় না করার অনুরোধও জানান দলটির মহাসচিব।

হাসপাতালে ভিড় না করার অনুরোধ

খালেদা জিয়াকে দেখতে গিয়ে হাসপাতালের অন্যান্য রোগী এবং খালেদা জিয়ার চিকিৎসায় সমস্যা হচ্ছে বলে জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

এক জরুরি প্রেস ব্রিফিংয়ে তিনি বলেন, 'অনেকে আবেগ থেকে হাসপাতালে যাচ্ছেন, শ্রদ্ধা থেকে যাচ্ছেন, সেটা আমরা জানি। তবুও এর ফলে যাতে অন্যান্য রোগীর অসুবিধা না হয়, এজন্য হাসপাতালে ভিড় না করার অনুরোধ করছি। নিজ নিজ অবস্থানে থেকে তার রোগমুক্তির জন্য আল্লাহর কাছে দোয়া করার আহ্বান জানাচ্ছি।' খালেদা জিয়ার পরিবার এবং বিএনপির পক্ষ থেকে এমন নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

এদিকে খালেদা জিয়ার সুস্থতার জন্য দল-মত নির্বিশেষে দোয়া অব্যাহত রয়েছে। তার সুস্থতা কামনায় ফেসবুকে শুক্রবার থেকে পোস্ট দিচ্ছেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। বলতে গেলে, সাবেক এই প্রধানমন্ত্রীর শারীরিক অবস্থা নিয়ে উদ্বেগে রয়েছেন দেশের সবাই।

মামদানির ট্রানজিশন টিমে স্থান পেলেন ১২ বাংলাদেশি-আমেরিকান

প্রথম পৃষ্ঠার পর টিমে স্থান পেলেন। ট্রানজিশন টিমে ১৭ কমিটির মধ্যে ৬টি কমিটিতে দায়িত্ব পালন করবেন এই গর্বিত বাংলাদেশীরা। তাদের মধ্যে ৯ জনের পরিচয় পাওয়া গেছে। বাকী তিনজন সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের (কিউনি) তিনজন শিক্ষক রয়েছেন বলে একাধিক সূত্র নিশ্চিত করেছে। ট্রানজিশন টিমে স্থান পাওয়া বাংলাদেশিরা হলেন- নিউইয়র্ক পুলিশের সদ্য সাবেক লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হক, মানবিক ও স্বেচ্ছাসেবী সংস্থা 'ভালো'র নির্বাহী প্রধান শাহরিয়ার রহমান, জনসংগঠক আব্দুল আজিজ ভূঁইয়া, জনসংগঠক মোহাম্মদ করিম চৌধুরী, ড্রামবিটস এর নেত্রী কাজী ফৌজিয়া, ফারিরা আক্তার, আরমান চৌধুরী, তাজিন আজাদ ও শ্যামতলী হক।

ট্রানজিশন কমিটিগুলো আবাসন, পরিবহন, কমিউনিটি সেফটি, অর্থনৈতিক উন্নয়ন, সরকারি কার্যক্রম, অভিবাসী ন্যায়বিচার ও প্রযুক্তিসহ অন্যান্য ক্ষেত্র নিয়ে কাজ করবে। মামদানি ওয়ার্কার জাস্টিস ও কমিউনিটি অর্গানাইজিং, এই দুটি নতুন কমিটিও যোগ করছেন, যা পূর্ববর্তী কোনো মেয়রাল ট্রানজিশনে ছিল না। এবারের মেয়র নির্বাচনে নিউইয়র্কে বসবাসরাত শতকরা ৯৮ ভাগ বাংলাদেশি মুসলমান মামদানিকে ভোট দিয়েছেন। তার জন্য কাজ করেছেন। ১২ জন বাংলাদেশিকে তার অভিষেক টিমে স্থান দিয়ে কৃতজ্ঞতাই প্রকাশ করেছেন তিনি। অতীতে বাংলাদেশিদেও এমন একটি সন্মানজনক কমিটিতে স্থান পাওয়া ছিল দুরুহ ব্যাপার। নিউইয়র্কের রাজনীতিতে বাংলাদেশিদের কাজের গৌরবজনক ফলাফল পাওয়া গেছে। আমেরিকার রাজনীতিতে বাংলাদেশিরা কমিউনিটি হিসেবে এবারই এমন বিরল স্বীকৃতি প্রথমবারের মতো পেয়েছেন।

আরও ৩৯ বাংলাদেশিকে ফেরত পাঠালো যুক্তরাষ্ট্র

প্রথম পৃষ্ঠার পর আগস্ট পর্যন্ত যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো বাংলাদেশির সংখ্যা ২২০ ছাড়িয়েছে।

এর আগে চলতি বছরের ৮ জুন একটি চার্টার্ড ফ্লাইটে ৪২ বাংলাদেশিকে ফিরিয়ে আনা হয়েছিল এবং ৬ মার্চ থেকে ২১ এপ্রিল পর্যন্ত একাধিক ফ্লাইটে আরো অন্তত ৩৪ বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছিল।

দেশে ফেরত আসা কর্মীদের সঙ্গে কথা বলে ব্র্যাকের মাইগ্রেশন প্রোগ্রাম জানিয়েছে, এই ৩৯ জনের মধ্যে অন্তত ৩৪ জন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুরোর (বিএমইটি) ছাড়পত্র নিয়ে ব্রাজিল গিয়েছিলেন। এরপর সেখান থেকে মেক্সিকো হয়ে অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। আর বাকি পাঁচজনের মধ্যে দুইজন সরাসরি যুক্তরাষ্ট্রে যান এবং তিনজন দক্ষিণ আফ্রিকা থেকে হয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন।

এরপর এই ৩৯ জন যুক্তরাষ্ট্রে বসবাসের জন্য আবেদন করলে আইনি প্রক্রিয়া শেষে তাদের বাংলাদেশে ফেরত পাঠানোর সিদ্ধান্ত নেয় মার্কিন যুক্তরাষ্ট্র।

তবে বিমানবন্দর সূত্রে জানা গেছে, এ বছরের বিভিন্ন সময়ে ফেরত আসা বাংলাদেশিদের হাতে হাতকড়া, পায়ে শেকল বেঁধে যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো হলেও শুক্রবার ফেরত আসা বাংলাদেশিদের ক্ষেত্রে সেটি হয়নি।

ফেরত পাঠানোদের মধ্যে ২৬ জনই নোয়াখালীর। এছাড়াও কুমিল্লা, সিলেট, ফেনী, ও লক্ষীপুরের দুজন করে এবং চট্টগ্রাম, গাজীপুর, ঢাকা, মুন্সিগঞ্জ এবং নরসিংদীর একজন করে রয়েছেন। এর আগে চলতি বছরে ১৮৭ বাংলাদেশিকে ফেরত পাঠায় যুক্তরাষ্ট্র'র ট্রাম্প প্রশাসন।

রহমানুল্লাহ কাজ করেছিলেন সিআইএর সঙ্গে!

প্রথম পৃষ্ঠার পর করেছিলেন। রহমানুল্লাহ যুক্তরাষ্ট্রে আসার আগে লাকানওয়াল কান্দাহারে সিআইএর একটি বাহিনীতে কাজ করতেন বলে জানিয়েছে সিবিএস নিউজ।

সিআইএ-এর এক মুখপাত্র বৃহস্পতিবার সিবিএসকে নিশ্চিত করেছেন, হামলার প্রধান সন্দেহভাজন রহমানুল্লাহ আফগানিস্তানের যুদ্ধকালীন সময়ে কাজ করেছেন।

সিবিএস নিউজ প্রতিবেদনে জানায়, লাকানওয়াল আফগান জাতীয় বাহিনীতে একটি টিমের নেতৃত্ব দিয়েছিলেন, যারা সরাসরি যুক্তরাষ্ট্র ও ব্রিটিশ বাহিনীর সঙ্গে কাজ করত

একজন প্রাক্তন আফগান কমান্ডো সিবিএস নিউজকে বলেছেন, লাকানওয়াল দেশের দক্ষিণে আফগান বিশেষ বাহিনীর একটি ইউনিটের নেতৃত্ব দিতেন এবং আন্তর্জাতিক সেনাদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতেন

প্রাক্তন কমান্ডো আরও জানিয়েছেন, ২০২৪ সালে একজন ঘনিষ্ঠ বন্ধু ও সহকর্মী আফগান কমান্ডারের মৃত্যু লাকানওয়ালকে গভীরভাবে ব্যথিত করেছিল, যিনি যুক্তরাষ্ট্রে আশ্রয়ের জন্য আবেদন করেছিলেন কিন্তু সফল হননি

একাধিক আইনশৃঙ্খলা সংস্থার সূত্র জানিয়েছে, তদন্তকারীরা ধারণা করছেন লাকানওয়াল পারানয়েডিয়া এবং অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যা ভুগছিলেন, যা ইঙ্গিত দেয় যে তিনি বিশ্বাস করতেন কর্তৃপক্ষ তাকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করতে চাইছে

কান্দাহার তালেবানের মূল ঘাঁটি হিসেবে পরিচিত। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর (নাইন/ইলেভেন) হামলার পর যুক্তরাষ্ট্র আফগানিস্তানে অভিযান শুরু করলে এই এলাকাটি ছিল তীব্র সংঘাতের কেন্দ্রে। অনুবাদ, প্রশাসনিক সহায়তা এবং সামনের সারির লড়াইসহ সব ক্ষেত্রেই সিআইএ আফগানকর্মী ব্যবহার করত।

ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়ার অ্যাটর্নি জিনিন পিরো বৃহস্পতিবার (২৭ নভেম্বর) সংবাদ সম্মেলনে জানান, গুলিবিদ্ধ দুই গার্ড সদস্য হলেন স্পেশালিস্ট সারা বেকস্ট্রোম (২০) এবং স্টাফ সার্জেন্ট অ্যান্ড্রু উলফ (২৪)। বুধবার দুপুরের দিকে হওয়া এই হামলার পর তাদের আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়।

পিরো বলেন, সন্দেহভাজন রহমানুল্লাহ লাকানওয়াল দীর্ঘ পথ অতিক্রম করে এসে পয়েন্ট ৩৫৭ স্মিথ অ্যান্ড ওয়েসন রিভলভার দিয়ে 'অ্যামবুশ-স্টাইলে' হামলা চালান। তাঁর বিরুদ্ধে হত্যার উদ্দেশ্যে হামলা ও সহিংস অপরাধে অস্ত্র ব্যবহারের অভিযোগ আনা হয়েছে। তবে তিনি জানান, হামলার উদ্দেশ্য সম্পর্কে এখনই কিছু বলা সম্ভব নয়।

পিরো আরও বলেন, আহত দুই সৈন্য যদি প্রাণ হারান, তাহলে অভিযোগ ফার্স্ট-ডিগ্রি মার্ডার (হত্যার উদ্দেশ্যে পূর্বপরিকল্পিত হামলা) হিসেবে বিবেচিত হবে। আমরা প্রার্থনা করছি, তারা বেঁচে থাকবেন।

থ্যাঙ্কসগিভিংয়ের ঠিক আগের দিন ন্যাশনাল গার্ড সদস্যদের ওপর এ ধরনের হামলা যুক্তরাষ্ট্রের ইতিহাসে বিরল। এমন পরিস্থিতিতে অপরাধ দমনের কাজে সামরিক বাহিনীকে ব্যবহারে ট্রাম্প প্রশাসন কঠোর পদক্ষেপ গ্রহণ শুরু করেছে উচ্চ ঝুঁকিপূর্ণ ১৯টি দেশের নাগরিকদের বিরুদ্ধে। এ নিয়ে অভিবাসীদের মধ্যেও উৎকণ্ঠা দেখা দিয়েছে।

২০২১ সালে আফগানিস্তান থেকে আমেরিকা সেনা প্রত্যাহারের পর তৎকালীন প্রেসিডেন্ট জো বাইডেন 'অপারেশন অ্যালাইজ ওয়েলকাম' কর্মসূচির আওতায় প্রায় ৮৫ হাজার আফগানকে যুক্তরাষ্ট্রে আনেন।

লাকানওয়াল ২০২৪ সালে 'অপারেশন অ্যালাইজ ওয়েলকাম' কর্মসূচির আওতায় যুক্তরাষ্ট্রে আশ্রয় চেয়ে আবেদন করেছিলেন। পরবর্তীকালে চলতি বছরের শুরুর দিকে সেই আবেদন মঞ্জুর হয়। লাকানওয়াল যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন অঙ্গরাজ্যের বেলিংহামে তাঁর স্ত্রী ও পাঁচ সন্তানকে নিয়ে বসবাস করছিলেন বলে জানিয়েছেন তাঁর সাবেক বাড়িওয়ালি ক্রিস্টিনা উইডম্যান।

বুধবার রাতে সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত এক ভিডিওবার্তায় প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, বাইডেনের আমলে যুক্তরাষ্ট্রে আসা সব আফগান শরণার্থীকে পুনরায় যাচাই করা প্রয়োজন। যারা আমাদের দেশকে ভালোবাসে না, তাদের আমরা চাই না।

ওয়াশিংটন ডিসিতে গুলিতে দুই ন্যশনাল গার্ড গুরুতর আহত: আরো ৫০০ সেনা মোতায়েনের সিদ্ধান্ত

ওয়াশিংটন ডিসিতে গুলাগুলিতে দুই জন ন্যশনাল গার্ড গুরুতর আহত হয়েছেন।

এর আগে বুধবার হোয়াইট হাউসের কাছাকাছি দুই ন্যাশনাল গার্ড সদস্যকে গুলি করা হয়েছে। এফবিআই জানিয়েছে, দুজনই গুরুতর আহত, এবং সন্দেহভাজন একজন হসপিটালে চিকিৎসাধীন।

অপরাধ-নিয়ন্ত্রণ পদক্ষেপ হিসেবে ডিসিতে ন্যাশনাল গার্ডের মোতায়েন করা হয় আগস্টে।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে থ্যাঙ্কসগিভিং উপহার বিতরণ







শেষ পৃষ্ঠায় পর করেন নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬ এর আগামী নির্বাচনে অ্যাসেম্বলী মেম্বার প্রার্থী মেরী জোবাইদা, এছুম এসোসিয়েশনের-এর আউটরীচ ম্যানেজার উইন্ডি ভমিংগেজ, নিউকো'র প্রতিষ্ঠাতা মোহাম্মদ চৌধুরী রানা, সাপ্তাহিক প্রথম আলোর সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেলস'র সিইও নজরুল ইসলাম, অ্যাপোলো ইন্সুরেন্স ব্রোকারেজের প্রেসিডেন্ট শমসের আলী, কমিউনিটি সংগঠক ফকু চৌধুরী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ আহমেদ, সালেহ চৌধুরী, দেওয়ান শাহেদ চৌধুরী, আব্দুর রহমান, সভাপতি সোহেল আহমদ, সাধারণ সম্পাদক মো. জাবেদ উদ্দিন, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তরফদার, সাংগঠনিক সম্পাদক মইনুল হক চৌধুরী, সদস্য নূরুল হক, মূলধারার রাজনীতিক মাহতাব খান, শাহাদাত হোসেন রনি প্রমুখ।

বক্তারা বলেন, থ্যাঙ্কসগিভিং শুধু কৃতজ্ঞতার দিন নয় এটি কমিউনিটিতে একে অন্যের পাশে দাঁড়ানোরও বার্তা দেয়।আয়োজকদের মতে, ভবিষ্যতেও এমন সামাজিক কার্যক্রম আরও বিস্তৃত করা হবে।

এন্টেম হেলথ কেয়ারের প্রতিনিধিরা জানান, স্থানীয় সংগঠনগুলোর মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা পৌঁছে দিতে তারা সবসময় প্রস্তুত। তাদের মতে, কমিউনিটি-সংগঠনের সঙ্গে হাত মিলিয়ে কাজ করলে সমাজে ইতিবাচক পরিবর্তন দ্রুত ছড়িয়ে যায়।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির এই আয়োজনকে স্থানীয় বাসিন্দারা স্বাগত জানান। অনেকেই জানান, থ্যাঙ্কসগিভিংএর পূর্বে এমন সহায়তা তাদের জন্য বাস্তবিকই উপকার এনে দেয়।







নবাবগঞ্জ উপজেলা এসোসিয়েশনের থ্যাঙ্কসগিভিং পার্টি

শেষ পৃষ্ঠায় পর শনিবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নাবান্না পার্টি সেন্টারে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটি'র সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতিত্ব মহিউদ্দীন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, নবাবগঞ্জ উপজেলা এসোসিয়েশন নবনির্বাচিত সভাপতি গোলাম এন হায়দার মুকুট, সাধারণ সম্পাদক মোহাম্মদ নজরুল ইসলাম, গিয়াস উদ্দিন সহ বৃহত্তর ঢাকা জেলার নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আগতদের অনেকেই গান, কবিতা আবৃত্তির মাধ্যমে পরিবেশ জমিয়ে রাখেন।









এনআইডি সেবায় বিশৃঙ্খলা ঠেকাতে রোডম্যাপ নেই ইসি'র

১৬-এর পৃষ্ঠায় পর

এনআইডি সংশোধন করতে নির্বাচন কমিশনের স্থানীয় অফিসগুলোতে ভিড় করেন। বর্তমানে এনআইডি ছাড়া কাজ করা খুবই কঠিন। জমি বিক্রি করে পরিবারের অসুস্থ সদস্যকে চিকিৎসা দেবেন সেখানেও সঠিক এনআইডি লাগবে। বেকার জীবনের অবসান ঘটানোর জন্য বিদেশ যাত্রায়ও এনআইডি বাধ্যতামূলক। এমন অসংখ্য কাজে এনআইডি লাগে।

এর মধ্যে ব্যাংক ও আর্থিক খাতে ব্যাংক অ্যাকাউন্ট খোলা, মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট, লাইফ ইন্স্যুরেন্স বা বীমা পলিসি, লোন বা ক্রেডিট কার্ড গ্রহণ, আর্থিক লেনদেনে যাচাইকরণ, শেয়ারবাজারে অ্যাকাউন্ট (বিও) খোলা উল্লেখযোগ্য। টেলিকম ও ডিজিটাল খাতে সিম রেজিস্ট্রেশন, ডিজিটাল অ্যাপ সাইনআপ ও ভেরিফিকেশন ইত্যাদি। পাসপোর্ট ও ভ্রমণ সংক্রান্তসেবা পাসপোর্টের জন্য আবেদন, ই-পাসপোর্ট বায়োমেট্রিক যাচাইকরণ, ভিসা প্রসেসিংয়ের সময় পরিচয় মেলানো, ইমিগ্রেশন সিস্টেমে পরিচয় যাচাই উল্লেখযোগ্য। ভূমি ও সম্পত্তি সম্পর্কিত জমির দলিল নিবন্ধন, নামজারি বা মিউটেশন, ভূমি জরিপ বা খতিয়ান সংশোধন, অনলাইনে ভূমি সেবা, রেজিস্ট্রি অফিসে মালিকানা যাচাইকরণ ইত্যাদি। সরকারি সেবা ও ভাতা সামাজিক নিরাপত্তা কর্মসূচি (বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা), সরকারি ফুড কার্ড বা পরিবার কার্ড, টিআইএন নিবন্ধন ও আয়কর রিটার্ন, যানবাহনের রেজিস্ট্রেশন, ড্রাইভিং লাইসেন্স, জাতীয় বিশ্ববিদ্যালয় নিবন্ধন উল্লেখযোগ্য। শিক্ষা ও কর্মসংস্থান বিশ্ববিদ্যালয় ভর্তি আবেদন, বিসিএস আবেদন, সরকারি-বেসরকারি চাকরিতে ভেরিফিকেশন, বিভিন্ন ট্রেনিং বা স্কলারশিপ আবেদন এবং প্রবাসী কর্মসংস্থানের বিএমইটি নিবন্ধন উল্লেখযোগ্য। আইনশৃঙ্খলা ও নিরাপত্তায় পুলিশ ক্লিয়ারেন্স, কোর্টে হলফনামা ও নথিপত্রে পরিচয় যাচাই ও ক্রাইম ইনভেস্টিগেশনে ব্যক্তির পরিচয় মেলানো ইত্যাদি। ব্যবসা ও করপোরেট খাতে ট্রেড লাইসেন্স আবেদন, ব্যবসায়িক ব্যাংক অ্যাকাউন্ট, চুক্তিপত্রে পরিচয় নিশ্চিতকরণ এবং সরবরাহকারী বা কন্ট্রাক্টর রেজিস্ট্রেশনের ক্ষেত্রে এনআইডি গুরুত্বপূর্ণ। স্বাস্থ্য খাতে টিকা বা সুরক্ষা প্ল্যাটফর্ম, স্বাস্থ্য বীমা নেওয়া এবং সরকারি বিভিন্ন কর্মসূচিতে রেজিস্ট্রেশন করতে এনআইডির প্রয়োজন হয়। অনলাইন বা ডিজিটাল প্ল্যাটফর্মেও এনআইডি গুরুত্বপূর্ণ। যেমন ফেসবুক বা গুগল বিজ্ঞাপন অ্যাকাউন্ট ভেরিফাই, ফ্রিল্যান্সিং প্ল্যাটফর্ম যাচাইকরণ ও অনলাইন পেমেন্ট গেটওয়েতে এনআইডির দরকার পড়ে। নির্বাচন ও রাজনৈতিক বিষয়ে এনআইডি দরকার পড়ে ভোটদান, ভোটার এলাকা স্থানান্তর এবং মনোনয়নপত্র জমা দেওয়ার সময় পরিচয় যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্র প্রয়োজন হয়।

মানুষের এসব প্রয়োজন যেকোনো সময় হতে পারে। বিশেষ করে বছরের শুরুতে স্কুল-কলেজে ভর্তি, পাসপোর্টসহ গুরুত্বপূর্ণ কাজে এনআইডি কার্ড লাগবে। এ সময়ে সেবা বন্ধ থাকায় মারাত্মক বিপাকে পড়বে সাধারণ মানুষ। শুধু এ নির্বাচনই নয়, এরপর স্থানীয় সরকার পর্যায়ে সিটি করপোরেশন, পৌরসভা, উপজেলা নির্বাচন সামনে আছে। সেসব নির্বাচনেও এ সেবা বন্ধ থাকলে সাধারণ মানুষের অনেক গুরুত্বপূর্ণ কাজ স্থবির হয়ে থাকবে।

ডেমরার আমুলিয়া এলাকার বাসিন্দা হাবিবুল ইসলাম জানান, তার ছেলে বিদেশের একটি বিশ্ববিদ্যালয়ে স্কলারশিপ পেয়েছে। সেখানে ভর্তির জন্য পাসপোর্ট করতে হবে। এজন্য গত মাসে এনআইডির আবেদন করেছেন। কিন্তু এখনো এনআইডি কার্ড হয়নি। এটা যদি নির্বাচন পর্যন্ত বন্ধ থাকে, তাহলে তার ছেলের পাসপোর্ট করাতে পারবেন না। তার বিদেশে উচ্চশিক্ষাও হবে না।

উত্তরার বাসিন্দা হামিদুল ইসলাম বলেন, ইসি যদি এ কাজ সারা বছর করতে না পারে, তাহলে তাদের বাদ দিয়ে অন্য চিন্তা করতে হবে। জাতীয় পরিচপত্র মৌসুমি কোনো জিনিস নয় যে, কয়েক মাস চালু রাখবেন আর কয়েক মাস বন্ধ রাখবেন।

জাতীয় পরিচয়পত্রের নামে নেওয়া তথ্যের সুরক্ষা দিতে পারছে না নির্বাচন কমিশন। হারিয়ে গেলে নিয়মতান্ত্রিক উপায়ে তা উত্তোলন বা কোনো ভুলভ্রান্তি সংশোধন করতে গিয়ে নানা জটিলতায় পড়তে হয় অনেককেই। দফায় দফায় পোহাতে হয় ভোগান্তি। এ সুযোগ কাজে লাগিয়ে দেশের বিভিন্ন অঞ্চলে অনলাইন ও অফলাইনে সক্রিয় অসংখ্য চক্র। ইসির কিছু অসাধু কর্মকর্তা-কর্মচারীর সহায়তায় এসব চক্রের মাধ্যমে নাগরিকদের সুরক্ষিত তথ্য চলে যাচ্ছে অলিগলির দোকানে, পড়ছে বেহাত হওয়ার ঝুঁকিতেও।

এদিকে, শুরু থেকেই প্রত্যাশিত সেবা দিতে পারছে না ইসি। সেবা দেওয়ার বদলে মালিকানা আঁকড়ে থাকাকে সাফল্যের মাপকাঠি বানিয়েছে তারা। দায়িত্ব অনেক ক্ষমতাও দেয়। সেই ক্ষমতা কেউই ছাড়তে চায় না। সেটা করার সক্ষমতা না থাকার পরও তারা দায়িত্ব আঁকড়ে থাকতে চায়। সেই অবস্থান থেকে তাদের সরিয়ে দেওয়ার চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছিল সরকার। কিন্তু এনআইডির কাজটি তারা পেয়েছে আইনিভাবে। তাই সেই আইন সংশোধন করা ছাড়া তাদের কাছ থেকে কাজটি সরিয়ে নিতে পারে না সরকার। তাই আইন সংশোধন করে সরকার আলাদা একটি কর্তৃপক্ষ করে তাদের হাতে এনআইডির কাজ তুলে দেওয়ার সিদ্ধান্ত নেয়। এজন্য আইনের খসড়া করা হয়, যা মন্ত্রিসভায় পাসও হয়। কিন্তু এর মধ্যেই সরকার বদল হয়ে যায়। পরিবর্তিত পরিস্থিতিতে নির্বাচন কমিশনের বাধায় তা আর বাস্তবায়ন করা যায়নি।

ভারতেও এক সময় নির্বাচন কমিশন নাগরিক পরিচয়পত্র-সংক্রান্ত কাজ করত। সেবায় বিশৃঙ্খলা বাড়লে সরকার পুরো দায়িত্ব নতুন কর্তৃপক্ষ ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অব ইনডিয়া বা ইউআইডিএআই গঠন করে তার হাতে দেয়। আজ তাদের আধার কার্ড পৃথিবীর সবচেয়ে বড় ডিজিটাল আইডেন্টিটি সিস্টেম।

অথরিটি বদলানোর নজির বলে শেষ করা যাবে না। ফুকুশিমা বিপর্যয়ের পর জাপান দেখল নিয়ন্ত্রক সংস্থা দায়িত্ব পালন করতে পারছে না। তারা দ্রুত সিদ্ধান্ত নিল। তারা পুরনো কর্তৃপক্ষ বদলে নতুন এজেন্সি তৈরি করল।

নির্বাচন কমিশনের আসল কাজ নিয়েই অনেক প্রশ্ন আছে। পরিচয়পত্রের বাড়তি দায়িত্ব নিয়ে সফলতা পাওয়ার কোনো প্রমাণ তারা গত ১৮ বছরে দিতে পারেনি।

নির্বাচন পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্তই প্রমাণ করে এনআইডি নির্বাচন কমিশনে থাকা উচিত নয়। নির্বাচন কমিশনের তিন মাসের বেশি সেবা বন্ধ রাখার সিদ্ধান্তও একই বার্তা দেয় তারা এ সেবা পরিচালনার সক্ষমতা নিজেরাই স্বীকার করে না।

যুক্তরাষ্ট্রে অ্যাসাইলাম অনুমোদন স্থগিতের নির্দেশ

শেষ পৃষ্ঠায় পর

পাশাপাশি প্রশাসনের কঠোরতর অভিবাসন অবস্থানের নতুন মাত্রাও স্পষ্ট হয়েছে।

বুধবারের হামলার পর শনিবার অভিবাসন ব্যবস্থা আরও কঠোর করার সর্বশেষ উদ্যোগ এটি। হামলার অভিযুক্ত আফগান নাগরিককে এ বছরের শুরুতে যুক্তরাষ্ট্র আশ্রয় দিয়েছিল বলে দাবি করা হচ্ছে।

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট ইউএসসিআইএস এর ইমিগ্রেশন কর্মকর্তাদের জানিয়েছে কোনো আশ্রয় আবেদন অনুমোদন, প্রত্যাখ্যান বা সিদ্ধান্ত দেয়া যাবে না। অভ্যন্তরীণ সেই নোটিশ ও সূত্র জানায়, এই সিদ্ধান্ত এখনো জনসমক্ষে ঘোষণা করা হয়নি।

শুক্রবার ইউএসসিআইএস কর্মকর্তাদের জানানো নির্দেশনা কার্যত সব দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে (অ্যাসাইলাম) আশ্রয় মামলার বিচার প্রক্রিয়াকে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করার সমতুল্য।

ইউএসসিআইএস দপ্তরের এক নির্দেশে লেখা ছিল, "কোনো অ্যাফারমেটিভ আশ্রয় মামলায় সিদ্ধান্ত সংক্রান্ত কোনো তথ্য প্রবেশ করাবেন না।" অ্যাফারমেটিভ কেস ইউএসসিআইএস-এ বিচার হয়, আর "ডিফেন্সিভ" কেস হয় তাদের যারা বিতাড়নের মুখে এবং যার সিদ্ধান্ত নেন বিচার বিভাগের ইমিগ্রেশন বিচারকরা।

কর্মকর্তাদের বলা হয়, ওই নির্দেশ সব ইউএসসিআইএস আশ্রয় মামলার জন্য প্রযোজ্য। এমনকি বাইডেন প্রশাসনের 'অপারেশন অ্যালাইজ ওয়েলকাম'-এর আওতায় যুক্তরাষ্ট্রে আসা আফগানদের মামলার ক্ষেত্রেও। আশ্রয় সিদ্ধান্ত জানানোর জন্য নির্ধারিত সরাসরি সাক্ষাৎকারের অ্যাপয়েন্টমেন্টও অন্তত সোমবার পর্যন্ত বাতিল করা হয়েছে।

হোয়াইট হাউস এখনো জানায়নি প্রেসিডেন্টের এই ঘোষণা বাস্তবায়নে সুনির্দিষ্টভাবে কী পদক্ষেপ নেওয়া হবে।

সোয়া ২ লক্ষাধিক শরণার্থীর আবেদন স্থগিত

প্রথম পৃষ্ঠার পর

জন্য।

গত চার বছরে কঙ্গো, আফগানিস্তান, ভেনেজুয়েলা ও সিরিয়া থেকে সর্বাধিক শরণার্থী যুক্তরাষ্ট্রে ঢুকেছিলেন। এখন তাদের সবার ভবিষ্যৎ ঝুলে রয়েছে এর হাতে, যারা আগামী ৯০ দিনের মধ্যে প্রথম দফার অগ্রাধিকার তালিকা তৈরি করবে। আর রিইন্টারভিউতে আবারও দেখা হবে কেউ সত্যিই নির্যাতনের শিকার ছিলেন কি না, ভবিষ্যতে ঝুঁকি আছে কি না, রাজনৈতিক মতাদর্শ বা পরিচয়ের কারণে হুমকির মুখে ছিলেন কি না, অথবা কোনো নিষিদ্ধ কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত কিনা।

মানবাধিকার সংগঠনগুলো বলছে, যুক্তরাষ্ট্রে প্রবেশের আগেই শরণার্থীরা বহু বছরের কঠোর নিরাপত্তা যাচাইয়ে দীর্ঘ সময় অতিক্রম করেন, তাই লাখো শরণার্থী মানুষের জীবন স্থবির করে দেওয়া এই সিদ্ধান্ত অপ্রয়োজনীয় ভীতি ও অস্থিরতা সৃষ্টি করবে।

ওয়াশিংটন ডিসিতে দুই ন্যাশনাল গার্ড সদস্যের ওপর গুলির ঘটনায় যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতি আরো কঠোর করা হচ্ছে বলে প্রেসিডেন্ট ট্রাম্পে ঘোষণা করেছেন। যুক্তরাষ্ট্রের তালিকায় থাকা ১৯ ঝুঁকিপূর্ণ দেশ সহ তৃতীয় বিশ্বের দেশগুলোর নাগরিকদের জন্য এদেশে অভিবাসন স্থায়ীভাবে স্থগিতের কথা স্পষ্ট করে বলেন। আর তার এমন ঘোষণার পর ইএসসিআইএস সকল শরণার্থী এবং বিগত বাইডেন প্রশাসন আমলে গ্রীন কার্ডপ্রাপ্তদের সকল আবেদনসহ সকল কিছু স্ক্রিনিং ও ভেটিংয়ের উদ্যোগ নিয়েছে। এতে করে ট্রাম্প প্রশাসনের অভিবাসী বিরোধী কঠোর নীতি সামনের আরও তীব্র হচ্ছে। আর কঠোর অভিবাসন নীতির জন্য অভিবাসন প্রত্যাশী ও সাম্প্রতিক বছরগুলোতে বিভিন্ন রাজনৈতিক আশ্রয়ে গ্রীনকার্ড প্রাপ্তদের জন্য অনেকটা কঠিন সময় নেমে এসেছে বলে বলে ধারণা করা হচ্ছে। এছাড়াও প্রেসিডেন্ট ট্রাম্পের ঘোষণা অনুযায়ী ইউএস ইমিগ্রেশন এন্ড সার্ভিস তৃতীয় বিশ্বের দেশগুলোর অভিবাসন ব্যবস্থা বন্ধ করে দেয় তাহলে ওইসব দেশের নাগরিকরা আমেরিকার ভিসা ও অভিবাসন সুবিধা থেকে বঞ্চিত হতে পারেন।

এদিকে অ-নাগরিকদের সকল ফেডারেল সহায়তা এবং ট্যাক্স ক্রেডিট সহ সকল সুবিধা বন্ধের উদ্যোগের পরিকল্পনাও করছে ট্রাম্প প্রশাসন।

বার্তা সংস্থা সিএনএন, রয়টার্স ও নিউইয়র্ক টাইমসের প্রতিবেদন এর তথ্যমতে, বুধবার হোয়াইট হাউসের কাছাকাছি হামলার পর বৃহস্পতিবার থ্যাংকসগিভিং রাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অভিবাসন বিষয়ে আরও কঠোর অবস্থান ঘোষণা করেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র "সব তৃতীয় বিশ্বের দেশ থেকে অভিবাসন স্থায়ীভাবে স্থগিত করবে" এবং বাইডেন প্রশাসনের সময় অনুমোদিত আশ্রয় ও অভিবাসন নথিগুলো নতুন করে যাচাই করা হবে। তবে কোন দেশগুলোকে তিনি "তৃতীয় বিশ্ব" হিসেবে বিবেচনা করছেন, তা স্পষ্ট করেননি।

আইনগত সীমা ও সম্ভাব্য বিশৃঙ্খলার সতর্কতা

আমেরিকান ইমিগ্রেশন কাউন্সিলের কর্মকর্তা জর্জ লোয়েরি বলেন, নির্বাহী ক্ষমতার মাধ্যমে যুক্তরাষ্ট্রের অভিবাসন ব্যবস্থা 'স্থায়ীভাবে' পরিবর্তন করা সম্ভব নয়, কারণ অভিবাসন কাঠামো কংগ্রেস কর্তৃক নির্ধারিত। তার মতে, আদালত শেষ পর্যন্ত ট্রাম্পকে সীমাবদ্ধ করলেও এ ধরনের উদ্যোগ নীতি-প্রশাসনে বিশৃঙ্খলা বাড়াবে।

এদিকে ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্ট ঘোষণা দিয়েছেন, তিনি এমন নীতিমালা প্রস্তাব করবেন যাতে "অবৈধ অভিবাসীরা" কর প্রদানের পরও নির্দিষ্ট ট্যাক্স সুবিধা না পায় যদিও ট্যাক্স বেনিফিটের নিয়ন্ত্রণ মূলত কংগ্রেসের হাতে।

লাকানওয়াল ২০২১ সালে বাইডেনের 'অপারেশন অ্যালাইজ ওয়েলকাম' কর্মসূচির অধীনে যুক্তরাষ্ট্রে এসেছিলেন এবং এ বছর ট্রাম্প প্রশাসন তাকে আশ্রয় অনুমোদন দেয়। তদন্তকারীরা জানিয়েছেন, তিনি ওয়াশিংটন রাজ্য থেকে রাজধানীতে এসে .৩৫৭ ম্যাগনাম রিভলভার দিয়ে দুই গার্ড সদস্যকে লক্ষ্য করে গুলি চালান।

হামলার পর ট্রাম্প প্রশাসন ১৯টি দেশের গ্রিন কার্ডধারীদের পুনর্বিবেচনা প্রক্রিয়া শুরু করেছে, যার মধ্যে আফগানিস্তানও রয়েছে। তবে অভিবাসন বিশেষজ্ঞদের মতে, নির্বাহী ক্ষমতার মাধ্যমে যুক্তরাষ্ট্রের অভিবাসন কাঠামোতে 'স্থায়ী' পরিবর্তন আনা সাংবিধানিক সীমার বাইরে।

জাতিসংঘ যুক্তরাষ্ট্রকে শরণার্থী সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তির প্রতি সম্মান দেখাতে আহ্বান জানিয়ে বলেছে, সাম্প্রতিক ঘটনার জেরে ব্যাপক নীতিগত কঠোরতা মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকি বাড়াতে পারে। বিশেষজ্ঞরা মনে করছেন, একটি বিচ্ছিন্ন ঘটনার ভিত্তিতে কঠোর নীতি গ্রহণ শুধু প্রশাসনিক বিশৃঙ্খলা নয়, বরং হাজারো অভিবাসী পরিবারকে অনিশ্চয়তার মুখে ফেলবে।

২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচন সামনে রেখে অভিবাসন ও নিরাপত্তা– দুই ইস্যুই যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ময়দানে নতুনভাবে প্রাধান্য পাচ্ছে। ডিসি হামলা এই উত্তাপকে আরও বাড়িয়ে দিয়েছে, আর ট্রাম্পের সাম্প্রতিক ঘোষণায় তা আরও দীর্ঘস্থায়ী হওয়ার ইঙ্গিত মিলছে।

নিউইয়র্কে আইস'র অভিযানে বিক্ষোভকারীদের বাধা

প্রথম পৃষ্ঠার পর

আশপাশেই একটি অভিবাসন অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছিলেন। এই পরিস্থিতি শেষ পর্যন্ত অভিযানের পরিকল্পনাকে ব্যাহত করার অভিযোগে বিক্ষোভকারীদের গ্রেপ্তার করা হয়।

সিবিএস নিউজ জানায়, শনিবার সকাল ১১টার পরপরই কয়েকজন বিক্ষোভকারী চায়নাটাউনের সেন্টার স্ট্রিট ও হেস্টার স্ট্রিটের মোড় সংলগ্ন গ্যারেজটির সামনে অবস্থান নেন, যেখানে ইউএস কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন এবং ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি এর এজেন্টদের একে একে ঢুকতে দেখা যাচ্ছিল। কিছুক্ষণের মধ্যে এজেন্টদের গাড়ি বেরোতে শুরু করলে বিক্ষোভকারীরা বাধা তৈরি করে সেই পথ আটকে দেন এবং পাশে থাকা আবর্জনার ব্যাগ টেনে এনে অতিরিক্ত ব্যারিকেড তৈরি করেন। ঘণ্টাব্যাপী এই অচলাবস্থার মধ্যে বিক্ষোভকারীর সংখ্যা ক্রমাগত বাড়তে থাকে।

দুপুর নাগাদ রাস্তায় জড়ো হওয়া মানুষের সংখ্যা প্রায় ২০০-তে পৌঁছে যায়। নানা স্লোগানধ্বনিতে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে, আর গ্যারেজের ভেতর থেকে বারবার এজেন্টদের পরিস্থিতি পর্যবেক্ষণ করতে দেখা যায়। অতঃপর নিউইয়র্ক পুলিশ ঘটনাস্থলে এসে কয়েকজনকে গ্রেপ্তার করে এবং এজেন্ট ও বিক্ষোভকারীদের মাঝখানে ধাতব ব্যারিকেড বসিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করে। এ সময় একাধিক বিক্ষোভকারীকে গ্রেপ্তার করে পুলিশ।

আফগানদের অভিবাসন স্থগিত করলো যুক্তরাষ্ট্র

প্রথম পৃষ্ঠার পর

(ইএসটি) ফাররাগাট স্কয়ার মেট্রোস্টেশনের কাছে এ হামলার ঘটনা ঘটে। আই স্ট্রিটের কোণের এই জায়গাটিতে অনেকেই দুপুরের খাবারের জন্য আসেন। ওই হামলায় দুই ন্যাশনাল গার্ড সদস্য গুরুতর আহত হন। পরবর্তীতে বৃহস্পতিবার আহত দুইজনের মধ্যে ২০ বছর বয়সী নারী গার্ড সদস্য চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

প্রথমে হামলাকারীর পরিচয় পাওয়া না গেলেও পরে জানা যায় হামলাকারী আফগান বংশোদ্ভূত। নাম রহমানুল্লাহ লাকানওয়াল। ২০২১ সালের সেপ্টেম্বরে 'অপারেশন অ্যালাইজ ওয়েলকাম' কর্মসূচির আওতায় আফগানিস্তান থেকে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছিলেন লাকানওয়াল।

আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহারের পর তৎকালীন প্রেসিডেন্ট জো বাইডেন এই কর্মসূচির আওতায় ৮৫ হাজার আফগান নাগরিককে বিশেষ অভিবাসন সুরক্ষার সুবিধার মাধ্যমে যুক্তরাষ্ট্রে নিয়ে আসেন।

জানা গেছে, লাকানওয়াল ২০২৪ সালে 'অপারেশন অ্যালাইজ ওয়েলকাম' কর্মসূচির আওতায় যুক্তরাষ্ট্রে আশ্রয়ের জন্য আবেদন করেছিলেন। পরবর্তীকালে চলতি বছরের শুরুর দিকে সেই আবেদন মঞ্জুর হয়।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই হামলাকে 'সন্ত্রাসী কর্মকাণ্ড' বলে আখ্যা দিয়েছেন। তিনি ঘোষণা করেছেন, যেকোনো দেশ থেকে আসা বিদেশিদের, যাঁদের এখানে থাকার কথা নয়, তাঁদের সরিয়ে দিতে কঠোর পদক্ষেপ নেবেন। তিনি আরও বলেছেন, 'বাইডেনের আমলে আফগানিস্তান থেকে আসা প্রত্যেক ব্যক্তিকে পুনরায় যাচাই করতে হবে।' এদিকে আর এ ঘটনার পর ট্রাম্প প্রশাসন ডিসিতে আরো ৫০০ ন্যশনাল গার্ড মোতায়েন করার সিদ্ধান্ত নিয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রী পিট হেগসেথ বুধবার জানান, প্রেসিডেন্ট ট্রাম্পের নির্দেশে ডিসিতে আরো ৫০০ ন্যশনাল গার্ড মোতায়েন করা হচ্ছে। নতুন সদস্যরা ডিসিতে থাকা আগের ২,২০০ সৈন্যের সঙ্গে যুক্ত হবেন।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

মিডিয়া বৈঠকটিকে 'আন্তর্জাতিক বৈঠক' বলে অভিহিত করে। এদিকে ট্রাম্প-মামদানীর বৈঠক-কে বাংলাদেশী কমিউনিটিতেও ব্যাপক আলোচিত হয়েছে। কেউ কেউ বৈঠকটি-কে 'পিতা-পুত্র' আবার 'নানা-নাতি'র বৈঠক হিসেবে অভিহিত করেছেন। জ্যামাইকা, এস্টোরিয়া, জ্যাকসন হাইটস প্রভৃতি এলাকায় বাংলাদেশীদের সাথে আলাপকালে এমন প্রতিক্রিয়া পাওয়া যায়। উল্লেখ্য, জোহরান মামদানী আগামী ১ জানুয়ারী নিউইয়র্ক সিটির মেয়রের দায়িত্ব নিচ্ছেন।

২৩ নভেম্বর ২০২৫

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নতুন আইন, ফরম আই -১৩১ এর অধীনে মা-বাবার জন্য সন্তানদের আবেদন:

- সন্তানদের জন্ম সনদ, পাসপোর্ট এবং দত্তক নেয়ার ডিগ্রীর সনদ (যদি সন্তানটিকে দত্তক নেয়া হয়),
- পিতা-মাতার বিবাহের সনদ (এই বিয়েটা হতে হবে অবশ্যই জুন ১৭, ২০২৪-এর পূর্বে),
- জুন ১৭, ২০২৪ পর্যন্ত সন্তানের ইউএস এ অবস্থানের প্রমাণপত্র,
- আবেদনের যথাযথ ফি ।

প্যারোল ইন প্লেস'র আবেদনের ফরম আই -১৩১ এফ জন্য প্রয়োজনীয় আবেদনপত্র : আই-১৩১ এফ এর জন্য যেসব ডকুমেন্ট দিতে হবে:

- বৈধ পাসপোর্ট
- জন্ম সনদ
- ড্রাইভার্স লাইসেন্স/স্টেট আইডি
- বিয়ের সনদ
- স্বামী/ স্ত্রীর ইউএসএ'র নাগরিকত্বের প্রমাণ- ইউএসএ'র নাগরিকত্ব / ইউএসএ'র জন্ম সনদ/ ইউএস পাসপোর্ট
- দুই কপি ছবি
- আবেদনের ফি।

১৭ জুন ২০২৪ এর পূর্বে ইউএসএ'তে বসবাসের প্রমাণ:

যেমন:

- ইউএসএ জন্মনেয়া সন্তানদের জন্ম সনদ
- ব্যাংক লেনদেনের রেকর্ড
- ট্যাক্স রিটার্ন
- মেডিকেল রেকর্ড
- ইউটিলিটি বিল
- মেইল
- ড্রাইভার্স লাইসেন্স /স্টেট আইডি, টাইটেল এবং গাড়ির রেজিস্ট্রেশন, লীজ, ভাড়ার রশিদ, ভিডস্, মর্টগেজ, ভাড়ার চুক্তিনামা, ইন্স্যুরেন্স পলিসি।

উল্লেখ্য যে এই বিষয়টি অর্থাৎ নতুন আইন, ফরম আই-১৩১ এর অধীনে মা-বাবার জন্য সন্তানদের আবেদনের বিষয়ের পূর্বেও এই বিভাগে আলোচনা করা হয়েছে একাধিকবার।

কিন্তু আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে বিষয়টি সম্পর্কে পুনরায় আলোচনা করা হলো।

এই বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে আপনাদের এই বিভাগের লেখাগুলো নিয়মিত পড়ুন এবং আপনাদের প্রশ্ন ও তার সম্পূর্ণ ধারণা লাভ করুন।

ন্যাচারালাইজেশন ইন্টারভিউ:

ইন্টারভিউ এর সময় ব্যাকগ্রাউন্ড এবং আবেদনপত্র সম্পর্কে প্রশ্ন করা হয়। এছাড়াও ইংরেজি এবং সিভিক জ্ঞান সম্পর্কে প্রশ্ন করা হয়।

ইংরেজি পরীক্ষার সময় পড়া, লেখা এবং কথাবলাসহ ইংরেজি ভাষা বোঝার মতো দক্ষতা আছে এটাও প্রমাণ করতে হয়।

সিভিক টেস্টের সময় গর্ভনমেন্ট এবং ইতিহাস সম্পর্কে গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর দিতে হয়। আবেদনকারী দুটি পরীক্ষায় দিতে হয়। তবে কোন কোন আবেদনকারীকে তার বয়স এবং কিছু শারীরিক অবস্থা বিবেচনায় কিছু পরীক্ষা মওকুফ করা হয়।

যেমন শারীরিক অবস্থা কিংবা বয়স জনিত কারণে এবং মেডিকেল টেস্ট রহিত করার অনুমোদন মঞ্জুর হলে আবেদনকারী নিজ ভাষায় প্রশ্নের উত্তর দিতে পারবেন - কিংবা তাকে পরীক্ষা দিতে হবে না। এন-৬৪৮ এর জন্য ৩টি মৌলিক বিষয় লাগবে–

১) ব্যক্তির শারীরিক অক্ষমতা;
২) ১২ মাস একই আবহাওয়া থাকা;
৩) সিভিক জ্ঞান অর্জন করতে না পারলে ডাক্তারের মতায়ন লাগবে এ ব্যাপারে।

ডিসেম্বর ২০২৫ ভিসা বুলেটিন :

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ডিসেম্বর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ডিসেম্বর ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর তাতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে ঐ তারিখের পূর্বে।

ডিসেম্বর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

কিছু আচ্ছাদন থাক
নাজনীন খলিল



প্যাস্টেল পটচিত্রে মোড়ে যাক
দেয়ালের বুদবুদ ওঠা নোনাক্ষতগুলো।

বেজে যাক যুথবদ্ধ নান্দনিক শব্দের ম্যাজিক
উঠুক করতালে ঝমাঝম ধ্বনি
চকচকে ব্লেডের ধারে কাটা আঙ্গুলের ডগা
ধ্রুপদী তালের কিছু রাগরংয়ে ঢাকা পড়ে থাক।
শোণিতস্রোতের ফল্গু বয়ে যাক গোপনে গোপনে।

প্যাডলকে হাত রেখে চাবি খুঁজে না পাওয়ার মতো
অনুচ্চারে আটকে যাওয়া কথাগুলো
বাতিল পাপড়ির মতো শার্সির বাইরে দিয়েছি তো ফেলে!
তবু কেন যে কখনো কখনো
বাতাসের তোড়ে বুমেরাং হয়ে ফিরে আসে ;
জলতরঙ্গ বাজানোর আহ্লাদ-ইচ্ছায়
জলের নুড়িতে পিতলের মুদ্রা ছুঁড়ে দিলে
যেমন ভোঁতা একটা টং শব্দ বাজে
বেজে ওঠে তেমনি অস্ফুট এক স্বর শুধু ;
যথার্থ সরব নয়।
কথার শূন্যমাঠে কিছু অনুচ্চারিত হাহাকারের
চিহ্নই কেবল জমা হয়।

বাজুক তুমুল কোলাহলের অর্কেস্ট্রা ;
নীরবতার হীনজীর্ণ মাৎস্যন্যায় ভেঙ্গে
কথকের বোলে বেজে যাক এক জোড়া প্রবল ঘুঙুর।

মেঘরঙ এবং তুমি
শাহীন রেজা

মেঘরঙ শাড়ীতে তোমাকে দারুণ মানায়
অথচ তুমি মেঘ ভালোবাসো না, বৃষ্টিও-

ঝরার আনন্দ তোমাকে স্পর্শ করে না একদম
ভালোবাসবে অথচ পতনের স্বাদ নেবে না ;
তা কি করে হয়?

তোমার জন্য সূর্যকে বিদায় জানিয়েছি
সমস্ত নীপবনে টাঙ্গিয়েছি ধূসর ত্রিপল
মেঘমল্লার আহ্বান জানিয়েছি তানসেনে
আজ কিছুতেই পালাতে পারবে না তুমি
অঝোরের আহ্বানে ভেসে উঠতে হবে তোমাকে
জেগে উঠতে হবে ময়ূর নিক্কনে-

ভিজতে ভিজতে ধূয়ে যাবে পঙ্কিলতা
আর পবিত্র চাদরের নীচে কতো সহজেই
পাশাপাশি আমরা, কাছাকাছি
ভালোবাসার জন্য ওড়া যতোটা জরুরি
ঠিক ততোটাই নেমে আসা।

স্বপ্নগুলো মেঘের আড়ালে
সুফিয়ান আহমদ চৌধুরী

আমার স্বপ্নগুলো মেঘের আড়ালে
নিয়ত ভিজে নোনা জলে
কখনো পুড়ে তাপিত জলের স্পর্শে
সঙ্গতই থেমে গেছে জীবনের খেলা।

পাখির কোলাহল নেই এখন
নেই কোথাও সুর কিংবা আলোর মেলা,
সবুজের সমারোহ বিবর্ণ
যেনো কতকাল পড়েনি রোদের প্রোটিন।

পরাজিত বুকে এখন আর স্বপ্ন আসে না
এখন আর একটি ঘাস ফুলে দেখি না
প্রজাপতি কিংবা পাখির প্রেম,
যেনো পৃথিবীতে সুবাসিত হৃদয়ের আকাল-
ফলে উঠোনে উঠোনে হাসে না জীবন।

আমাদের আবার আসুক পাখি ডাকা ভোর
আমরা আবার ফুটতে চাই-
এক বৃন্তে যেমন ফোটে অজস্র ফুল।



গ্রহ আলোড়ন
আমিনুল ইসলাম

সময় খুঁটে দেখলে বিষাদের চিহ্ন
বিহীন মানুষকে খোঁজে পাওয়া
দুর্লভ। খুইক্ষেতের সবুজ মোলায়েম
পাতার অন্তরালে দখল নিয়েছে
বুনোহাঁস। হিরন্ময় দুনিয়া ধূসর শীতল
ক্ষীরের মতোন। ভালোবেসেছি আমি
একটি অবিনশ্বর মহাসমুদ্রের মতো
নারীর নব নিবিড় মন। সেখানে জলের
তর্জনী মিলে গেছে পুরানো নদীর ভাঙনের সাথে।
আমি জল হতে
তুলে রাখি সে নিরুজ্জ্বল নক্ষত্রের
গ্রহ আলোড়ন।

ঠোঁট সড়কে
দ্বীপ সরকার

চলন্ত ট্রেনের হুইসেলের মতো
মিনারে আযান ফোটে
এমন ভোরে
চিকচিকে দাঁতের পাশ দিয়ে
এক মুগ্ধকর রজনী চলে গেলো

কোথাকার হাত
পিপিলিকার মতো আমিদূর ছুঁয়ে
পরিচ্ছন্ন অভিনয়ে
ভেঙ্গেছে ঘুমের নদী

পরস্পর, ভীষণ রাক্ষুসে ভাষার চোখে
চুলের অগ্রভাগে
মিলিয়েছি রাত
বিযুক্তির চিহ্নের মতো
ঠোঁটে পরেছিলো মসৃণ টান
তবুও যদি, প্রেমের টান ধরে
হেঁটে যাই ঠোঁট সড়কে

প্রশ্নবোধক চিহ্ন
হাশিম কিয়াম

ভালোবাসতে গিয়ে প্রশ্নবোধক চিহ্ন
হয়ে গেছি
উত্তরমালা মুখস্থ করে পদদলিত অপেক্ষার
উঠোনে খিলখিল হাসছো তুমি
আমার কি সাধ্য আছে রোদের বৃষ্টি হয়ে ভিজিয়ে দেওয়ার
কাঠগোলপের পাপড়িতে যে তুমি এঁকেছো
অজস্র গ্রহের মাটিচাপা ব্যথার কাব্য
আমি কি ছুঁতে পারবো তোমার উজ্জ্বল ছায়ার
পাথর?
হারিয়ে গেছো তুমি খোঁজার আগেই অথচ
রেখে গেছো ঘাসফুলের মাঠে ভেজা চোখের আগুন
আমি কি হতে পারবো দুরন্ত কামার?
সময় গিলে খাওয়া সময়ের শিঙে গেঁথে কীভাবে
বলি, এই নাও একগুচ্ছ আগুন লাগা শিমুল
প্রশ্নবোধক চিহ্নেরও কি প্রশ্ন থাকে?



মৃত্যুপ্রণালি
সাজ্জাদ সাদিক

মানুষের এমন অনাকাঙ্ক্ষিত মৃত্যু দেখে
আমার অমানুষ হতে ইচ্ছে হয়,
ইচ্ছে হয় গহীন সুন্দরবনের চিত্রা হরিণ হয়ে
ভোরের কুয়াশা ও মৃদু রোদের ভেতর
ঘাস খেতে খেতে আঁচ করি স্বীয় মৃত্যুপ্রণালি ।
যে মৃত্যু আমি কখনো কল্পনা করতে পারি না
সে অনাকাঙ্ক্ষিত মৃত্যু যেন আমায় স্পর্শ না করে ।
বিচিত্র মৃত্যুর এই জগতে আমাদের সবারই
স্বাভাবিক নিয়মে মরতে ইচ্ছে হয় ।



নির্বাচনে ৩ স্তরে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন, থাকবে ট্র্যাকিং ফোর্সও

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনটি ভাগে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন করা হবে। কেন্দ্রভিত্তিক, মোবাইল টিম ও সেন্ট্রাল রিজার্ভ। এছাড়া সাইট ট্র্যাকিং ফোর্সও থাকবে।

আজ বৃহস্পতিবার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে বৈঠক শেষে নির্বাচন কমিশনের (ইসি) জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান।

ইসির জ্যেষ্ঠ সচিব বলেন, ফেসবুকসহ সামাজিক যোগাযোগমাধ্যমকে মনিটরিংয়ের জন্য সাইবার সিকিউরিটি মনিটরিং সেল গঠন করা হবে।

তিনি বলেন, নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে এটাই আমাদের চূড়ান্ত বৈঠক। স্বরাষ্ট্র মন্ত্রণালয় আইনশৃঙ্খলা বাহিনীকে দিকনির্দেশনা দেবে। ইসি মনিটরিং করবে এখান থেকে।

ইসি সচিব আরও বলেন, সাইবার সিকিউরিটি জন্য এনটিএমসির অ্যাপ ব্যবহার করা হবে। আইনশৃঙ্খলা বাহিনীর মোবাইল টিম কয়টি কেন্দ্র পর্যবেক্ষণ করবে তা ঠিক করবে আইনশৃঙ্খলা বাহিনী। চিহ্নিত সন্ত্রাসীদের আরও নজরদারির আওতায় আনা হবে। প্রয়োজনে গ্রেপ্তার করা হবে।

এনআইডি সেবায় বিশৃঙ্খলা ঠেকাতে রোডম্যাপ নেই ইসি'র

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সেবার ক্ষেত্রেও সঠিক সিদ্ধান্তটাই জরুরি। সেটাই নিতে পারছেন না নীতি নির্ধারকরা। কারণ, এনআইডি সেবা দিতে গিয়ে নানা ধরনের বিশৃঙ্খলা তৈরি করেছে নির্বাচন কমিশন (ইসি)। সেই বিশৃঙ্খলা থেকে বের হয়ে আসার কোনো রোডম্যাপ তাদের নেই। এখনো প্রতি মাসে দেড় থেকে দুই লাখ মানুষ নতুন করে তাদের এনআইডি সংশোধন করতে নির্বাচন কমিশন অফিসগুলোতে দৌড়ান। আগের ক্রমপুঞ্জীভূত সংখ্যার সঙ্গে নতুন সংখ্যাটি যোগ হয়ে মোট সংখ্যাটিকে বড় করে। এ অবস্থায় যদি তিন মাসের বেশি সময় এনআইডি সেবা বন্ধ থাকে, তাহলে সেবাপ্রত্যাশীদের ওপর এক বিশাল বোঝা চেপে বসবে।

গত সোমবার বিকেল ৪টার পর থেকে জাতীয় এনআইডি সংশোধন কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। নির্বাচন পর্যন্ত এনআইডি সংশোধন বন্ধ থাকবে। ওইদিন নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক এএএম হুমায়ুন কবীর জানান, ভোটার তালিকার কাজ চলমান থাকায় এনআইডির তথ্য ও ভোটার তালিকার তথ্যে অমিল তৈরি হতে পারে। এতে সংশ্লিষ্ট ব্যক্তির ভোট দেওয়া বাধাগ্রস্ত হতে পারে।

এখনো নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের শিডিউল ঘোষণা করেনি। আগামী মাসে তা ঘোষণা করার কথা রয়েছে। ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন অনুষ্ঠানের কথা জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। প্রথমার্ধে নির্বাচন হলেও গেজেট জারিসহ আনুষঙ্গিক কাজে পুরো ফেব্রুয়ারিই ব্যস্ত থাকবে কমিশন। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে, নির্বাচনের ১৫ দিন পরেও এনআইডি সংশোধন কার্যক্রম শুরু হয় না। তা ধরলে তিন মাসের বেশি সময় সংশোধন কাজ বন্ধ থাকবে।



গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার মোক্তারপুর গ্রামের ফারুক হোসেন জানান, যেকোনো নির্বাচনের পরই এনআইডি সেবা বন্ধ রাখে নির্বাচন কমিশনের স্থানীয় অফিস। সবশেষ উপজেলা নির্বাচনের ১৫ দিন পরও এনআইডি সংশোধন কাজ শুরু করেনি কালীগঞ্জের স্থানীয় কর্তৃপক্ষ। তিনি ঢাকা থেকে শুধু সংশোধিত কার্ডটি সংগ্রহ করতে কালীগঞ্জ গিয়েছিলেন। তাকে দেওয়া হয়নি। অথচ সংশোধনের কাজ আগেই করা হয়েছিল। শুধু সরবরাহের কাজটি স্থানীয় অফিস করেনি। নির্বাচনের দোহাই দেওয়া হয়। এই কার্ডটির জন্য তিনি পাসপোর্ট করাতে পারেননি।

এনআইডি সংশোধন নিয়ে সাধারণ মানুষের হয়রানির শেষ নেই। প্রতিদিন শত শত মানুষ *১২-এর পৃষ্ঠায় দেখুন*

তফসিলের পরই আইনশৃঙ্খলা বাহিনী'র অভিযান

- নির্বাচনের তফসিল ঘোষণার পর দেশজুড়ে শুরু সাঁড়াশি অভিযান
- অভিযান নিয়ে সরকারের নীতিগত সিদ্ধান্তের পর ছক তৈরি চলছে
- অস্ত্রধারী সন্ত্রাসী, চাঁদাবাজ, দখলদার, দুর্নীতিবাজদের তালিকা চূড়ান্ত
- বিভিন্ন সংস্থার তথ্য ছাড়াও নানা স্তরের মানুষের পরামর্শ নেওয়া হয়েছে

বাংলা পত্রিকা ডেস্ক: সারা দেশে অচিরেই সাঁড়াশি অভিযান শুরু হচ্ছে। অস্ত্রধারী সন্ত্রাসী, চিহ্নিত চাঁদাবাজ, দখলদার, দুর্নীতিবাজ এবং জুলাই গণ-অভ্যুত্থানের পর নতুন গজিয়ে ওঠা সন্ত্রাসীদের আইনের আওতায় আনতে এই অভিযান চালাবে অন্তর্বর্তী সরকার। এ বিষয়ে নীতিগত সিদ্ধান্তের পর অভিযান পরিচালনার ছক তৈরির কাজ চলছে।

অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টার কার্যালয়ের দায়িত্বশীল সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র বলেছে, আগামী মাসে (ডিসেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পর এই অভিযান শুরু হবে। বিশেষ এই অভিযানকে সামনে রেখে স্থানীয় পর্যায়ের চিহ্নিত সন্ত্রাসী, চাঁদাবাজ, দখলদার ও দুর্নীতিবাজদের তালিকা চূড়ান্ত করা হয়েছে।

প্রধান উপদেষ্টার কার্যালয়ের উচ্চপর্যায়ের এক কর্মকর্তা দেশের একটি গণমাধ্যমে বলেন, জাতীয় নির্বাচনকে সামনে রেখে দেশের সব জেলায় নতুন করে জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপার (এসপি) পদায়ন করা হচ্ছে। গুরুত্বপূর্ণ এ দুটি পদে নতুন কর্মকর্তারা দায়িত্ব নেওয়ার পর বড় পরিসরে অভিযান শুরু হবে। অস্ত্রধারী সন্ত্রাসীরা ভোটে যেন কোনো প্রভাব রাখতে না পারে, সে লক্ষ্যে তাদের আইনের আওতায় আনা হবে। সরকারের ঘোষণা অনুযায়ী আগামী নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করা হবে। তিনি বলেন, এই অভিযান চালানোর বিষয়ে সরকার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। তবে অভিযানের নাম ও দিনক্ষণ এখনো চূড়ান্ত হয়নি। সংশ্লিষ্টদের সঙ্গে আলাপ করে শিগগির অভিযান নিয়ে বিস্তারিত পরিকল্পনা করা হবে। জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণার পরপরই এই অভিযান শুরু হতে পারে।

সূত্র জানায়, জুলাই গণ-অভ্যুত্থানের পর আইনশৃঙ্খলা পরিস্থিতি খুব একটা স্বস্তিদায়ক হয়নি। বেশ কয়েকজন শীর্ষ সন্ত্রাসী জামিনে কারাগার থেকে মুক্তি পেয়ে আবার সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছে। গণ-অভ্যুত্থানের সময় বিভিন্ন থানা থেকে অস্ত্র খোয়া গেছে। অভিযান চালিয়ে ও পুরস্কার ঘোষণা করেও অনেক অস্ত্র এখনো উদ্ধার হয়নি। আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ও সন্ত্রাসীদের আইনের আওতায় আনতে চলতি বছরের ৮ ফেব্রুয়ারি যৌথ বাহিনীর সমন্বয়ে 'অপারেশন ডেভিল হান্ট' শুরু হয়। ওই অভিযানেও আশানুরূপ ফল পাওয়া যায়নি।

আগামী ফেব্রুয়ারিতে ত্রয়োদশ সংসদ নির্বাচন অনুষ্ঠানের জন্য ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে তফসিল ঘোষণার পরিকল্পনার কথা জানিয়েছে নির্বাচন কমিশন। অনেকের আশঙ্কা, তফসিল ঘোষণার পর দেশের আইনশৃঙ্খলার অবনতি হতে পারে, যা নির্বাচনের সুষ্ঠু পরিবেশকে নষ্ট করতে পারে। এ পরিস্থিতিতে গত বৃহস্পতিবার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সভায় নির্বাচন কমিশনের পক্ষ থেকে অবৈধ অস্ত্র উদ্ধার, বৈধ অস্ত্র জমা নেওয়া, গোয়েন্দা নজরদারি বাড়ানো, সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াসহ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে তৎপরতা বাড়াতে বলা হয়েছে।

বিভিন্ন স্থানে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষ ও সহিংসতার ঘটনা ঘটছে। রাজনৈতিক দলের নেতাদের অন্তর্কোন্দলেও সংঘর্ষ হচ্ছে। চাঁদাবাজি, দখল ও দুর্নীতির অভিযোগ উঠেছে।

সূত্র জানায়, বিভিন্ন গোয়েন্দা সংস্থা এবং দুর্নীতি দমন কমিশনের (দুদক) মাধ্যমে সন্ত্রাসী, চাঁদাবাজ, দখলদার ও দুর্নীতিবাজদের একটি প্রাথমিক তালিকা করা হয়েছে। পরে তালিকাটি যাচাই-বাছাই করে চূড়ান্ত করা হয়। সরকারের বিভিন্ন সংস্থার তথ্য ছাড়াও সমাজের বিভিন্ন স্তরের মানুষের কাছ থেকে পরামর্শ নিয়ে তালিকাটি তৈরি করা হয়েছে।

সূত্র আরও বলছে, গত এক বছরে অনেক জায়গায় রাজনৈতিক নেতা-কর্মী ছাড়াও প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের বিরুদ্ধেও দুর্নীতির অভিযোগ উঠেছে। তাই বিদ্যমান কর্মকর্তাদের দায়িত্বে রেখে অভিযান চালাতে চায়নি সরকার। এতে নিরপরাধ অনেকে ফেঁসে যাওয়ার আশঙ্কা রয়েছে। এ জন্য মাঠ প্রশাসনের শীর্ষ পদগুলোতে নতুন কর্মকর্তাদের পদায়ন শেষ হওয়ার পর এই অভিযান চালানোর সিদ্ধান্ত হয়েছে। ডিসি-এসপিদের মতো উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) পদে নতুনদের পদায়ন শুরু হয়েছে।

একজন কর্মকর্তা বলেন, সরকারের পক্ষ থেকে ভোটের আগে বিশেষ এই অভিযানে মূলত অস্ত্র উদ্ধারের জন্য বলা হবে। তবে এই অভিযানে চিহ্নিত সন্ত্রাসী, চাঁদাবাজ, দখলদার এবং হুট করে গজিয়ে ওঠা চাঁদাবাজ-দখলদারদের গ্রেপ্তার করা হবে। এ জন্য সরকারের পক্ষ থেকে এলাকাভিত্তিক সন্ত্রাসী, চাঁদাবাজ ও দখলদারদের তালিকা করা হয়েছে।

সূত্র জানায়, এই অভিযান নিয়ে রাজনৈতিক অঙ্গনে যাতে কোনো বিতর্ক না ওঠে, সে জন্য সরকার সতর্কতার সঙ্গে পদক্ষেপ নিচ্ছে। এই অভিযানে রাজনৈতিক দলের নেতা-কর্মীরা গ্রেপ্তার হলে প্রতিক্রিয়া কেমন হতে পারে, তা মাথায় রাখছে সরকার। এই অভিযানকে কেন্দ্র করে কেউ যাতে বড় ইস্যু সৃষ্টি করতে না পারে, সে বিষয়টিও সরকারের পর্যালোচনায় রয়েছে।

এ বিষয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ের একজন কর্মকর্তা বলেন, অভিযানে সরকার জনগণের সমর্থন পাবে বলে তাঁরা আশাবাদী। তবে অভিযান নিয়ে কোনো রাজনৈতিক দল সমালোচনা করলে অভিযান চালিয়ে যাওয়া মুশকিল হবে। সব বিষয়ই সরকার আমলে নিয়ে অভিযানের পরিকল্পনা সাজাচ্ছে।

পুলিশের একটি সূত্র জানায়, বিশেষ অভিযানের পরিকল্পনা করে সরকার পুলিশ বাহিনীকে জানালে বাহিনীর পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে মিলে এই অভিযান করতে হলে পুলিশ যথাযথ ভূমিকা পালন করবে।

এই বিশেষ অভিযানের বিষয়ে জানতে চাইলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা মন্তব্য করতে অপারগতা প্রকাশ করেন।

জানতে চাইলে পুলিশের মহাপরিদর্শক (আইজি) বাহারুল আলম বলেন, 'এ বিষয়ে আমাদের সঙ্গে এখনো কেউ আলোচনা করেননি।'

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন
Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

বাংলাদেশি প্রফেশনালস'র অভিষেক অনুষ্ঠান

শেষ পৃষ্ঠায় পর

গত ২৯ নভেম্বর শনিবার সন্ধ্যায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। যুক্তরাষ্ট্রের ৫০টি স্টেটের প্রফেশনাল বাংলাদেশীদেরকে এক সুতায় গাঁথার লক্ষ্যে সম্প্রতি 'বাংলাদেশী প্রফেশনালস' প্ল্যাটফর্মের পথচলা শুরু হয়। কমিউনিটির বেকার এবং বিভিন্ন পেশায় কর্মরতদের সবাইকে একে অন্যের সাথে পরিচিত করাই সংগঠনটির মূল লক্ষ্য।

অনুষ্ঠানে টাইম টিভি সিইও ও বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের, নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬ এর আগামী নির্বাচনে প্রার্থী মেরি জোবাইদার, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, আয়োজক সংগঠনের সভাপতি শেখ এনামুল কবির, সহ সভাপতি সাঈদ এম আলম, অনুষ্ঠানের স্পন্সর সালাম ভূঁইয়া, ফজলুল হক সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন। এছাড়াও বাংলাদেশী প্রফেশনালসের বিভিন্ন কার্যক্রমের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শন প্রদর্শন করা হয়। নওশীন নেহরিন মৌ এর উপস্থাপনায় অনুষ্ঠানে প্রবাসের জনপ্রিয় শিল্পীরা মনোজ্ঞ সংগীত পরিবেশন করেন।











ভেনেজুয়েলার আকাশসীমা 'পুরোপুরিই বন্ধ' বলে বিবেচনা করুন

৩-এর পৃষ্ঠায় পর

দাবি, মাদকের পাচার ঠেকাতে এই সামরিক শক্তি মোতায়েন করা হয়েছে। কিন্তু কারাকাসের দাবি, মাদুরো সরকারকে উৎখাত করাই ওয়াশিংটন আসল উদ্দেশ্য।

গত সেপ্টেম্বর মাসের শুরু থেকে ক্যারিবীয় সাগর ও পূর্ব প্রশান্ত মহাসাগরে ২০টির বেশি 'মাদকবাহী' নৌযানে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। এসব হামলায় ৮০-এর বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। এসব নৌযান ভেনেজুয়েলার বলেও দাবি করা হচ্ছে।

কিন্তু এসব নৌযান মাদক পাচারের সঙ্গে জড়িত, যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত এমন কোনো প্রমাণ দিতে পারেনি। তা ছাড়া নৌযানগুলো যুক্তরাষ্ট্রের নিরাপত্তার জন্য হুমকি তৈরি করেছিল, এমন কোনো প্রমাণও তারা দিতে পারেনি।

যুক্তরাষ্ট্রের এসব অভিযান এবং সামরিক শক্তি মোতায়েনের কারণে অঞ্চলটিতে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে।

গত সপ্তাহে যুক্তরাষ্ট্রের বেসরকারি উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ ভেনেজুয়েলার আকাশসীমায় চলাচলকারী বেসামরিক উড়োজাহাজকে 'সতর্কতা অবলম্বনের' নির্দেশ দিয়েছে। কারণ হিসেবে তারা বলেছে, 'ভেনেজুয়েলা ও আশপাশের অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতির অবনতি এবং সামরিক তৎপরতা বেড়েছে।'

এই সতর্কবার্তার পর দক্ষিণ আমেরিকার আকাশপথে চলাচলকারী ছয়টি বড় এয়ারলাইনস ভেনেজুয়েলাগামী নিজেদের সব ফ্লাইট স্থগিত করেছে। এয়ারলাইনসগুলো হলো– স্পেনের ইবেরিয়া, পর্তুগালের টিএপি, কলম্বিয়ার অ্যাভিয়াঙ্কা, চিলি ও ব্রাজিলের ল্যাটাম (এলএটিএএম), ব্রাজিলের গোল (জিওএল) এবং তার্কিশ এয়ারলাইনস।

ফ্লাইট স্থগিতে ক্ষুব্ধ কারাকাস এসব এয়ারলাইনসকে নিষিদ্ধ ঘোষণা করে।

শুক্রবার নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়, গত সপ্তাহে ডোনাল্ড ট্রাম্প ও নিকোলা মাদুরো ফোনে কথা বলেছেন। দুই নেতা যুক্তরাষ্ট্রে সম্ভাব্য এক বৈঠক নিয়েও আলোচনা করেছেন।

ট্রাম্প-মাদুরো ফোনালাপের খবর প্রকাশের আগের দিন প্রেসিডেন্ট ট্রাম্প বলেছিলেন, স্থলপথে ভেনেজুয়েলার মাদক পাচার ঠেকাতে যুক্তরাষ্ট্র খুব শিগগির পদক্ষেপ নিতে যাচ্ছে। ট্রাম্পের এ ঘোষণার পর ওয়াশিংটন-কারাকাস উত্তেজনা আরও বেড়েছে।

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

অবৈধ ভারতীয় শ্রমিকদের বিরুদ্ধে অভিযান জোরদার কানাডার

বাংলা পত্রিকা ডেস্কঃ ভারতীয় অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে চলতি বছর অভিযান জোরদার করেছে কানাডার অভিবাসন কর্তৃপক্ষ। গত কয়েক বছরের মধ্যে কানাডায় সবচেয়ে ব্যাপক ও বিস্তৃত অভিযানগুলোর মধ্যে এটি অন্যতম।

কানাডার ক্যালগারি শহরের বিভিন্ন নির্মাণাধীন স্থাপনা থেকে শুরু করে টরোন্টো ও ভ্যাংকুভারের আশপাশের রেস্তোরাঁ ও খামারে এসব অভিযান চলছে। এসব স্থানে ভিসার মেয়াদ পেরিয়ে যাওয়া সাবেক শিক্ষার্থী বা অস্থায়ী যেসব কর্মী কাজ করেন, গত আগস্ট মাস থেকে তাঁদের আটক বা দেশত্যাগের নির্দেশ দেওয়া হয়েছিল।

গত ১৫ অক্টোবর ক্যালগারির একটি নির্মাণাধীন স্থাপনায় বড় অভিযান চালিয়ে চারজন অবৈধ শ্রমিককে আটক করা হয়। তাঁদের মধ্যে তিনজন ছিলেন ভারতের নাগরিক। এখন তাঁদের নিজ দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে।

এর আগে সেপ্টেম্বরে টরোন্টোর পিল অঞ্চলে অভিযান চালিয়ে ৫০ জনের বেশি ভারতীয় শ্রমিককে শনাক্ত করা হয়। তাঁদের অনেকে ভারতের পাঞ্জাব থেকে কানাডায় পড়াশোনা করতে গিয়েছিলেন। শিক্ষার্থী ভিসার মেয়াদ শেষেও তাঁরা অবৈধভাবে কাজ করছিলেন। তাঁদের নিয়োগদাতা প্রতিষ্ঠানগুলোকে আইন লঙ্ঘনের প্রতিটি ঘটনার জন্য সর্বোচ্চ ৫০ হাজার কানাডীয় ডলার জরিমানা করা হয়েছে।

কানাডার বর্ডার সার্ভিসেস এজেন্সি (সিবিএসএ) এসব ধর-পাকড়কে 'দেশের অভ্যন্তরে আইনপ্রয়োগ অভিযানের' বৃহত্তর কর্মসূচির অংশ বলে জানিয়েছে। অবৈধ কর্মসংস্থান এবং চোরাচালানের বিভিন্ন নেটওয়ার্ককে নিশানা করাই এ অভিযানের লক্ষ্য।

সিবিএসএ সম্প্রতি ঘোষণা করেছে, তারা অতিরিক্ত এক হাজার কর্মকর্তাকে অভিযানে যুক্ত করেছে। উচ্চ-ঝুঁকিপূর্ণ ঘটনার ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা-সম্পন্ন সরঞ্জাম ব্যবহার করা হচ্ছে। অবৈধ অভিবাসীদের দ্রুত তাঁদের দেশে ফেরত পাঠাতে এবং মানবপাচার নেটওয়ার্ক ভেঙে দিতে এই অভিযান চালানো হচ্ছে।

টেক্সাসে বোমা হামলার হুমকির অভিযোগে আফগান নাগরিক গ্রেপ্তার

শেষ পৃষ্ঠায় পর

ডিএইচএস সহকারী সচিব ট্রিশা ম্যাকলফলিন শনিবার এক সামাজিক মাধ্যম পোস্টে জানান, মোহাম্মদ দাউদ আলোকোজাইকে গত মঙ্গলবার গ্রেপ্তার করা হয়।

আদালতের নথি অনুযায়ী, আলোকোজাইয়ের বিরুদ্ধে রাষ্ট্রীয় সন্ত্রাসী হুমকির অভিযোগ আনা হয়েছে এবং তাকে টেক্সাসের ট্যারান্ট কাউন্টি সংশোধনাগারে আটক রাখা হয়েছে।

এই গ্রেপ্তারের ঘটনা ঘটে আরেক আফগান নাগরিক রহমানুল্লাহ লাখানওয়াল-এর বিরুদ্ধে ওয়াশিংটন ডিসিতে দুই ন্যাশনাল গার্ড সদস্যকে গুলি করার অভিযোগ ওঠার মাত্র এক দিন আগে। ওই হামলায় সেনা সদস্য সারা বেকস্ট্রম মারা যান এবং লাখানওয়াল এখন প্রথম-ডিগ্রি হত্যার অভিযোগের মুখোমুখি।

ম্যাকলফলিন জানান, আলোকোজাই টিকটকে নিজের একটি ভিডিও পোস্ট করেছিলেন, যেখানে তিনি বলেন যে তিনি একটি বোমা তৈরি করছেন এবং ফোর্ট ওর্থ এলাকাকে লক্ষ্য করছেন।

টেক্সাস ডিপার্টমেন্ট অব পাবলিক সেফটি ও এফবিআই'র যৌথ সন্ত্রাসবিরোধী টাস্কফোর্স তাকে গ্রেপ্তার করে এবং "টেররিস্টিক থ্রেটস" বা সন্ত্রাসী হুমকির অভিযোগে চার্জ আনে।

আলোকোজাইয়ের আইনজীবীর বিষয়ে কোনো তথ্য তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ডিএইচএস জানিয়েছে, ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট তার বিরুদ্ধে একটি ডিটেনার জারি করেছে।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বৈধকরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেতনিং কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নুনতম বিনিয়োগে যাহাতে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

তাহাড়া ১ মিলিয়ন বা নুনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

ইচ্ছামতে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে অন্যত্রে সাথে পাঠাতে পারেন।

দেশে কোন জোপার্জিত সম্পত্তি/পরিবারের জন্য আপনি ও আপনার পরিবার ৫ বছরের সুবিধা নিয়ে পড়েন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাজাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন ষ্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এষ্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member : naea

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

লুটপাট সিন্ডিকেটের মরন কামড়: প্রফেসর সাহেব কি পিছু হঠবেন!

শেষ পৃষ্ঠায় পর অপসারনের উদ্যোগ নিয়েছেন। বন্দর ব্যবস্থাপনার দায়িত্বে বিদেশী সংস্থা নিয়োজিত করে প্রফেসর সাহেব দেশের ইতিহাসে নিঃসন্দেহে একজন বড় মাপের সংস্কারক হিসেবে নাম লেখালেন। এ জন্য তাকে ধন্যবাদ।

